দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 37 ■ 14th September 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- বাঁকুড়া পুরসভায় ৭৫ মজদুর, পিওন, ক্যাশিয়ার
- ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায় কয়েকশো সাব-ইন্সপেক্টর
- ১১৮ নার্স ও কেন্দ্রীয় সংস্থায় ১৪৫ অ্যাপ্রেন্টিস
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

# স্থলবাহিনীর স্কুলে ৮ হাজার শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচ্ছে

**গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের**

সারা ভারতের ১৩৭টি আর্মি পাব্লিক স্কুলে ‘ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার’, ‘পোস্ট-গ্র্যাজুয়েট টিচার’ ও ‘প্রাইমারি টিচার’ পদে প্রায় ৮,০০০ ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, হিন্দি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বায়োটেকনোলজি, সাইকোলজি, কমার্স, কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেটিক্স, হোম সায়েন্স ও ফিজিক্যাল এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, হিন্দি, ইতিহাস, ভূগোল, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, কম্পিউটার, ফিজিক্যাল এডুকেশন।

কারা কোন পদের জন্য যোগ্য:

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ইংলিশ) :

☞ এরপর ৪ পাতায়

## বহরমপুর স্টেডিয়ামে র‍্যালি ৪ থেকে ১১ নভেম্বর

# আর্মিতে কয়েকশো চাকরি

**ক্লাস এইট পাশ থেকে গ্র্যাজুয়েট**

নিজস্ব প্রতিনিধি : ভারতীয় স্থলবাহিনীর বহরমপুর ব্রাঞ্চ রিক্রুটিং অফিসের ডিরেক্টর রিক্রুটিং অফিসার ‘কর্মসংস্থান’কে জানান, পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান ও নদিয়া জেলার প্রার্থীদের থেকে বিভিন্ন পদে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে কয়েকশো অবিবাহিত ছেলে নেওয়া হচ্ছে।

ওই সব পদের সরাসরি র‍্যালি হবে ৪ থেকে ১১ নভেম্বর পর্যন্ত। এই ঠিকানায় : বহরমপুর স্টেডিয়াম, বহরমপুর। এজন্য প্রথমে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন করার পর অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে ওপরের ওই ওয়েবসাইট থেকে। র‍্যালি শুরু হওয়ার এক সপ্তাহ আগে থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে। ওই অ্যাডমিট কার্ড নিয়ে সরাসরি র‍্যালিতে অংশ নিতে পারবেন। কারা কোন পদের জন্য যোগ্য :

☞ এরপর ৭ পাতায়

# রেলে ১১৮ মাল্টিটাস্কিং স্টাফ

উত্তর রেল ‘মাল্টি টাস্কিং স্টাফ’ পদে ১১৮ জন লোক নিচ্ছে। নেওয়া হবে ক্যাটেরিং ইউনিট - সার্ভিস সাইড ও ক্যাটেরিং ইউনিট -কুকিং সাইডে। ক্যাটেরিং ইউনিট -সার্ভিস সাইডে

☞ এরপর ৬ পাতায়

## পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে

# কলেজে সহ-অধ্যাপক পদের ‘সেট’এর দরখাস্ত নেওয়া হচ্ছে

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলকাতা-সহ অন্যান্য বিশ্ববিদ্যালয় ও ওইসব বিশ্ববিদ্যালয়ের অধীন বেসরকারি কলেজগুলির ‘অ্যাসিস্ট্যান্ট প্রফেসর’ ও ‘লাইব্রেরিয়ান’ পদে চাকরির জন্য ‘সেট (স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট) বা, SET’ পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এবার ‘সেট’ পরীক্ষা নেওয়া হবে এইসব বিষয়ের ‘অ্যাসিস্ট্যান্ট প্রফেসর’ পদের জন্য (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : ইংরিজি (০১), বাংলা (০২), সংস্কৃত (০৩), হিন্দি (০৪), উর্দু (০৫), কমার্স (০৬), অর্থনীতি

☞ এরপর ১৩ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ৩ হাজার কর্মী

কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড স্কিল্ড ম্যানপাওয়ার ও আন-স্কিল্ড ম্যানপাওয়ার পদে ৩,০০০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**স্কিল্ড ম্যানপাওয়ার :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল বা, ওয়্যারম্যান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। তবে সব ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল সেফটির প্রসেস ওভারহেড সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। ইংরিজি ও হিন্দিতে লিখতে ও পড়তে পারা দরকার। বয়স হতে হবে ১৮

☞ এরপর ২ পাতায়

# স্টেট ব্যাঙ্কে ২৫২ অফিসার

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ডেভেলপার, সিস্টেম /সার্ভার অ্যাডমিনিস্ট্রেটর, ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটর, ক্লাউড অ্যাডমিনিস্ট্রেটর, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে ২৫২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

☞ এরপর ৬ পাতায়

# কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনো

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য ‘স্টেনোগ্রাফার গ্রেড-সি’ ও ‘স্টেনোগ্রাফার গ্রেড-ডি’ পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

☞ এরপর ২ পাতায়

## দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডের মাধ্যমে

# ৯৮২ প্রাইমারি টিচার, জুনিয়র ইঞ্জিনিয়ার

দিল্লি সরকারের অধীন সংস্থা দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড অ্যাসিস্ট্যান্ট টিচার (নার্সারি), অ্যাসিস্ট্যান্ট টিচার (প্রাইমারি) ও জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) পদে ৯৮২ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য আবেদনের যোগ্য :

পোস্ট কোড 15/19 : অ্যাসিস্ট্যান্ট টিচার (প্রাইমারি) : নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য — (ক) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ

☞ এরপর ২ পাতায়

## পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# রাজ্যে ৩৩,৬৮৭ শূন্যপদের বিজ্ঞপ্তি শিগগিরই বেরোচ্ছে

পশ্চিমবঙ্গ অর্থ দফতর ২৯ আগস্ট এক বিজ্ঞপ্তিতে (No. 4898-F-P2) জানান, রাজ্যে গ্রুপ-এ, গ্রুপ-বি, গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে প্রায় ৩৩,৬৮৭ টি শূন্যপদে লোক নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে প্রায় ২২,৮৫০টি শূন্যপদে লোক নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে।

২০১২ সালে পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশন (এস.এস.সি.) আইন তৈরি হয়। ২০১৩ সালে অর্থ দফতর গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে নিয়োগের জন্য দায়িত্ব দেয় স্টাফ সিলেকশন কমিশনকে। কয়েক বছর কাজ করার পর

☞ এরপর ৯ পাতায়


# রাজ্যজুড়ে ৮০০ ফার্মাসি ও প্যারামেডিক্যালের কর্মমুখী কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু

বিশেষ প্রতিবেদন : “ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স” — কোলকাতায় স্বল্প মেয়াদী ও চাকুরিমুখী কয়েকটি প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি শুরু হয়েছে।

- প্রোফেশনাল কোর্স : (১) D.Pharm (ডিপ্লোমা ইন ফার্মাসি) — ২ বছরের ডিপ্লোমা কোর্স যা “ফার্মাসি কাউন্সিল অফ ইন্ডিয়া” ও গভঃ স্বীকৃত এবং যার দ্বারা ওষুধের দোকান খোলবার সুযোগসহ সরকারি-রাজ্য ও কেন্দ্রীয় সরকার অধীনস্থ চাকরির অফুরন্ত সুযোগ। যোগ্যতা : সায়েন্স শাখায় H.S পাশ। (২) DMLT (ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান) — ২ বছরের ডিপ্লোমা কোর্স : যোগ্যতা- ন্যূনতম H.S পাশ।

এছাড়াও (৩) DOTT (ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি), (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি, (৫) ডিপ্লোমা ইন স্যানিটারী হেল্থ ইন্সপেক্টার। যোগ্যতা- যেকোনো শাখায় H.S পাশ ছেলে ও মেয়েরা আবেদনযোগ্য।

- কোর্সগুলি চাকরিমুখী ও সরকারি ও বেসরকারিতে মান্যতাপ্রাপ্ত।
- শিক্ষান্তে ক্যাম্পাসিং এর সহায়তা।

*বিস্তারিত জানতে যোগাযোগ করুন :*

ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(Govt. Regd. ISO 9001 : 2015 Certified)
কোলকাতা (41P, Palm Avenue, Kolkata- 700019) : 033-22870873, 9836442992, 8145960410;
বারাসাত (হসপিটাল 2nd গেটের পাশে) : 8972046553;
বর্ধমান (G.T Road / বর্ধমান জংশনের কাছে) : 8016465053;
বহরমপুর (মেডিকেল কলেজ রোডের বিপরীতে) : 8334913191;
শিলিগুড়ি (প্যাটেল রোড) : 8167033305.



# নিজের স্কুল শুরু করে হোক সফল কেরিয়ার গড়ার প্রস্তুতি

**নিজস্ব প্রতিবেদন :** বর্তমানে ভারতের অর্থনৈতিক GDP রেট সহ অটোমোবাইল সেক্টর থেকে নির্মাণ শিল্পের মন্দ অবস্থার মধ্যেও খাদ্য শিল্পের পর শিক্ষাক্ষেত্রে ক্রমবর্ধমান উন্নতির আশা সর্বাধিক ও সমুজ্জ্বল। তাই শিক্ষিত বেকার ছেলেমেয়েরা / সকল ব্যবসায়ীরা বা উদ্যোগপতি হওয়ার আকাঙ্ক্ষী ব্যক্তিরা নামী ইংলিশ মিডিয়াম স্কুলের অধীনস্থ প্রি-স্কুলের ফ্র্যাঞ্চাইজিস নিয়ে নিজেই ‘স্কুল করে’ সম্মানজনক পরিষেবার মাধ্যমে জীবনে সুপ্রতিষ্ঠিত হোন। ফ্র্যাঞ্চাইজিস দেওয়া হচ্ছে পশ্চিমবঙ্গের সমগ্র জেলা ও শহরে।

*আরও বিস্তারিত জানতে যোগাযোগ করুন :*
Eastern Region Corporate Office :
37A Broad Street, Kolkata- 700019
033-40661266 / 8972045952
Visit us: www.angeldayschool.co.in





# শেষ সুযোগ GNM ও B.Sc. নার্সিং এ ভর্তির

যোগাযোগ করুন : NINPS
(Govt. Regd. 9001:2015 certified)
কোলকাতা : 033-4066 1266, 9830687078, 9836442992, 8145960410; বারাসাত : 8972046553; বহরমপুর : 8334913191; বর্ধমান : 8016465053; শিলিগুড়ি : 9547338471.

বিজ্ঞাপন


Scanned by CamScanner

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

**স্কুল-কলেজ-শিক্ষা**

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555. LG

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
নার্সিং (ANM), প্যাথোলজি (DMLT), ফিজিওথেরাপি (DPT), X-RAY/E.C.G কোর্সে ভর্তি চলছে। ফর্ম (150/-). সুনিশ্চিত ভবিষ্যত গড়তে আজই আসুন ২১ বৎসরের বিশ্বস্থ প্রতিষ্ঠান MRIT, শ্রীরামপুর 9231839309. R

**SI CLASSES - এর**
WBCS কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন — WWW.SICLASSES.COM MS

**কর্মখালি**

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073. SA (A)

**জাহাজে চাকরি**
পশ্চিমবঙ্গ-সহ ভারতবর্ষের বিভিন্ন বন্দর থেকে সরকারি নিয়ম অনুযায়ী জাহাজে 231টি শূন্যপদে মেডিক্যাল ফিট পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন। শিক্ষাগত যোগ্যতা-দশম-উচ্চশিক্ষিত। বয়স -১৮-৩৫। M- 7478696188 www.seafarerssuppliersandservices.com SA (A)

**পুজোর ভ্যাকান্সি-মেট্রো, এয়ারপোর্ট ও ব্যাঙ্কে চাকরি**
Govt. Regd. L/C. 7334
প্রমাণপত্র-সহ পার্মানেন্ট চাকরির সুযোগ। ৮ম - স্নাতক। বেতন - 15000 – 38500. বিনা ডোনে 5 থেকে 7 দিনের মধ্যে জয়েনিং। সাথে থাকা-খাওয়া, বোনাস, OT, PF এবং যাতায়াত খরচ কোম্পানির। শীঘ্রই যোগাযোগ- M - 7479152015. SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**স্কুল-কলেজ-শিক্ষা**

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 600PM. চন্দ্র স্যার-9903500682 R

অতি সস্তায় আন্তর্জাতিক মানের Chef এবং কুকের course করে গড়ুন সুনিশ্চিত কেরিয়ার, চাকরি বা ব্যবসা। SCCI- 6291005162. SH (S)

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, প্যাথলজি, X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC - 8697893849, 32, Surya Sen St. Kol - 9 CM

**নার্সিং & ফার্মাসিস্ট**
GNM, B.Sc নার্সিং, ANM, B.Pharma, D.Pharma, LLB, (Last Chance) B.Ed, M.Ed, D.El.Ed, B.P.Ed, M.P.Ed. উঃ 24 Pgs.-8981214707, H.O - 8420657379 (IEC). D

**HALDAR ACADEMY**
ISO 9001 : 2015 Certified
LLB - West Bengal
No Age Limit
B.Ed. - অন্ধ্র প্রদেশ
SC/ST/OBC-40% & Gen. 50% marks
B.P.Ed. - পশ্চিমবঙ্গ
B.Ed., D.El.Ed - W.B
BA, MA, B.Sc, M.Sc, B.Com, M.Com, MP, HS
B.Sc-Agriculture, M.Sc-Physics, Chemistry, Mathematics, Nutrition
9007313724
8348041398

**কর্মখালি**

**ফোন করলেই চাকরি**
Govt. Reg. L. No.-43162
M - 7479267966
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে এগ্রিমেন্ট পেপার-সহ সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা - নামসই - স্নাতক। বেতন (10700 – 28500)। OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। SA (A)

**URGENT VACANCY**
বিনা ডোনেশনে গ্যারান্টি-সহ কাজ
Govt. Regd. No.-55270
উঃ বঙ্গ-সহ পঃ বঙ্গের সমস্ত জেলায় BANK (DSA)-তে এবং মেট্রোরেল ও Airport-এ লোক নিয়োগ চলছে। যোগ্যতা - নামসই - স্নাতক। বেতন (9500 –32500)। OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা-খাওয়া ফ্রী। M - 7479269512. SA (A)

**স্কুল-কলেজ-শিক্ষা**

**Nursing & Pharma**
GNM -2.4L, B.Sc - 3.6L, B.Pharma-3.8L, D.Pharma-1.4L, ANM-80K. (শেষ সুযোগ) Cont. - 9836673609. SRU D

**চুঁচুড়া ও কলেজস্ট্রীট**
মাসিক মাহিনায় কোচিং। CGL, RL, WBCS, BANK, COMB. শাখা : নৈহাটি, মগড়া (হুগলি)। Ph. -8017947874, 8348766028 SH

**WBCS, PSC, কম্বাইন্ড**
হাতে ধরে শেখানো হয়। All Subject. ICE বালিগঞ্জ, New Admission - 9804412898. R

**Vision Institute**
B.Ed & M.Ed.
Ph.D, LLB, Pharmacy
Engg. & Management
GNM, B.Sc নার্সিং
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা —
7603004974, 7603004973/1

**B.Ed/M.Ed-4000/-PM**
বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ থেকে 100%, ফ্রী বই, রবিবার ক্লাস, SC / ST দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol - 30. 9073386333, 9073386337. SA

**কর্মখালি**

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 14300/- – 42700. বয়স : 18 – 35. Ex. আর্মির বিশেষ সুযোগ। M - 9851453605. SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপার-সহ ব্যাঙ্ক DSA ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18600/- – 45800/-. M – 7551841713. SA (A)

**এয়ারপোর্ট ও মেট্রোতে**
পার্মানেন্ট জব সরকারি নিয়ম অনুযায়ী Airport ও মেট্রোতে বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম - স্নাতক। বেতন - 16850/- – 49400/-. PF, ESI, OT- সহ থাকা-খাওয়া ফ্রী। Mob - 7407036725. SA (A)

**স্কুল-কলেজ-শিক্ষা**

মাত্র ৭ মাসে ইন্টিরিয়র ও গ্রাফিক্স ডিজাইন শিখুন সবচেয়ে কম খরচে এবং কাজের সুযোগ নিন। চুঁচুড়া হুগলী। Mob : 7980247585. N

**FUTURE GUIDE LINE**
GNM W.B Few Seat Left | B.Sc. (N) Bangalore বাঙালী খাবার
D.Pharmacy - 1 Lakh
B.Ed. - W.B - 75K
B.Ed. - A.P (50K)
• SC / ST / OBC - 40%
• Monthly installment - 4,000/-
Cont. 7278890732
9836302957

**নার্সিং ভর্তি !!!**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296. SH

Ph.D, GNM, B.Sc. নার্সিং, B.Ed., M.Ed., D.El.Ed., LLB, D.Pharm, B.Pharm, Engg & Management, B.P.Ed., M.P.Ed. এছাড়া যেকোন কোর্স রেগুলার/ডিস্টেন্সে আছে। BIHM বোলপুর : 7001731491, রামপুরহাট : 9641862556, মালদা : 9641350551, কোলকাতা : 7003927247. UM

**কর্মখালি**

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 109 জন M/F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788 SA (A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616. SA (A)

## বিশেষ বিজ্ঞপ্তি

কোনো বিশ্ববিদ্যালয় / পর্ষদ / সংসদ অনুমোদিত কোনো 'পাঠ কেন্দ্র' (Study Centre) '**কর্মসংস্থান**' পত্রিকায় বিজ্ঞাপন দিতে চাইলে, ওই বিশ্ববিদ্যালয় / পর্ষদ / সংসদ সরকারি কোন সংস্থার কাছ থেকে কী কী শর্তে কীভাবে অনুমোদন পেয়েছে, তার কার্যকলাপ চালানোর এলাকা-সহ যাবতীয় সরকারি প্রমাণপত্রের আর ওই বিশ্ববিদ্যালয় / পর্ষদ / সংসদ থেকে পাওয়া 'পাঠ কেন্দ্র' গড়ার অনুমোদন পত্রের যথাযথ নকল জমা দিতে হবে। 'পাঠ কেন্দ্রে'র প্রতিষ্ঠান যে ঠিকানায় ওই 'পাঠ কেন্দ্র' গড়ার অনুমোদন পেয়েছেন, বিজ্ঞাপনে শুধুমাত্র সেই ঠিকানা দিতে পারবেন। অনুমোদন / অনুমতি পত্রে যথেচ্ছ শাখা খোলার অনুমতি না দেওয়া থাকলে অন্য কোনো ঠিকানা ওই 'পাঠ কেন্দ্রে'র শাখা হিসাবে বিজ্ঞাপনে ব্যবহার করা যাবে না। ছাত্র-ছাত্রীদের কাছে বিজ্ঞাপনদাতা প্রতিষ্ঠানগুলির গ্রহণযোগ্যতা আরো বাড়াতে আর বিজ্ঞাপনদাতাদের সম্মান ও গুরুত্ব বাড়াতে এই ব্যবস্থা।

— কর্তৃপক্ষ, **কর্মসংস্থান**

## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## ৯৮২ প্রাইমারি টিচার

১ পাতার পর

ছেলেমেয়েরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(খ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ব্যাচেলর অফ এলিমেন্টারি এডুকেশন (বি.এল.এড.)'এর ৪ বছরের কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। (গ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (আর.সি.আই.) স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। (ঘ) যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

মাধ্যমিক স্তরে ইংরিজি বা, হিন্দি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। সি.বি.এস.ই.'র 'সি-টেট'এ সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪ ২০০। টাকা। শূন্যপদ : ৬৩৭টি (জেনাঃ ৩৩২, ও.বি.সি. ১১৯, তঃজাঃ ১১৫, তঃউঃজাঃ ৩৫, ই.ডব্লু.এস. ৩৬)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ২৯। চাকরি হবে এডুকেশন বিভাগে।

**পোস্ট কোড 16/19: অ্যাসিস্ট্যান্ট টিচার (নার্সারি)** : কোনো স্বীকৃত পর্ষদ বা, ইনস্টিটিউট থেকে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ২ বছরের নার্সারি টিচার এডুকেশন বা, বি.এড. (নার্সারি) সার্টিফিকেট / ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। মাধ্যমিক স্তরে হিন্দি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ১৪১টি (জেনাঃ ৭৭, ও.বি.সি. ২৬, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ১০, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। চাকরি হবে এডুকেশন বিভাগে।

**পোস্ট কোড 17/19: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সিভিল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত বিষয় যেমন, প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্স সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ২০৪টি (জেনাঃ ৫৫, ও.বি.সি. ৬৩, তঃজাঃ ৩৯, তঃউঃজাঃ ২৭, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে অস্থিসংক্রান্তপ্রতিবন্ধী ৪)। চাকরি হবে দিল্লি জাল বোর্ডে।

সব পদের বেলায় ন্যূনতম বয়স হতে হবে ১৮ বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : 03/19.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি টায়ারে। কোন পেপারে কী কী বিষয় থাকবে তা জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.dsssb.delhigovt.nic.in সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.nic.in, www://dsssb.delhigovt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা এস.বি.আই.-ই-পে'তে জমা দেবেন। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কেন্দ্রীয় সংস্থায় ৩ হাজার কর্মী

১ পাতার পর

থেকে ৪৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৯,৩৮১.০৬ টাকা। শূন্যপদ : ১,৫০০টি।

**আন-স্কিল্ড ম্যানপাওয়ার** : ক্লাস এইট পাশরা যোগ্য। ইলেক্ট্রিক্যাল সংক্রান্ত বিষয়ের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৭,৬১৩.৪২ টাকা। শূন্যপদ : ১,৫০০টি। চাকরি হবে উত্তর প্রদেশে। এই পদের বিজ্ঞপ্তি নং : BECIL/CONTRACT JOB/PVVNL/Advt. 2019/03.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর ইন্টারভিউ হবে। সাক্ষাৎকার, সার্টিফিকেট ভেরিফিকেশন ইত্যাদি হবে ২০ সেপ্টেম্বরের মধ্যে। জয়েনিং হবে ১ অক্টোবর থেকে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.beciljobs.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২৫০) টাকা NEFT / RTGS করতে হবে এইশিরোনামে : BROADCAST ENGINEERING CONSULTANTS INDIA LIMITED, Name of the Bank : Corporation Bank, Ac No. 510341000702746. IFSC : CORP0000371, Branch Address: Corporation Bank, CGO Complex, Lodhi Road, New Delhi-110003. আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এবছর আগস্টে এই পদে যাঁরা দরখাস্ত করেছেন, তাঁরা আর আবেদন করবেন না।

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনো

১ পাতার পর

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পরিশ্রমের কাজে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে। চাকরি হবে গ্রুপ-বি নন-গেজেটেড অফিসার পদে। মূল মাইনে গ্রুপ-সি পদের বেলায় ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা (প্রি-রিভাইজড)। গ্রুপ-ডি পদের বেলায় ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৮০০ টাকা (প্রি-রিভাইজড)। শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০১৯ সালের স্টেনোগ্রাফার্স (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে হবে কম্পিউটার বেসড পরীক্ষা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in আরো বিস্তারিত তথ্য আগামী সংখ্যায় দেওয়া হবে।

Scanned by CamScanner

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ নুরুল ইসলাম।

1. 'দ্য হিন্দু' পত্রিকা প্রথম কত সালে প্রকাশিত হয়?
(a) 1875 (b) 1878 (c) 1898 (d) 1928

2. 'Operation Castor' কী?
(a) শ্রীলঙ্কায় সুনামিতে ভারতীয় সেনার সহায়তা দেওয়া (b) মুম্বইয়ে সন্ত্রাসবাদী হামলায় ভারতীয় সেনা অভিযান (c) মলদ্বীপে সুনামিতে ভারতীয় সেনার সাহায্য দেওয়া (d) একটি সামরিক মহড়া

3. 'UNESCO' কত সালে 'তাজমহল'কে 'বিশ্ব ঐতিহ্য'এর তকমা দেয়?
(a) 1987 (b) 1983 (c) 1999 (d) 2001

4. 'বিশ্ব ফটোগ্রাফি দিবস' কবে পালিত হয়?
(a) 18 আগস্ট (b) 21 আগস্ট (c) 19 আগস্ট (d) 20 আগস্ট

5. কোন সড়কপথ দিল্লি-মুম্বইকে যুক্ত করেছে?
(a) NH-8 (b) NH-7 (c) NH-6 (d) NH-9

6. 'MRI'এর পুরো কথাটি কী?
(a) Medical Report Investigation (b) Magnetic Report Investigation (c) Micro Resononece Imagine (d) Magnetic Resonance Imaging

7. 'The Free Voice' বইটির লেখক কে?
(a) রাজদ্বীপ সরদেশাই (b) রভীশ কুমার (c) রাহুল কুন্নাল (d) প্রণয় রায়

8. 'পাখি সব করে রব, রাতি পোহাইলো' কবিতাটি কার লেখা?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) মদন মোহন তর্কালঙ্কার (d) সুকুমার রায়

9. '371-A' ধারায় ভারতের কোন রাজ্যের বিশেষ সুবিধার কথা বলা আছে?
(a) হিমাচল প্রদেশ (b) নাগাল্যান্ড (c) মিজোরাম (d) অরুণাচল প্রদেশ

10. 2019 সালে 'ডুরান্ড কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হয়েছে?
(a) ইস্টবেঙ্গল (b) মোহনবাগান (c) এফসি গোয়া (d) গোকুলাম কেরল

11. কমলিকা বারি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেনিস (b) তিরন্দাজি (c) কুস্তি (d) ব্যাডমিন্টন

12. 'ট্রপিক্যাল ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট'এর সদর দফতর ভারতের কোন শহরে আছে?
(a) দেরাদুন (b) কানপুর (c) সিমলা (d) জব্বলপুর

13. আব্দুল্লা হামদোক কোন দেশের প্রধানমন্ত্রী?
(a) ফিলিপিন্স (b) ঘানা (c) সুদান (d) উগান্ডা

14. 'মিনাক্ষী আম্মান' মন্দির ভারতের কোন রাজ্যে আছে?
(a) কেরালা (b) তামিলনাড়ু (c) কর্ণাটক (d) আন্ধ্রা প্রদেশ

15. পশ্চিমবঙ্গের রাজ্যপাল এখন কে?
(a) কেশরীনাথ ত্রিপাঠী (b) জগদীপ ধানকর (c) রাম নায়েক (d) রমেশ বায়াম

16. 'স্ট্যানলি কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গল্ফ (b) ব্যাডমিন্টন (c) টেনিস (d) আইস হকি

17. খ্রিস্টান ধর্মপ্রচারক সেন্ট থমাস কোন রাজবংশের সময় ভারতে এসেছিলেন?
(a) চোল (b) পার্থিয় বংশ (c) পাণ্ড্য (d) পুষ্যভূতি

18. কোন যুদ্ধের ফলস্বরূপ 'এলাহবাদ চুক্তি' স্বাক্ষরিত হয়?
(a) বন্দিবাসের যুদ্ধ (b) পলাশীর যুদ্ধ (c) বক্সার যুদ্ধ (d) বিদেরার যুদ্ধ

19. 'দিল্লি ষড়যন্ত্র মামলা'র প্রধান অভিযুক্ত কে?
(a) ভগৎ সিং (b) রাসবিহারী বসু (c) যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (d) অরবিন্দ ঘোষ

20. 'মাটিগারা' কীজন্য বিখ্যাত?
(a) সিঙ্কোনা চাষ (b) চা শিল্প (c) নিউজপ্রিন্ট (d) ডেয়ারি

21. 'মাদাগাস্কার দ্বীপ' কোন মহাসাগরে অবস্থিত?
(a) প্রশান্ত (b) ভারত (c) আতলান্তিক (d) দক্ষিণ চিন সাগর

22. 'কেইবুল লামজাও জাতীয় উদ্যান' ভারতের কোন রাজ্যে আছে?
(a) মেঘালয় (b) মণিপুর (c) মিজোরাম (d) নাগাল্যান্ড

23. 'রানী-কি-ভাব' ভারতের কোন রাজ্যে আছে?
(a) রাজস্থান (b) মধ্য প্রদেশ (c) গুজরাত (d) মহারাষ্ট্র

24. 'অ্যাডামস অ্যাপেল' নীচের কোনটিকে বলে?
(a) ল্যারিংস (b) ভোকাল কর্ডস (c) ভিল্লি (d) থাইরয়েড

25. 'এডস' রোগে কোন রক্তকণিকা আক্রান্ত হয়?
(a) মনোসাইট (b) লিম্ফোসাইট (c) নিউট্রোফিল (d) বেসোফিল

26. 'Yellow Cake' বলে কোন যৌগ বোঝানো হয়?
(a) ইউরেনিয়াম অক্সাইড (b) অশুদ্ধ সোনা (c) RDX (d) TNT

27. 'বটল ওপনার' কোন শ্রেণির লিভার?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) কোনোটি নয়

28. 'Changing Indis' বইটি কার লেখা?
(a) শশী থারুর (b) অমর্ত্য সেন (c) ড. মনমোহন সিং (d) রঘুরাম রাজন

29. লাভা অবস্থায় যৌন জনন সম্পন্ন হওয়ার ঘটনাকে কী বলে?
(a) পার্থেনোজেনেসিস (b) জাইগোস্পোর (c) পিডোজেনেসিস (d) ওজেনেসিস

30. কোশ বিভাজনের কোন দশায় DNA সংশ্লেষ হয়?
(a) ইন্টারফেজ (b) অ্যানাফেজ (c) প্রোফেজ (d) টেলোফেজ

31. নীচের কোনটি পিরিমিডিন বেস নয়?
(a) থাইমিন (b) গুয়ানিন (c) ইউরাসিল (d) সাইটোসিন

32. 2022 সালে 'কমনওয়েলথ গেমস' বিশ্বের কোন শহরে অনুষ্ঠিত হবে?
(a) বার্মিংহাম (b) বেজিং (c) ব্রাসেলস (d) বার্লিন

33. সম্প্রতি আবিষ্কৃত 'কাজিন সারা' লেক কোন দেশে আছে?
(a) বাংলাদেশ (b) ভুটান (c) নেপাল (d) ভারত

34. 'Imperfect' আত্মজীবনীটি কার?
(a) সঞ্জয় বান্দার (b) সঞ্জয় মঞ্জরেকর (c) অজয় জাদেজা (d) মহম্মদ কাইফ

35. 'প্রবাসী ভারতীয় দিবস' কবে পালিত হয়?
(a) 7 জানুয়ারি (b) 8 জানুয়ারি (c) 9 জানুয়ারি (d) 10 জানুয়ারি

36. কোন স্টেশনে ভারতের প্রথম 'স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন' চালু হয়?
(a) ভোপাল (b) মোগলসরাই (c) সেকেন্দ্রাবাদ (d) জামনগর

37. 2019 সালে 'রঞ্জি ট্রফি'তে কোন দল চ্যাম্পিয়ন হয়েছে?
(a) গুজরাত (b) বিদর্ভ (c) মুম্বই (d) দিল্লি

38. কোন দেশ সম্প্রতি একই কাজের জন্য নারী ও পুরুষদের সমান মাইনে দেওয়ার সিদ্ধান্ত কার্যকরী করেছে?
(a) ফ্রান্স (b) আইসল্যান্ড (c) নরওয়ে (d) চিলি

39. ভারতের সংবিধান প্রস্তাবনা কতবার সংশোধন করা হয়?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

40. 'ওপন মার্কেট অপারেশন' কথাটি কীসের সঙ্গে যুক্ত?
(a) ফিসক্যাল পলিসি (b) মনিটারি পলিসি (c) পরিকাঠামো নীতি (d) আমদানি রফতানি নীতি

41. ভারতীয় সংবিধানে কার ইমপিচমেন্টের কোনো ব্যবস্থা নেই?
(a) রাষ্ট্রপতি (b) রাজ্যপাল (c) প্রধান বিচারপতি (d) উপরাষ্ট্রপতি

42. কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ভারতে প্রথম ইন্টারনেট ব্যাঙ্কিং চালু করে?
(a) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (b) পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (c) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স

43. নীচের কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলির মধ্যে কোনটিতে কৃষিক্ষেত্রে সর্বাধিক বৃদ্ধি হয়?
(a) ষষ্ঠ (b) সপ্তম (c) অষ্টম (d) নবম

44. 'পরমধাম আশ্রম' কে প্রতিষ্ঠা করেন?
(a) জ্যোতিবা ফুলে (b) গোবিন্দ রানাডে (c) মোহনদাস করমচাঁদ গান্ধী (d) আচার্য বিনোবা ভাবে

45. লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক কত সালে 'মহলওয়াড়ি বন্দোবস্ত' প্রবর্তন করেন?
(a) 1830 (b) 1833 (c) 1836 (d) 1837

46. 'অক্সিডেশন' কী?
(a) ইলেক্ট্রনের হ্রাস (b) ইলেক্ট্রনের বৃদ্ধি (c) প্রোটনের বৃদ্ধি (d) প্রোটনের হ্রাস

47. 'ব্রাহ্মস সুপারসনিক ক্রুইজ মিসাইল'এর পাল্লা কত কিলোমিটার?
(a) 290 (b) 300 (c) 3,500 (d) 5,000

48. 'ওরবা' কীসের জন্য বিখ্যাত?
(a) পাখিরালয় (b) তৈল শোধন কেন্দ্র (c) অ্যালুমিনিয়াম (d) তাপবিদ্যুৎ কেন্দ্র

49. নারকেলের যে অংশটি আমরা খাই, সেটি হল —
(a) ভ্রূণ (b) বীজপত্র (c) শস্য (d) ফলের ত্বক

50. ভারতীয় সংবিধান অনুযায়ী, বন্দরগুলি কোন তালিকার অন্তর্ভুক্ত?
(a) কেন্দ্রীয় তালিকা (b) রাজ্য তালিকা (c) যুগ্ম তালিকা (d) মুখ্য বন্দরগুলি কেন্দ্রীয় তালিকার ও বাকিগুলি যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত

51. 'UPI' এর মুখ্য নিয়ামক সংস্থা কোনটি?
(a) ইউনিট ট্রাস্ট অফ ইন্ডিয়া (b) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া (d) ন্যাশনাল ইনস্টিটিউট অফ সিকিউরিটি মার্কেট

52. নীচের কোন স্থান থেকে ষাঁড় খোদিত সীল পাওয়া গেছে?
(a) হরপ্পা (b) লোথাল (c) মহেঞ্জোদারো (d) কালিবঙ্গান

53. গৌতম বুদ্ধ কোন স্থানে দেহত্যাগ করেন?
(a) রাজগীর (b) বোধগয়া (c) সারনাথ (d) কুশীনগর

54. কোন মোগল শাসক সবথেকে বেশি হিন্দু কর্মচারী নিযুক্ত করেছিল?
(a) হুমায়ুন (b) আকবর (c) শাহজাহান (d) ঔরঙ্গজেব

55. আলিগড় কলেজের প্রথম অধ্যক্ষ কে ছিলেন?
(a) উইলিয়াম কেলভিল (b) থিওডোর বেক (c) ড্রিঙ্কওয়াটার বেথুন (d) কোনোটি নয়

56. 'ডিজেল লোকোমোটিভ' ভারতের কোন শহরে আছে?
(a) চিত্তরঞ্জন (b) পেরাম্বুর (c) কাপুরথালা (d) বারাণসী

57. নীচের কাকে 'ফাদার অফ ইমিউনোলজি' বলে?
(a) লুই পাস্তুর (b) এডওয়ার্ড জেনার (c) আলেকজান্ডার ফ্লেমিং (d) উইলিয়াম হার্ভে

58. 'Social Harmony' বইটি কার লেখা?
(a) অমিতাভ ঘোষ (b) অরুণ জেটলি (c) নরেন্দ্র মোদী (d) নীতিন গাডকরি

59. 'ইন্ডিয়ান সল্টপিটার' রাসায়নিকভাবে কী নামে পরিচিত?
(a) $AgNO_3$ (b) $NaNO_3$ (c) $KNO_3$ (d) $MgNO_3$

60. 'বিশ্ব বেতার দিবস' কোনদিন পালন করা হয়?
(a) ১৩ মার্চ (b) ১৩ ফেব্রুয়ারি (c) ২৩ ফেব্রুয়ারি (d) ১৩ ফেব্রুয়ারি

☞ এরপর ১২ পাতায়

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩০ টাকা
আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন
বিনামূল্যে ৩২ পাতার রেলের গ্রুপ-ডি'র প্রশ্নোত্তর
বিশেষজ্ঞরা, যা একমাত্র নির্ভরযোগ্য ও আস্থার।

বেরোল
সেপ্টেম্বর সংখ্যায় থাকছে
☞ রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
☞ পি.এস.সি'র ক্লার্কশিপ পরীক্ষার ৩ সেট প্রশ্নোত্তর
☞ পি.এস.সি'র মিসলেনিয়াস পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
☞ IBPS P.O. পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
☞ রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
☞ CPWD'র জুনি. ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

The Education House YouTube

Scanned by CamScanner

## কর্মখালি

ঘরে বসে নো টার্গেটে স্পট পেমেন্টে 1/2/3 জনে লিখে বা Comp. বই কপি, ফর্মফিলাপে আয়। Whitener Allow. A.S - 8017346226.

□ SH

প্রাইভেট ব্যাঙ্কের Payroll ও DSA-তে প্রার্থী চাই। বারাসাত/বনগাঁ-8420888113, বসিরহাট/এয়ারপোর্ট-8017418654, বারাকপুর/সোদপুর-7044197742

□ R

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

□ SA

### হোটেলে স্থায়ী চাকরি

কেন্দ্র ও রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি / বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮০০০/- +থাকা-খাওয়া ফ্রী+ উন্নতি। গড়িয়া-কলকাতা -8282820007, শিলিগুড়ি - 9434495134.

□ CM

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক + অনূর্ধ্ব 30) 120 জন M/F চাই। আয় : 10500/- +. সত্ত্বর : বিধাননগর : 8697565808.

□ SG

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

□ SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

শূন্যপদ - ১৩০। 3 Star এবং 5 Star হোটেল-এ বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- – 16792/-. M - 8609637802.

□ SA

**AIRTEL, JIO 4G, ও SBI Banking**

বাংলা কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000+ অন্যান্য সুবিধা। দমদম : 8420666060, গড়িয়া : 9002033880, শিলিগুড়ি : 7890033388

□ R

প্রতি শনিবারের

**কর্মসংস্থান**

এখন প্রতি বুধবার বেরোয়

বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগামী ২১ সেপ্টেম্বর সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ১৪ সেপ্টেম্বর, বিকেল ৫টার মধ্যে। একমাত্র পত্রিকা দফতরে। প্রতি রবিবার অফিস বন্ধ।

## কর্মখালি

সঠিক ইন্টারভিউ-এর ভিত্তিতে 162 বছরের পুরনো নামি কোম্পানিতে 25–65 বছরের M/F ও অবসরপ্রাপ্ত কর্মীদের বারাসাত ও বহরমপুর অফিসে ম্যানেজার-সহ বিভিন্ন পদে নিয়োগ করা হবে। HS + (10,000 – 25000), 9432079742

□ SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

24টি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে, ATM, টাওয়ার Co. তে কর্মী নিয়োগ। (বেতন 12500–18500)। সবরকম সুবিধা। M - 8348727948.

□ SA

### হোটেলে 8200 – 15300

3 ও 5 স্টার হোটেলে প্রচুর স্থায়ী কাজের সুযোগ। থাকা-খাওয়া ফ্রী। পরামর্শ ও সহযোগিতা। Kolkata - 9831343039, Berhampore - 9748835074.

□ SH

### ব্যাঙ্কে চাকরি

পশ্চিমবঙ্গের ১৯টি জেলায় ব্যাঙ্কের ভিতরে বসে স্থায়ী জব। যোগ্যতা - মাধ্যমিক - স্নাতক। বেতন - ১৪৬০০ - ২৮১০০। পোস্ট - Back office, ক্লার্ক, Account. এছাড়া বিশেষ সুবিধা আছে। M - 7407917619

□ SA

**এক জানলায়**

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য

কর্মসংস্থান, সংস্থান ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**

UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**

Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**

SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**

Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে
9874922004

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

# স্থলবাহিনীর স্কুলে ৮ হাজার

১ পাতার পর

ইংরিজির পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (হিন্দি)** : হিন্দির পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ইতিহাস)** : ইতিহাসের পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ভূগোল)** : ভূগোলের পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (অর্থনীতি)** : অর্থনীতির পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (রাষ্ট্রবিজ্ঞান)** : রাষ্ট্রবিজ্ঞানের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা, ইন্টারন্যাশনাল রিলেশন্সের এম.এ. কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক)** : অঙ্কের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। অঙ্কের ডিগ্রি কোর্স পাশরা স্ট্যাটিস্টিক্স বা, অপারেশন রিসার্চের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্স)** : ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। ফিজিক্সের এম.এসসি. এড. কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কেমিস্ট্রি)** : কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। কেমিস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা ফার্মা কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। কেমিস্ট্রির এম.এসসি.এড. কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (বায়োলজি)** : জুলজি (বটানি-সহ) বা, বটানি (জুলজি-সহ)'র মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বটানি বা, জুলজি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা মাইক্রো বায়োলজি / মলিকিউলার বায়োলজি / অ্যাগ্রিকালচারাল বটানি / জেনেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। জুলজি বা, বটানির এম.এসসি. এড. কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (বায়োটেকনোলজি)** : বায়োটেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (সাইকোলজি)** : সাইকোলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কমার্স)** : কমার্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স / ইনফর্মেটিক্স)** : কম্পিউটার সায়েন্স, আই.টি., কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. / কম্পিউটার সায়েন্স বা, আই.টি.'র এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। কম্পিউটার সায়েন্সের বি.এসসি. /বি.সি.এ. / কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা অঙ্ক / ফিজিক্স, / স্ট্যাটিস্টিক্সের এম.এসসি. কোর্স পাশ হলেও যোগ্য। ডোয়েক থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (হোম সায়েন্স)** : হোম সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.এড. কোর্স পাশ হতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন)** : ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য।

ওপরের সব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে অন্তত ৫০% ও বি.এড. কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় চাকরি হবে রেগুলার বেসিসে। এজন্য ১ বছর প্রবেশনে থাকতে হবে, যা ২ বছর পর্যন্ত বাড়তে পারে।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে :**

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি)** : ইংরিজির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (হিন্দি)** : হিন্দির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সংস্কৃত)** : সংস্কৃতের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ইতিহাস)** : ইতিহাসের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ভূগোল)** : ভূগোলের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (রাষ্ট্রবিজ্ঞান)** : রাষ্ট্রবিজ্ঞানের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক)** : অঙ্কের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্স)** : ফিজিক্সের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কেমিস্ট্রি)** : কেমিস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (বায়োলজি)** : বটানি ও জুলজির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার)** : বি.সি.এ. কোর্স পাশ, কম্পিউটার সায়েন্সের ডিগ্রি, কম্পিউটার সায়েন্স ও আই.টি.'র ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ডোয়েক থেকে 'এ' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন)** : ৪ বছরের বি.পি.এড. কোর্স পাশরা যোগ্য। ৩ বছরের গ্র্যাজুয়েটরা ১ বছরের বি.পি.এড. কোর্স পাশ হলেও যোগ্য। ফিজিক্যাল এডুকেশন, হেলথ এডুকেশন অ্যান্ড স্পোর্টসের বি.এস.সি. কোর্স পাশরা ১ বছরের বি.পি.এড. কোর্স পাশ হলেও যোগ্য।

ওপরের সব বিষয়ের 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' পদের বেলায় ডিগ্রি কোর্সে অন্তত ৫০% নম্বর ও বি.এড. কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। সব বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের বি.এ.এড. /বি.এসসি. এড. কোর্স পাশ হলেও যোগ্য। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় ৫০% শূন্যপদ পূরণ করা হবে রেগুলার বেসিসে, সিনিয়রিটির ভিত্তিতে। বাকি ৫০% শূন্যপদ পূরণ করা হবে 'CTET / TET' পাশ প্রার্থীদের থেকে।

**প্রাইমারি টিচার** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা বি.এড. ও 4 বছরের ইন্টিগ্রেটেড বি.এড. বা, ২ বছরের ডি.এল.এড. কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। প্রাইমারি টিচার পদের বেলায় কিছু শূন্যপদ পূরণ করা হবে রেগুলার বেসিসে, সিনিয়রিটির ভিত্তিতে। বাকি শূন্যপদ পূরণ করা হবে 'CTET / TET' পাশ প্রার্থীদের থেকে।

তবে ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রাইমারি টিচার পদের বেলায় 'CTET / TET' সফল না হলেও আবেদন করতে পারবেন ও স্ক্রিনিং টেস্টে সফল হলে 'অ্যাড হক' ভিত্তিতে চাকরি পাবেন। তবে চাকরি পাওয়ার পর 'CTET / TET' সফল হলে রেগুলার ভিত্তিতে নিয়োগ হবে।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৪-২০২০'র হিসাবে ৪০ বছরের মধ্যে। শিক্ষকতার কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকলে বয়স হতে হবে ৫৭ বছরের মধ্যে। চাকরি হবে সারা ভারতের ১৩৭টি আর্মি পাব্লিক স্কুলে। এর মধ্যে পূর্বাঞ্চলে আছে — এ.পি.এস. কলকাতায়, এ.পি.এস. ব্যারাকপুর, এ.পি.এস. পানাগড়, এ.পি.এস. শিলং, এ.পি.এস. জোড়হাট, এ.পি.এস. বিন্নাগুড়ি, এ.পি.এস. বেঙ্গডুবি, এ.পি.এস. গ্যাংটক, এ.পি.এস. দার্জিলিং, এ.পি.এস. কালিম্পং, এ.পি.এস. তেজপুর, এ.পি.এস. আগরতলা, এ.পি.এস. রাঁচী, এ.পি.এস. গয়া, এ.পি.এস. দানাপুর, এ.পি.এস. রামগড়।

প্রার্থী বাছাই করবে 'আর্মি ওয়েলফেয়ার এডুকেশন সোসাইটি (AWES)'. এজন্য প্রথমে 'কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং টেস্ট' হবে। অনলাইনে পরীক্ষা হবে ১৯ ও ২০ অক্টোবর। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, ব্যারাকপুর, বহরমপুর, দুর্গাপুর, গুয়াহাটি, শিলিগুড়ি, গ্যাংটক, তেজপুর, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, রাঁচী, পটনা।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার / ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় থাকবে দু'টি পার্ট — প্রথম পার্টে ৯০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, এডুকেশনাল কনসেপ্ট ও মেথডলজি। দ্বিতীয় পার্টে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ৯০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। সময় থাকবে ৩ ঘণ্টা।

প্রাইমারি টিচার পদের বেলায় ৯০ নম্বরের দেড় ঘণ্টার অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, এডুকেশনাল কনসেপ্ট ও মেথডলজি। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রতিটি পার্টে ৫০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন ৪ অক্টোবর থেকে। ফল বেরোবে ৩০ অক্টোবর। তখন স্কোর কার্ড ডাউনলোড করতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://aps-csb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, জন্ম-তারিখের সার্টিফিকেট ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং-এ জমা দেবেন। নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে মোবাইল বা, ই-মেলে কনফার্মেশন পাবেন।

# পুরসভায় ৭৫ মজদুর

বাঁকুড়া পুরসভা মজদুর, পিওন, হেল্পার ও অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার পদে ৭৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মজদুর** : ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ৯, জেনাঃ প্রাঃসঃকঃ ৩, জেনাঃ ই.সি. ৭, জেনাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, তঃজাঃ ৭, তঃজাঃ ই.সি. ২, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. – বি ক্যাটেগরি ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ই.সি. ১, তঃউঃজাঃ ২)।

**পিওন** : ক্লাস এইট পাশরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ১)।

**হেল্পার** : ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১২, জেনাঃ প্রাঃসঃকঃ ৩, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, তঃজাঃ ৫, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ২)।

**অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার** : মাধ্যমিক পাশরা যোগ্য। অ্যাকাউন্টিংয়ের কাজে অভিজ্ঞতা থাকলে আর কম্পিউটার জানলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। সফল হলে প্রি-সার্ভিস ট্রেনিং করতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.bankuramunicipality.org তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ১ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৩) নিজের নাম-ঠিকানা লেখা ও উপযুক্ত ডাকটিকিট সাঁটা একটি খাম। দরখাস্ত -ভরা খামের ওপর লিখবেন Name of the post.......... Category applied for..........

দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে, ক্যুরিয়ারে কিংবা হাতে-হাতে জমা দেবেন, ২০ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Bankura Municipality, Machantala, PO, PS & Dist. Bankura, Pin - 722 101.

The Education House YouTube

Scanned by CamScanner

## সাফল্যের শরিক

# রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদে কীভাবে চাকরি পেলাম



সৌরভ মণ্ডল

উত্তর ২৪ পরগনা জেলার বারাসাতের মিরহাটি গ্রামের ছেলে আমি। বাবার চায়ের দোকান। আমরা ৫ ভাই বোন। সবাই উচ্চশিক্ষিত। স্থানীয় স্কুল থেকে আমি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছি। বারাসাত গভর্ণমেন্ট কলেজ থেকে ২০১৫ সালে দর্শন বিষয়ে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করেছি। কলেজ জীবনের শেষ বছর থেকে সরকারি চাকরির পরীক্ষা দেওয়া শুরু করেছিলাম। শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী পি.এস.সি'র গ্রুপ 'ডি', রেল, আই.বি.পি.এস, ডব্লু.বি.সি.এস ইত্যাদি সব ধরণের পরীক্ষায় বসেছিলাম। বাবাকে আর্থিকভাবে সাহায্য করার জন্য আমার লক্ষ্য ছিল যেমন করে হোক একটা সরকারি চাকরি পাওয়ার।

আমার চেষ্টা দেখে আত্মীয় ও পরিচিতরা অনেক ব্যঙ্গ বিদ্রুপ করেন। সবাই বলে দিয়েছিল আজকের বাজারে সরকারি চাকরি পাওয়া সম্ভব নয়। কেউ কেউ বাবাকে বোঝান, ৫-৭ হাজার টাকা মাইনের বেসরকারি চাকরিতে ঢোকানোর জন্য। সবার ব্যঙ্গ বিদ্রুপ শুনতে শুনতে যখন জীবনটা ব্যর্থ আবর্জনা মনে হচ্ছিল, ঠিক সেই সময়ে 'কর্মসংস্থান' পড়ে কামাল হোসেনের চাকরির কর্মশালার কথা জানতে পারি। বারাসাতের রবীন্দ্রভবনে ওই কর্মশালায় গিয়ে শিক্ষাবিদ কামাল হোসেনের বক্তৃতায় উদ্দীপ্ত হই ও আলোর ঠিকানা খুঁজে পাই। পরে কলেজ স্ট্রিটে ওঁর কোচিংয়ে ট্রেনিংয়ে শিখেছিলাম অঙ্ক, ইংরিজি ও জেনারেল নলেজে শর্টকার্ট উত্তর লেখার পদ্ধতি, স্মার্ট প্রস্তুতির কৌশল ও মনের জোর বাড়ানোর উপায়। মহড়া পরীক্ষার মাধ্যমে নিজের সব ভুল সংশোধন করেছি। পড়া না পারলে স্কুল জীবনের মতো শাস্তি ভোগ করেছি। শাস্তির মাধ্যমে শিখেছি জীবনের শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা।

২০১৮ সালের বিজ্ঞপ্তি দেখে পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদে দরখাস্ত করেছিলাম। মোট শূন্যপদ ছিল ১,৫২৭টি। আবেদন করার পরের দিন থেকে রুটিন করে পরিকল্পনামাফিক পড়াশুনা শুরু করেছিলাম। বাংলা, ইংরিজি, অঙ্ক, জেনারেল নলেজ প্রতিটি বিষয়ের জন্য কামাল হোসেনের বই পড়েছি। কোচিংয়ের স্টাডি মেটেরিয়ালস দেখে নিয়মিত অনুশীলন করেছি। এছাড়াও পড়েছিলাম আর.এস. আগরওয়াল ও লুসেন্টের বই। নিয়মিত পড়তাম 'কর্মসংস্থান', 'সাফল্য' ও 'Appointment & Career News'। লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়ার পাশাপাশি রোজ সকাল ও বিকালে বাড়ির পাশের মাঠে দৌড়ের অনুশীলন করতাম। ভালো দৌড়তে পারতাম না বলে অনেকে হাসাহাসি করতো। ওইসব তুচ্ছ ঘটনাকে কোনোভাবে গুরুত্ব দিইনি। নিজের লক্ষ্য ও সাধনায় অটুট থেকেছি।

প্রার্থী বাছাইয়ের জন্য ৩টি পর্যায়ের পরীক্ষা হয়। প্রথম পর্যায়ে ছিল প্রিলিমিনারি পরীক্ষা। ১০০টি প্রশ্ন ছিল ও প্রতিটি প্রশ্ন ছিল ২ নম্বরের। নির্ধারিত সময় ছিল ১ ঘন্টা। নেগেটিভ নম্বর ছিল। ৮০টি প্রশ্নের উত্তর লিখেছিলাম।

দ্বিতীয় পর্যায়ে ছিল শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষা হয় ব্যারাকপুরে। শারীরিক মাপজোখের পরীক্ষায় দেখা হয় উচ্চতা (১৬৭ সেন্টিমিটার), ওজন (৫৭ কেজি), বুকের মাপ। শারীরিক মাপজোখের পরীক্ষায় পাশ করার পর নেওয়া হয় দৌড়ের পরীক্ষা। ৩ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হয়। ২ মিনিট ৫০ সেকেন্ডের মধ্যে নির্ধারিত দৌড় শেষ করেছিলাম।

তৃতীয় পর্যায়ে ছিল 'মেন' পরীক্ষা। ৩টি পেপারের পরীক্ষা হয়। প্রথম পেপারের ১০০ নম্বরে ছিল এইসব বিষয়ের প্রশ্ন : জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও জেনারেল ইন্টেলিজেন্স। দ্বিতীয় পেপারে ছিল ৫০ নম্বরের ইংরিজি কম্পোজিশনের প্রশ্ন। তৃতীয় পেপারে ছিল ৫০ নম্বরের বাংলা কম্পোজিশনের প্রশ্ন।

লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর নেওয়া হয় ইন্টারভিউ। প্রস্তুতির জন্য কোচিংয়ে মহড়া ইন্টারভিউয়ে অংশ নিতাম। সাম্প্রতিক ঘটনা সম্পর্কে ওয়াকিবহাল থাকতে নিয়মিত একাধিক সংবাদপত্র পড়তাম। আমার ইন্টারভিউ হয়েছে এবছর ৩০ জুলাই। বোর্ডে ছিলেন মোট ৬ জন সদস্য। জীবনের প্রথম ইন্টারভিউ ছিল বলে একটু উৎকণ্ঠায় ছিলাম। পরে স্বাভাবিক হই। শুরুতে নাম-ঠিকানা ইত্যাদি কিছু মামুলি বিষয় জানতে চাওয়া হয়। এরপর বিষয় (আমার দর্শন বিষয়ে অনার্স ছিল) থেকে রুশো ও সক্রেটিসের ভাবনা জানতে চাওয়া হয়। জবাব শোনার পর উত্তরটি ইংরিজিতে বলতে বলা হয়। বাংলা মাধ্যমের ছেলে হওয়ায় ইংরিজিতে খুব সড়গড় ছিলাম না। তবে ইংরিজিতে উত্তর দিয়েছিলাম। এরপর রাষ্ট্রবিজ্ঞানের প্রশ্ন ধরা হয়। যেমন রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির নির্বাচন পদ্ধতি, রাষ্ট্রপতি ও রাজ্যপালের অবস্থান ইত্যাদি।

পরীক্ষার চূড়ান্ত ফল বেরোয় ২৯ আগস্ট। সাব-ইন্সপেক্টর পদের মূল মাইনে ৭,১০০-৩৭,৬০০ টাকা ও সেইসঙ্গে গ্রেড পে ৩,৯০০ টাকা।

**হাল ছেড়ো না বন্ধু :** একজন সফল প্রার্থী হিসাবে চাকরির প্রার্থীদের বলতে চাই, নেতিবাচক ও হতাশামূলক বিষয় কানে নেবেন না। চাকরি না পাওয়া পর্যন্ত প্রস্তুতির লড়াই চালিয়ে যেতে হবে। হাল ছাড়লে চলবে না।

N.C.T.E. স্বীকৃত, বারাসাতে বিষ্ণুপ্রিয়া কলেজে, 2019-2021 শিক্ষাবর্ষে বি.এড. এবং ডি.এল.এড. কোর্সে ভর্তির জন্য। যোগাযোগ :-
9433366716
9804004892
9038088242

১৩২ পাতার
দাম ১০ টাকা
আগস্ট সংখ্যা
বেরিয়েছে
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
সাধারণ জ্ঞান
রেলের গ্রুপ 'ডি' পদের
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি ক্লার্কশিপ
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আই.সি.ডি.এস সুপারভাইজর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170

# ডব্লু.বি.সি.এস. পরীক্ষার মক টেস্ট শুরু অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনে

**নিজস্ব প্রতিনিধি :** ডব্লু.বি.সি.এস. অফিসার হওয়ার সেরা ট্রেনিং সেন্টার 'অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন' — ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রস্তুতির জন্য সারা পশ্চিমবঙ্গব্যাপী 'মক টেস্ট' চালু করেছে। মোট ১০টি মক টেস্ট শুরু ২ অক্টোবর থেকে ১২ জানুয়ারি পর্যন্ত, রবিবার বেলা ২টা থেকে। ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার্থীরা এই টেস্ট দিতে পারবেন। নাম নথিভুক্ত করার শেষ তারিখ ২২ সেপ্টেম্বর। আগ্রহী প্রার্থীরা নিকটবর্তী শাখায় যোগাযোগ করবেন : (১) কলকাতা : ২ সূর্য সেন স্ট্রিট, কলকাতা -১২, ফোন : 9038786000, (২) বারাসাত : ছায়ানীড় অ্যাপার্টমেন্ট, ৮৬/বি, পাইওনীয়ার পার্ক, উত্তর ২৪ পরগনা। ফোন : 9073587432, (৩) উলুবেড়িয়া -9051392240, (3) বহরমপুর -9474582569, (4) দার্জিলিং -9832041123, (5) শিলিগুড়ি -9474764635, (6) মালদা -8972997799, (7) বীরভূম -9735184418, (8) বসিরহাট -7074266482, (9) হাবড়া-8777769824, (10) পাঁশকুড়া -7602503579, (11) মেচেদা -7063648271, (12) তমলুক -8167092550, (13) চুঁচুড়া -8017600409, (14) কন্টাই -7003169766, (15) রানাঘাট-8282909032, (16) সুভাষগ্রাম -6289005900, (17) কল্যাণী -8282909032, (18) দুর্গাপুর -9800453366, (19) ঘাটাল -6297193551, (20) ব্যান্ডেল -7031842001, (21) বাঁকুড়া -7908521232, (23) বর্ধমান -7679039891, (24) মেদিনীপুর -9474736230, (25) কাঁশদ্রোণী -7063576292, (26) আসানসোল-9475519464, (27) পুরুলিয়া -9932601811, (28) হলদিয়া -9153800761, (29) আসানসোল কোর্ট -8145087547, (30) রায়গঞ্জ -8768187988, (31) কোচবিহার -7001544457. ওপরের ওইসব কেন্দ্রের মধ্যে শুধুমাত্র কলকাতা, বারাসাত, উলুবেড়িয়া, বহরমপুর, দার্জিলিং, শিলিগুড়ি ও মালদা কেন্দ্রে ডব্লু.বি.সি.এস.-এর রেগুলার ক্লাস করানো হয়।

এনভায়রনমেন্টাল অ্যানালিস্ট
নামী NGO তে ISO 9001 ও 140001 সার্টিফায়েড পরিবেশ বিশ্লেষণের পরীক্ষাগার ভিত্তিক 6 মাসের কোর্সে ভর্তি শুরু হয়েছে। প্রশিক্ষণ শেষে চাকরী, ব্যবসা ও লোনের সুযোগ আছে। যোগাযোগ : 'সেফ', 5/3, প্রতাপ রুদ্র লেন, কলকাতা-57. M: 9231010500. অন লাইনে ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : 15.09.19.
Web: www.safe.webnode.in

DIRECT-ITI
ADMISSION, NO MARKS BAR!!
Electrician, Surveyor.
কোর্স চলাকালীন FREE তে সরকারি চাকরি বা HIGHER STUDY ENTRANCE EXAMINATION কোচিং এর ব্যবস্থা আছে।
আগে আসার ভিত্তিতে প্রথম 20 জনকে Admission Fee -এর উপর 10% Discount
TIIME PRIVATE ITI
139, Feeder Road, Belgharia, Kol-56.
PH-(033) 25444644, 9143611891, 9163850359, 8697263515.

প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে
NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ আগস্ট ২০১৯ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:
কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

বি.এড কোর্সে ভর্তি চলছে (২০১৯—২০২১)
শান্তিপুর বি.এড কলেজ
গ্রাম : বাবলা দক্ষিণপাড়া, পো: বাবলা গোবিন্দপুর
থানা : শান্তিপুর, জেলা : নদীয়া, পিন : ৭৪১৪০৪, পশ্চিমবঙ্গ।
WBUTTEPA-এর অধীন এবং NCTE কর্তৃক স্বীকৃত
যোগাযোগ : 9851917376, 7501246465

নার্সিং ট্রেনিং
250 জন ছেলেমেয়েকে নার্সিং ট্রেনিং দিয়ে চাকরী
যারা সরকারীতে সুযোগ পেলেন না বা কোথায় নার্সিং কোর্স করবেন সিদ্ধান্ত নিতে পারছেন না, সিদ্ধান্ত নিতে বিলম্ব হচ্ছে, সুতরাং আর বিলম্ব না করে আজই ভর্তি হতে যোগাযোগ করুন "বহরমপুর এডুকেশন সেন্টারে"। আমাদের এখানে তিন ধরনের নার্সিং কোর্স করানো হয়।
বহরমপুরে ক্লাস | INC অনুমোদিত কোর্স | দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য হোস্টেলের ব্যবস্থা | ছেলে ও মেয়ে উভয়ের জন্য
ANM নার্সিং যোগ্যতা মাধ্যমিক পাশ। আসন সংখ্যা 100, সময় $1^1/_2$ বছর
GNM নার্সিং যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। আসন সংখ্যা- 100, সময়- 3 বছর
B.Sc. নার্সিং যোগ্যতা- সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ। আসন সংখ্যা- 50, সময়- 4 বছর
কেন নার্সিং কোর্স করবেন?
(1) সরকারী চাকরী পাওয়ার অফুরন্ত সুযোগ।
(2) নার্সিং কোর্স করে বসে থাকতে হয় না।
(3) বর্তমান পরিস্থিতিতে অন্যান্য কোর্স করে চাকরির সুযোগ নেই বললেই চলে।
(4) কোর্স চলাকালীন আয়ের সুযোগ।
(5) সাধ্যের মধ্যে কোর্স ফিস।
কেন বহরমপুর এডুকেশন সেন্টারে নার্সিং কোর্স করবেন?
(1) বহরমপুরেই সম্পূর্ণভাবে প্র্যাকটিক্যাল থিয়োরী ক্লাসের ব্যবস্থা, (2) আধুনিক পদ্ধতিতে ক্লাস, (3) অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা ক্লাস, (4) সেন্টারের ডিরেক্টর সর্বসময় তত্ত্বাবধানে থাকেন, (5) ছাত্রছাত্রীদের যেকোনো সমস্যায় ডিরেক্টর নিজে উপস্থিত থেকে সমাধান করেন, (6) পরীক্ষার সময় ব্যাঙ্গালোরে ডিরেক্টর নিজে উপস্থিত থাকেন, (7) মিনিমাম কোর্স ফিস, (8) ন্যূনতম Admission ফিজ, (9) সহজ মাসিক কিস্তিতে ফিস দেওয়ার সুবিধা।
আমাদের কাছে ভর্তি হয়ে যারা বর্তমানে বহরমপুরে ক্লাস করছে তাদের মধ্যে কিছু ছাত্রছাত্রীদের ছবি, কোর্স, নাম, ঠিকানা দেওয়া হল —




বিঃদ্রঃ যারা চাকরীতে বা কোন কাজে যুক্ত আছেন বা অন্য কোন কোর্স করছেন তাদের জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে।
নতুন অ্যাডমিশন সেন্টার নিতে ইচ্ছুক — 7407391415
বহরমপুর এডুকেশন সেন্টার
লালদিঘী, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ
8372057281, 9933739375, 7407390051

Scanned by CamScanner

কোর্স

## উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে বায়োইনফর্মেটিক্সের কোর্স

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, ২০১৯-'২২ সেশনে বায়োইনফর্মেটিক্সের পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভরতি নিচ্ছে। বি.এসসি (অনার্স)/ সায়েন্সের যেকোনো শাখায় বি.টেক বা, মাস্টার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৫-২০১৯'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। ১ বছরের কোর্স। পড়ানো হবে ২টি সেমেস্টারে। প্রতিটি সেমেস্টারের মেয়াদ ৬ মাস করে। পড়ানো হবে বায়োইনফর্মেটিক্সের ফান্ডামেন্টাল কনসেপ্টস ও মেথড, ইন্টারডিসিপ্লিনারি বিষয় হিসাবে বায়োলজি ও কম্পিউটার সায়েন্স, ডেটা সায়েন্স, বায়োলজিক্যাল প্রবলেম, ডি.এন.এ, আর.এন.এ, প্রোটিন, সেল বায়োলজি, বায়োকেমিস্ট্রি ইত্যাদি বিষয়। পড়ানো হবে ইংরিজি মাধ্যমে। কোর্স ফি প্রতি সেমেস্টার পিছু ১০,০০০ টাকা। ভরতির জন্য নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে www.nbu.ac.in ফি বাবদ ব্যাঙ্ক ড্রাফট মাধ্যমে দিতে হবে ১৫০ টাকা (তপশিলি জাতি, উপজাতি আর ও.বি.সি'দের বেলায় ৭৫ টাকা)। ড্রাফট পাঠাতে হবে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অনুকূলে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের ক্যাশ কাউন্টারে নগদে টাকা জমা দেওয়া যাবে। যাবতীয় প্রমাণপত্র, ব্যাঙ্ক ড্রাফট ও নিজের নাম ও ঠিকানা লেখা খাম-সহ পূরণ করা দরখাস্ত পাঠাতে হবে ১৩ সেপ্টেম্বরের মধ্যে এই ঠিকানায় : দ্য কোঅর্ডিনেটর, ডিপার্টমেন্ট অফ বায়োইনফর্মেটিক্স, ইউনিভার্সিটি অফ নর্থবেঙ্গল, রাজা রামমোহনপুর, শিলিগুড়ি - ৭৩৪০১৩, জেলা : দার্জিলিং। ফোন : ০৩৫৩-২৬৯১১১৭।

## স্বনির্ভরতার জন্য সংখ্যালঘুদের আবাসিক ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকারের এমএ ও এমই দফতরের অধীন পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের উদ্যোগে কেন্দ্রীয় সরকারের এমএসএমই-সেন্ট্রাল টুল রুম ও ট্রেনিং সেন্টারে সংখ্যালঘু ছেলেমেয়েদের (বৌদ্ধ, খ্রিস্টান, জৈন, মুসলিম, পারসি ও শিখ) বিভিন্ন ট্রেডে ট্রেনিং দেওয়া হবে। এই ৮টি ট্রেডে আবাসিক ট্রেনিং দেওয়া হবে — (১) সার্টিফিকেট কোর্স ইন মেশিন অপারেশন, যোগ্যতা : ক্লাস এইট পাশ, মেয়াদ : ১ বছর (২) সার্টিফিকেট কোর্স ইন CNC ট্রেনিং, যোগ্যতা : ক্লাস টেন পাশ, মেয়াদ : ৬ মাস (৩) সার্টিফায়েড নেটওয়ার্ক অ্যাসোসিয়েট CCNA. যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ, মেয়াদ : ৬ মাস (৪) সার্টিফিকেট কোর্স ইন CNC মিলিং, যোগ্যতা : ক্লাস টেন পাশ, মেয়াদ : ৬ মাস (৫) রুম এসি ও হোম অ্যাপ্লায়েন্স, যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ, মেয়াদ : সাড়ে ৪ মাস (৬) সার্টিফিকেট কোর্স ইন অডিও-ভিডিও-এভি, যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ, মেয়াদ : সাড়ে ৩ মাস (৭) সার্টিফিকেট কোর্স ইন হ্যান্ড হেল্ড প্রোডাক্টস, যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ, মেয়াদ : সাড়ে ৩ মাস (৮) ওয়েল্ডার, যোগ্যতা : আই.টি.আই বা, ক্লাস টেন পাশ, মেয়াদ : ১ বছর।

রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১৮ বছর থেকে ২৫ বছরের মধ্যে। ট্রেনিংয়ের খরচ বহন করবে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.wbmdfc.org আবেদনের শেষ দিন ৩০ সেপ্টেম্বর। ফোন : ১৮০০-১২০-২১৩০ (টোল ফ্রি)।


**Admission Going On**
Approved by the Govt. of India
Placement Assistant
■ Diploma in Aviation & Hospitality Management (1 Year) • Per month 6,000/
■ Diploma in Hotel Management & Tourism (2 Years) • Per month 4,000/-
Last Date : 31.10.2019 • Eligibility: 10 + 2 above
ST. HELEN INSTITUTION (SHI)
396/4A, N.S.C. Bose Road, Kolkata - 700 047, Garia Rathtala, Near Gitanjali Metro
Phone: 033-40043921, 9831075678
Web: www.sthelenInstitution.com



**নার্সিং জয়েন্ট**
জেনপাউ অথবা প্যারামেডিক্যাল জয়েন্টে যারা খুব ভালো Rank করতে চাও, তাদের জন্য — (1) Basic + Advance Level Chapterwise Classes, (2) Short-cut Tricks for Numericals, (3) Spl. MCQ sets & exams. ভর্তি হতে আগ্রহীরা অভিভাবক সহ 7 দিনের মধ্যে সরাসরি তোমার নিকটবর্তী 'নার্সিং জয়েন্ট প্রস্তুতি কেন্দ্র' তে যোগাযোগ করো (আসন সীমিত)। বিস্তারিত জানতে
Call : 7044647798


## স্টেট ব্যাঙ্কে ২৫২

১ পাতার পর

ডেভেলপার (জে.এম.জি.এস-।) : কম্পিউটার সায়েন্স, আই.টি. বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. /এম.এসসি. (আই.টি.) /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরাও যোগ্য। অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট (কোডিং, টেস্টিং ও অ্যাপ্লিকেশন সফটওয়্যার), এন.ই.টি, অ্যাঙ্গুলার জে.এস., কোর জাভা, ওরাকল, প্রোগ্র্যামিং ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ১৪৭টি (জেনাঃ ৬২, ও.বি.সি. ৩৯, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১০, ই.ডব্লু.এস. ১৪)।

সিস্টেম / সার্ভার অ্যাডমিনিস্ট্রেটর : কম্পিউটার সায়েন্স, আই.টি., বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. /এম.এসসি. (আই.টি.) /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরাও যোগ্য। আই.টি. সেক্টর সিস্টেম বা, সার্ভার অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। এন.ই.টি. /এ.আই.এক্স /আই.বি.এম., লিনাক্স, ওরাকল ইত্যাদি কাজে জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ৪৭টি (জেনাঃ ২১, ও.বি.সি. ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৪)।

ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটর : কম্পিউটার সায়েন্স, আই.টি, বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. /এম.এসসি. (আই.টি.) /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরাও যোগ্য। আই.টি. সেক্টর সিস্টেম বা, সার্ভার অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। এন.ই.টি. /এ.আই.এক্স /আই.বি.এম. ইত্যাদি কাজে জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)।

ক্লাউড অ্যাডমিনিস্ট্রেটর : কম্পিউটার সায়েন্স, আই.টি., বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. /এম.এসসি. (আই.টি.) /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরাও যোগ্য। আই.টি. সেক্টর সিস্টেম বা, সার্ভার অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। ক্লাউড কম্পিউটিং ইত্যাদি কাজে জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার : কম্পিউটার সায়েন্স, আই.টি., বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. /এম.এসসি. (আই.টি.) /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরাও যোগ্য। আই.টি. সেক্টর সিস্টেম নেটওয়ার্ক বা, ব্যাঙ্কিং নেটওয়ার্কের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। এন.ই.টি. / নেটওয়ার্ক সিকিউরিটি, নেটওয়ার্কিং কনসেপ্ট ইত্যাদি কাজে জ্ঞান থাকতে হবে। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ৩০-৬-২০১৯'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে ২৩,৭০০-৪২,০২০ টাকা। বিজ্ঞপ্তি নং : CRPD/SCO-System/2019-20/11.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের পরীক্ষা (টেস্ট) ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। অনলাইন পরীক্ষা হবে ২০ অক্টোবর, কলকাতা, পটনা, রাঁচী, ভুবনেশ্বর, গুয়াহাটিতে। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : ইংলিশ ল্যাঙ্গোয়েজ, রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও পেশাগত জ্ঞান। ১০০ নম্বরের ১৬০ মিনিটের পরীক্ষা। পেশাগত জ্ঞানের পেপার ছাড়া অন্য সব পেপারে কোয়ালিফাইং নম্বর পেয়ে থাকতে হবে। পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন ১০ অক্টোবর থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sbi.co.in / www.statebankofindia.com

নাম রেজিস্ট্রেশন করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও অনলাইনে নাম রেজিস্ট্রেশন করার আগে পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্মাটে স্ক্যান করে নিয়ে যাবেন। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যে মাধ্যমে ফী দেবেন, তার জন্য Offline / Online সিলেক্ট করবেন। এবার যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পাশওয়ার্ড ও রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১২৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। সব ক্ষেত্রে ফী জমা দেওয়ার আগে ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। পরীক্ষার সময় ফটো আইডেন্টিটি কার্ড হিসাবে ভোটার কার্ড, পাশপোর্ট, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক ইত্যাদি প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন।

## রেলে ১১৮

১ পাতার পর

: মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফুড বেভারেজ/ ফুড অ্যান্ড বেভারেজ গেস্ট সার্ভিসের ক্র্যাফটসম্যান ট্রেনিং করে থাকলে যোগ্য। মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত সংস্থা থেকে ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস বা, হসপিটালিটি অ্যাসিস্ট্যান্ট মডিউলার ট্রেনিং করে থাকলেও যোগ্য। মাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট থেকে ফুড অ্যান্ড বেভারেজ অপারেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৯৪টি (জেনাঃ ৩৯, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৫, ই.ডব্লু.এস. ৯)।

ক্যাটেরিং ইউনিট -কুকিং সাইডে : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে বেকারি অ্যান্ড কনফেকশনারি / বেকার অ্যান্ড কনফেকশনার / ফুড প্রোডাকশন (জেনারেল) সার্ভিসের ক্র্যাফটসম্যান ট্রেনিং করে থাকলে যোগ্য। মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত কুক (জেনারেল), কুক (কন্টিনেন্টাল), কুক (ইন্ডিয়ান কুইজিন) ট্রেনিং করে থাকলেও যোগ্য। মাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট থেকে ফুড প্রোডাকশন বা, বেকারি কনফেকশনারির ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : ০২/২০১৯।

প্রার্থী বাছাই করবে রেলওয়ে রিক্রুটমেন্ট সেল। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে ৩১ অক্টোবরের পর।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rrcnr.org এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। লিখিত পরীক্ষা দিলে সাধারণ প্রার্থীরা ৪০০ টাকা আর (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার প্রার্থীদের বেলায় ২৫০ টাকা) ফেরৎ পাবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


**চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??**

● চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।

● প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।

● এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।

● এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।

● একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন

নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং সেন্টারে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিরালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার

নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস

নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170


The Education House YouTube

Scanned by CamScanner

## আর্মিতে কয়েকশো চাকরি

১ পাতার পর

**সোলজার জেনারেল ডিউটি :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**সোলজার টেকনিক্যাল :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন / অ্যামিউনিশন এক্সামিনার) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট / নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল / ইনভেন্টরি ম্যানেজমেন্ট :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার ট্রেডসম্যান (সচি, মেস কীপার ও হাউস কীপার ছাড়া) :** মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**সোলজার ট্রেডসম্যান (সচি, মেস কীপার ও হাউস কীপার) :** ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স, শরীরের মাপজোখ, ওজন, বুকের ছাতি ইত্যাদি ওপরের মতো।

সোলজার জেনারেল ডিউটি পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৮ থেকে ১-৪-২০০২'র মধ্যে। আর অন্যান্য পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৬ থেকে ১-৪-২০০২'র মধ্যে।

সব ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন। রাজ্য, জাতীয় বা, জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি, ওজনে ৫ কেজি ও বুকের ছাতিতে ৩ সেমি ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে র‍্যালি হবে ভোর ৫টা থেকে ৭টার মধ্যে। ওই দিনই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে। ১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর, তার নিচে হলে ফেল করবেন। (২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা,

এরপর ১৫ পাতায়


NSIC (A Govt. of India Enterprise, Ministry of MSME)

ITI-র জন্য আগস্ট, ২০১৯ (DGT/NCVT)-এ সরাসরি ভর্তি

| ক্রমিক সংখ্যা | ট্রেড | সময়সীমা, (সেমিস্টার) | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | Fitter | ২ বছর (৪ সেমিস্টার) | ১০ম পাশ |
| ২ | Turner | ২ বছর (৪ সেমিস্টার) | ১০ম পাশ |
| ৩ | Welder | ১ বছর (২ সেমিস্টার) | ১০ম পাশ |
| ৪ | Surveyor | ২ বছর (৪ সেমিস্টার) | ১০ম পাশ |
| ৫ | Draughtsman (Mech.) | ২ বছর (৪ সেমিস্টার) | ১০ম পাশ |

সফল প্রার্থীদের সরকারী/বেসরকারী চাকরির সুবর্ণ সুযোগ

NSIC- TECHNICAL SERVICES CENTRE
Japanigate, Balitikuri, Howrah - 711 113, West Bengal
8240605410, 9679244844, 7278803225, 7596986740

ITI, DIPLOMA & B.TECH
পাশদের সরকারি চাকুরীর পরীক্ষার (Rail, PSC, SSC, DRDO, WBSETCL, DCL, NS etc.) কোচিং দেওয়া হয় মাসিক মাহিনায়।
* ক্লাস প্রতি রবিবার (10 AM-5PM)
* নতুন ব্যাচ শুরু Sep. থেকে।
* বিশেষজ্ঞ Rail Engg. Md. J. Rahaman ও অভিজ্ঞ Prof. Debasis Sir এর গাইডেন্স এ কম সময়ে সাফল্য নিশ্চিত।
BOSE INSTITUTE
SEALDAH
M: 9475222059, 9126099076

KAUTILYA
CIVIL SERVICE ACADEMY
Dum Dum Cantonment, Kolkata- 65
9836336298, 9836041198
In West Bengal we are providing the best coaching for
- UPSC-Civil Service — C-SAT & General Studies / Mains
- W.B.C.S. [Exe] & etc. — Prelims, Mains & P.T.
- PO / IBPS
- SSC- CHSL/CGL

WBCS 2020 (Preli & Main) ভর্তি চলছে
২০১৯ সালের প্রত্যেক রেগুলার স্টুডেন্টরাই প্রিলিতে সফল হয়েছে। ২০২০ তে আপনি রেগুলার ক্লাসে আসুন, সফল হবেন।
Monthly Fees System
কৌটিল্য'র নতুন শাখা হল বর্ধমান টাউন স্টেশন সংলগ্ন

SUMMIT ACADEMY
WBCS | GENERAL COMBINED | PSC CLERK | SUB-INSPECTOR
অল্প সময়ে সাফল্য পেতে SUMMIT সেরা
9903702875
SEALDAH

শিলিগুড়ি আর্মি র‍্যালিতে মেডিক্যাল ও রি-মেডিক্যাল ফিট ছেলেদের লিখিত পরীক্ষার কোচিং শুরু হচ্ছে ১০ই সেপ্টেম্বর থেকে
জি.ডি., ট্রেডসম্যান, টেকনিক্যাল, ক্লার্ক ও নার্সিং অ্যাসিস্ট্যান্ট-এর বিষয়ভিত্তিক পৃথক ক্লাস, সপ্তাহে ছয়দিন ও সাপ্তাহিক টেস্ট (ভর্তি ফি - ৩০০০/-)

INDIAN FORCE ACADEMY™

এছাড়াও ভর্তি চলছে
রাজ্য পুলিশ কনস্টেবল/এস.আই প্রিলি ও মেইনস

আর্মি — ব্যারাকপুর র‍্যালিতে যারা মাঠ ও মেডিক্যাল ফিট হবেন তাদের লিখিত পরীক্ষা এবং আসন্ন বহরমপুর র‍্যালিতে যোগদানে ইচ্ছুক প্রার্থীদের মাঠ ও লিখিত পরীক্ষার কোচিং-এর জন্য ভর্তি চলছে

এয়ারফোর্স X & Y GROUP

নেভি SSR / MR / AA


শিক্ষক আহমেদ আলি খান

পরবর্তী ব্যাচ - ১৪, ১৭, ২১, ২৫ ও ৩০ সেপ্টেম্বর '২০১৯ * বহিরাগতদের মনোরম পরিবেশে নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে বিগত র‍্যালিতে আর্মির বিভিন্ন পদে আইফার সফল প্রার্থীদের মধ্যে কয়েকজন, স্থানাভাবে আরো অনেক সফল প্রার্থীদের ছবি প্রকাশ করা গেল না।




HEAD OFFICE : 454, P.K. Guha Road Airport Gate-1, Kolkata-700 028 (Near Welcome Club) M: 9836635555
হেড অফিস আসতে: শিয়ালদহ থেকে 30B, হাওড়া থেকে L238 ও দমদম থেকে DN/9 অথবা 30B বাস ধরে এয়ারপোর্ট ১ নং গেট। হোটেল শ্রীকৃষ্ণ ইন্টারন্যাশনাল এর নিকটে
SILIGURI : Medical More Near Shiv Mandir, Darjeeling M: 7890009672
RAJARHAT 9831234235
GARIA 8420919765

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। কোন বিজ্ঞানী বসন্ত রোগের প্রতিষেধক টিকা আবিষ্কার করেন — এডওয়ার্ড জেনার।

২। দণ্ডাকার ব্যাকটিরিয়াকে কী বলে — ব্যাসিলাস।

৩। পদ্ম কোন শ্রেণির উদ্ভিদ — জলজ বীরুৎ শ্রেণির।

৪। মরুভূমির প্রাণীরা শুষ্কমল ত্যাগ করে কেন — জল সাশ্রয়ের জন্য।

৫। ক্যাঙ্গারুর পেটের তলায় যে থলি থাকে, তাকে কী বলে — মারসুপিয়াম।

### পদার্থবিদ্যা

৬। তরলের ওপর চাপ বাড়িয়ে স্ফুটনাঙ্ক বাড়ানোর একটি পরিচিত যন্ত্রের নাম কী — প্রেশার কুকার।

৭। বিভব পার্থক্যের ব্যবহারিক একক কী — ভোল্ট।

৮। হীরককে উজ্জ্বল দেখানোর কারণ কী — আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন।

৯। তরঙ্গ কয় প্রকার ও কী কী — ২ প্রকার। অনুদৈর্ঘ্য তরঙ্গ ও তির্যক তরঙ্গ।

১০। কোন যন্ত্রের সাহায্যে তরলের আপেক্ষিক গুরুত্ব মাপা হয় — হাইড্রোমিটার।

### রসায়ন

১১। কে সর্বপ্রথম অ্যামোনিয়া গ্যাস তৈরি করেন — জোসেফ প্রিস্টলে (১৭৭৪ খ্রিস্টাব্দে)।

১২। 'লাইকার অ্যামোনিয়া' কাকে বলে — অ্যামোনিয়ার গাঢ় জলীয় দ্রবণকে।

১৩। 'নাইট্রাইট' কী ধরণের যৌগ — সমযোজী যৌগ।

১৪। কোন রয়াসনবিদ প্রথম তড়িৎ বিশ্লেষণকে কাজে লাগিয়ে ধাতু নিষ্কাশন



শুরু করেন — ইংরেজ রয়াসনবিদ হামফ্রে ডেভি।

১৫। একটি তরল অধাতুর নাম কী — ব্রোমিন।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। 'কুন্তল-বন-বিহার' নামে চৈত্যটি কণিষ্ক কোথায় তৈরি করেন — পুরুষপুর বা, পেশোয়ার।

১৭। সমুদ্রগুপ্তের মায়ের নাম কী ছিল — কুমারদেবী।

১৮। শীলভদ্র, কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন — নালন্দা।

১৯। কোন সন্ধির মাধ্যমে, ইংরেজরা 'পেশোয়া' পদ লোপ করে — পুনার সন্ধি।

২০। 'যোধাবাঈ মহল' কে তৈরি করান



— আকবর।

২১। 'লোকহিতবাদী' কার ছদ্মনাম — গোপালহরি দেশমুখ

২২। আকবরের সভার শ্রেষ্ঠ কবি কে ছিলেন — ঘিজলী।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২৩। ভারতের প্রথম মহিলা বিপ্লবী শহিদ কে — প্রীতিলতা ওয়াদ্দেদার।

২৪। 'হিন্দুস্তান গদর পার্টি'র প্রথম সভাপতি কে — সোহান সিং ভাখনা।

২৫। 'ইউনিভার্সিটি অ্যাক্ট' কোন ভাইসরয়ের আমলে চালু হয় — লর্ড কার্জন।

২৬। সুভাষচন্দ্র বসু কত সালে ছদ্মবেশে গৃহত্যাগ করেন — ১৯৪১ সালে।

২৭। বিদেশের মাটিতে কে প্রথম কমিউনিস্ট পার্টি তৈরি করেন — মানবেন্দ্রনাথ রায়।

২৮। 'সমৃদ্ধ ব্রিটিশ ভারত' বইটির লেখক কে — উইলিয়াম ডিগবি।

২৯। কাকে ব্রিটিশ পার্লামেন্টে ইমপিচ করা হয়েছিল — ওয়ারেন হেস্টিংস।

## ভূগোল

### ভারতের ভূগোল

৩০। ভারতের তথা পৃথিবীর সবথেকে বেশি বৃষ্টিপাত হয় কোথায় — মেঘালয় রাজ্যের চেরাপুঞ্জির মৌসিনরামে (১,২২১ সেন্টিমিটার)।

৩১। ভারতের ১ নম্বর জাতীয় সড়ক কোন দুটি শহরকে সংযোগ করেছে — নতুন দিল্লি ও অমৃতসর।

৩২। ভারতের প্রথম কার্পাস বয়ন কেন্দ্র কোথায় স্থাপিত হয় — ঘুসুরি (পশ্চিমবঙ্গের হুগলিতে)।

৩৩। 'ভরতপুর পাখিরালয়' ভারতের কোন রাজ্যে আছে — রাজস্থান।

৩৪। বিহারের 'কোডারমা' কীজন্য বিখ্যাত — অভ্রখনি।

### আন্তর্জাতিক ভূগোল

৩৫। কোন দেশকে 'দক্ষিণের ব্রিটেন' বলে — নিউজিল্যান্ড।

৩৬। কোন দেশ টিউলিপ ফুলের জন্য



বিখ্যাত — হল্যান্ড।

৩৭। কঙ্গো উপত্যকার অতিশয় খর্বাকৃতির লোকেদের কী বলে — পিগমি।

৩৮। ইউরোপের রূঢ় উপত্যকায় প্রধান খনিজ সম্পদ কী — কয়লা।

৩৯। বিশ্ববিখ্যাত 'নায়াগ্রা জলপ্রপাত' কোন নদী থেকে সৃষ্ট — সেন্ট লরেন্স।

### ভারতীয় রাজ্য ও তাদের রাজধানী

| রাজ্য | রাজধানী |
|---|---|
| মণিপুর | ইম্ফল |
| মেঘালয় | শিলং |
| মিজোরাম | আইজল |
| নাগাল্যান্ড | কোহিমা |
| ওড়িশা | ভুবনেশ্বর |
| পঞ্জাব | চণ্ডীগড় |
| রাজস্থান | জয়পুর |
| সিকিম | গ্যাংটক |
| তামিলনাড়ু | চেন্নাই |
| তেলেঙ্গানা | হায়দরাবাদ |
| ত্রিপুরা | আগরতলা |
| উত্তর প্রদেশ | লখনৌ |
| উত্তরাখণ্ড | দেরাদুন |
| পশ্চিমবঙ্গ | কলকাতা |

## রাষ্ট্রনীতি

৪০। ভারতের রাজনৈতিক শক্তির প্রধান উৎস কী — জনগণ।

৪১। সংবিধানের কোন অনুচ্ছেদ বলে ভারতের রাষ্ট্রপতিকে ইমপিচমেন্ট করা যায় — ৬১।

৪২। পৃথিবীর বৃহত্তম লিখিত সংবিধান কোনটি — ভারতের সংবিধান।

৪৩। সংবিধানের কত নম্বর ধারায় অস্পৃশ্যতার বিলোপ সাধন করা হয়েছে — ১৭ নম্বর।

৪৪। ভারতে 'অভিলেখ আদালত' হিসাবে কাজ করে কোন আদালত — সুপ্রিম কোর্ট।

৪৫। 'কলকাতা হাই কোর্ট' কবে প্রতিষ্ঠিত হয় — ১৮৬২ সালের ১ জুলাই।

## অর্থনীতি

৪৬। 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' (RBI) সম্প্রতি কোন কমিটির সুপারিশ অনুযায়ী, ভারত সরকারকে উদ্বৃত্ত তহবিল থেকে রেকর্ড ১.৭৬ লাখ কোটি টাকা দেওয়ার প্রস্তাব অনুমোদন করেছে — বিমল জালান কমিটি (আর.বি.আই ভারত সরকারকে ১,৭৬,০৫১ টাকা দেবে। এর মধ্যে ১,২৩,৪১৪ কোটি টাকা ২০১৮-'১৯ আর্থিক বছরের উদ্বৃত্ত হিসাবে দেওয়া হবে ও অতিরিক্ত ৫২,৬৩৭ কোটি টাকা দেওয়া হবে)।

৪৭। 'ইন্ডিয়ান ব্যাঙ্ক' সম্প্রতি কোন ইন্সিওরেন্স কোম্পানির সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে — টাটা এআইজি জেনারেল ইন্সিওরেন্স।

৪৮। কোন ব্যাঙ্ক সম্প্রতি ভারতে প্রথম এটিএম থেকে টাকা তোলার সময় 'ওয়ান টাইম পাসওয়ার্ড' (OTP) সুবিধা চালু করল — কানাড়া ব্যাঙ্ক (একদিনে ১০,০০০ টাকা বা, তার বেশি টাকা তোলার ক্ষেত্রে এই সুবিধা পাওয়া যাবে)।

## সাম্প্রতিক ঘটনা

৪৯। প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের সুবিধার জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি এক্সক্লুসিভ এডুকেশন টেলিভিশন চ্যানেল 'কালভি থোলাইক্কাটচি' চালু করেছে — তামিলনাড়ু সরকার।

৫০। বিখ্যাত 'মাদুরাই মীনাক্ষী আম্মান মন্দির'এর বার্ষিক উৎসব ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — তামিলনাড়ু।

৫১। কাকে সম্প্রতি বাহরাইনের বাদশাহের সম্মান 'দ্য কিং হামাদ অর্ডার অফ দ্য রেনেসাঁ' দিলেন সেদেশের বাদশাহ হামাদ বিন ইশা আল খলিফা — ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী (উপসাগরীয় দেশের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার ক্ষেত্রে উদ্যোগ নেওয়ার জন্য এই সম্মান পেয়েছেন তিনি)।

৫২। মার্কিনি পত্রিকা 'ফোর্বস'এর বিচারে, সম্প্রতি 'সর্বোচ্চ পারিশ্রমিক প্রাপ্ত অভিনেত্রী'দের তালিকায় কে শীর্ষস্থান পেলেন —



হলিউড অভিনেত্রী স্কারলেট ইয়োহানসন (তাঁর সম্পত্তির পরিমাণ ৫৬ মিলিয়ন মার্কিন ডলার)।

৫৩। ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য, ২০১৯ সালে 'ইন্সটিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)'র তরফ থেকে কে 'বিশিষ্ট ইঞ্জিনিয়ার পুরস্কার' পেলেন — 'সেন্ট্রাল পাব্লিক ওয়ার্কস ডিপার্টমেন্ট'এর (CPWD) ডিরেক্টর জেনারেল প্রভাকর সিং।

৫৪। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী সম্প্রতি কোন দেশে 'রুপে ডেবিট কার্ড' চালু করলেন — সংযুক্ত আরব আমিরাত (সংযুক্ত আরব আমিরাত প্রথম উপসাগরীয় দেশ, যেখানে ভারতীয় রুপে কার্ড চালু করা হয়েছে)।

৫৫। কোন দেশ সম্প্রতি বিশ্বের প্রথম ভাসমান পরমাণু চুল্লির সমুদ্র যাত্রার সূচনা করল — রাশিয়া।

৫৬। 'ন্যাশনাল হেলথ মিশন'এর (NHM) সাম্প্রতিক র‍্যাঙ্কিংয়ে 'বিনামূল্যে ওষুধ প্রকল্প' রূপায়ণে ভারতের কোন রাজ্য প্রথম স্থান অধিকার করেছে — রাজস্থান।

৫৭। 'ওয়ার্ল্ড হেরিটেজ সিটি' হিসাবে, পুরীর উন্নতির প্রকল্পে ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি ৫০০ কোটি টাকা বরাদ্দ করল — ওড়িশা সরকার।

৫৮। 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অফ ইন্ডিয়া' (FSSAI) সম্প্রতি উত্তর প্রদেশের কোন শহরে 'জাতীয় খাদ্য পরীক্ষাগার' চালু করেছে — গাজিয়াবাদ (এটি উদ্বোধন করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী হর্ষবর্ধন)।

৫৯। বিদেশি পর্বতারোহীদের ট্রেকিংয়ের জন্য, ভারত সরকার সম্প্রতি মোট ক'টি পর্বতশৃঙ্গ খুলে দিল — ১৩৭টি।

৬০। 'হলঙ্গি বিমানবন্দর' ভারতের কোন রাজ্যের কোন শহরে গড়ে উঠতে চলেছে — অরুণাচল প্রদেশের ইটানগর।

৬১। ২০১৯ সালে 'ওয়েস্টার্ন জোনাল কাউন্সিল'এর ২৪তম মিটিং, ভারতের কোন রাজ্যের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — গোয়ার পানাজি (এই মিটিংয়ের সভাপতিত্ব করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ)।

৬২। 'সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস' (SDGs) বাস্তবায়নের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম'এর (UNDP) সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে — পঞ্জাব সরকার।

৬৩। দীর্ঘ রোগভোগের পর, ২০১৯ সালের ২৪ আগস্ট প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অরুণ জেটলি (৬৬ বছর) মারা যান। তিনি কোন মন্ত্রকের দায়িত্বে ছিলেন — অর্থমন্ত্রক।

৬৪। মার্কিনি পত্রিকা 'ফোর্বস'এর বিচারে, ২০১৯ সালের বিশ্বের সেরা ১০ সর্বাধিক উপার্জনশীল অভিনেতার তালিকায় অক্ষয় কুমার কত তম স্থান পেলেন — চতুর্থ (২০১৮ সালের ১ জুন থেকে ২০১৯ সালের ১ জুন পর্যন্ত তিনি আয় করেছেন অন্তত ৬৫ মিলিয়ন মার্কিন ডলার। এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছেন অভিনেতা ডোয়েন জনসন। তাঁর আয় ৮ কোটি ৯৪ লাখ মার্কিন ডলার)।

৬৫। পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ দফতরের সংস্থা 'মাদার ডেয়ারি' সম্প্রতি তাদের 'প্যাকেজড' দুধে কোন ২ ভিটামিন যুক্ত করার সিদ্ধান্ত নিল — ভিটামিন 'এ' ও ভিটামিন 'ডি'।

৬৬। 'ন্যাশনাল সেন্টার ফর আভিয়ান ইকোটক্সিকোলজি' সম্প্রতি ভারতের কোন রাজ্যের কোন শহরে 'সেলিম আলি সেন্টার ফর অরনিথোলজি অ্যান্ড ন্যাচারাল সায়েন্সেস' (SACON) চালু করেছে — তামিলনাড়ুর কোয়েম্বাটোর (এটি উদ্বোধন করেছেন কেন্দ্রীয় পরিবেশ ও বনমন্ত্রী প্রকাশ জাভড়েকর)।

৬৭। ডিজিটাল শিক্ষার সুবিধার জন্য, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক সম্প্রতি 'ন্যাশনাল মিশন অন এডুকেশন থ্রো ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি'র (NMEICT) আওতায় যে প্রকল্পটি চালু করেছে, সেটির নাম কী — ন্যাশনাল ডিজিটাল লাইব্রেরি অফ ইন্ডিয়া।

## খেলাধূলা

৬৮। ২০১৯ সালে 'উয়েফা সুপার কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — লিভারপুল (চেলসিকে টাইব্রেকারে ৫-৪ ব্যবধানে হারিয়ে)।

৬৯। ২০১৯ সালে 'ইন্ডিয়ান গ্রাঁ প্রি'তে ১০০ মিটারে কে সোনার পদক পেলেন — দ্যুতি চাঁদ (১১.৪২ সেকেন্ড সময় করে)।

৭০। 'কলকাতা নাইট রাইডার্স'এর প্রধান কোচ এখন কে — ব্রেন্ডন ব্যারি ম্যাকালাম।

৭১। ২০১৯ সালে সুইৎজারল্যান্ডের বাসেলে অনুষ্ঠিত 'বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — জাপানের



কেন্তো মোমোতা (ডেনমার্কের অ্যান্ডার্স অ্যান্তোনসেনকে ২১-৯ ও ২১-৩ ব্যবধানে হারিয়ে)।

৭২। ২০১৯ সালে চেক প্রজাতন্ত্রে অনুষ্ঠিত, 'অ্যাথলেটিকি মিটিঙ্ক রেইটার ইভেন্ট'এ মহিলাদের ৩০০ মিটার বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতীয় তারকা হিমা দাস (এই প্রতিযোগিতায় পুরুষদের ৩০০ মিটারে সোনার পদক পেলেন ভারতের মহম্মদ আনাস)।

৭৩। ২০১৯ সালে কোন দেশে 'বিশ্ব যুব দাবা চ্যাম্পিয়নশিপ' অনুষ্ঠিত হবে — ভারত (১ অক্টোবর থেকে ১৩ অক্টোবর এটি মুম্বই শহরে অনুষ্ঠিত হবে)।

৭৪। কে সম্প্রতি 'মেরিলিবোন ক্রিকেট ক্লাব'এর (MCC) সাম্মানিক আজীবন সদস্যপদ পেলেন — অস্ট্রেলিয়ার প্রাক্তন পেস বোলার মিচেল জনসন।

৭৫। মোনালি যাদব, যিনি ২০১৯ সালে 'ওয়ার্ল্ড পুলিশ গেমস'এ ৩টি পদক পেয়েছেন, তিনি ভারতের কোন রাজ্য থেকে এসেছেন — মহারাষ্ট্র।

৭৬। ২০১৯ সালে 'সিনসিনাটি মাস্টার্স টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রাশিয়ার ড্যানিল মেডভেডেভ (বেলজিয়ান টেনিস তারকা ডেভিড গফিনকে ৭-৬ (৭-৩) ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৭৭। ২০১৯ সালে 'সিনসিনাটি মাস্টার্স টেনিস'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাডিসন কেস (রাশিয়ার শ্বেতলানা আলেকজান্দ্রোভনা কুজনেৎসোভাকে ৭-৫ ও ৭-৬ (৭-৫) ব্যবধানে হারিয়ে)।

৭৮। ২০১৯ সালে সুইৎজারল্যান্ডের বাসেলে অনুষ্ঠিত, 'বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ কে প্রথম ভারতীয় হিসাবে মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন — পুসারলা ভেঙ্কটা সিন্ধু (জাপানের নোজোমি ওকুহারাকে ২১-৭ ও ২১-৭ ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

The Education House, YouTube

Scanned by CamScanner

# কেন্দ্রীয় সংস্থায় ১৪৫ অ্যাপ্রেন্টিস

কেন্দ্রীয় সরকারি সংস্থা ন্যাশনাল ফার্টিলাইজার্স লিমিটেড 'ট্রেড অ্যাপ্রেন্টিস', ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৪৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :**

আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, ফিটার, ওয়েল্ডার, মেশিনিস্ট, স্টেনো, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ১ বছরের ট্রেনিং। যথারীতি স্টাইপেন্ড পাবেন। শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান ১১টি, ইন্সট্রুমেন্ট মেকানিক ১১টি, ফিটার ১৩টি, ওয়েল্ডার ৭টি, মেশিনিস্ট ৮টি, স্টেনো ২টি, কম্পিউটার অপারেটর ২টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :**

পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রনিক্স ও ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ইলেক্ট্রনিক্স ট্রেডের বেলায় ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ট্রেডে পাশ হলেও যোগ্য। ইন্সট্রুমেন্টেশন ট্রেডের বেলায় ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ট্রেডের প্রার্থীরাও যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড পাবেন। শূন্যপদ : মেকানিক্যাল ১৬টি, ইলেক্ট্রিক্যাল ১৮টি, কেমিক্যাল ৬টি, ইলেক্ট্রনিক্স ৮টি, ইন্সট্রুমেন্টেশন ৮টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :**

**কম্পিউটার :** আই.টি. বা, কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট ৩টি।

**ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট ৮টি।

**কেমিক্যাল :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট ৫টি।

**ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট ৫টি।

**ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট ৬টি।

**মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট ৬টি।

ওপরের সব ক্ষেত্রে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-৭-২০১৯'এর হিসাবে ন্যূনতম ১৮ বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। আগে কোনো অ্যাপ্রেন্টিস ট্রেনিং নিয়ে থাকলে যোগ্য নন। এই পদের বিজ্ঞপ্তি নং : Advt No/VJP/08/2019. প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www. apprenticeship.gov.in / www.mhrdnats.gov.in নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার ন্যাশনাল ফার্টিলাইজার্স লিমিটেডে দরখাস্ত করবেন সাধারণ কাগজে, পুরো বায়োডাটা দিয়ে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছনো চাই ২১ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chief Manager (HR), M/s National Fertilizers Ltd, Vijaipur, Dist. Guna (M.P.) - 473111.

## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিসের স্কুলের সাব-ইন্সপেক্টর ও মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর পদের ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের সাব-ইন্সপেক্টর অফ স্কুল পদের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in সফলদের ইন্টারভিউ শুরু ১৯ সেপ্টেম্বর থেকে। চলবে ৩১ ডিসেম্বর পর্যন্ত। ইন্টারভিউয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন ৯ সেপ্টেম্বর থেকে।

অন্যদিকে, পশ্চিম পাব্লিক সার্ভিস কমিশনের জুডিশিয়াল সার্ভিস পরীক্ষায় সফলদের ইন্টারভিউ শুরু হয়েছে। চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত। এছাড়াও মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) পদের ইন্টারভিউ চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত।

INTERVIEW
■ S.I (School)
■ College Service
■ Judicial Service
■ Motor Vehicles (NT)
■ WBP Constable
পশ্চিমবঙ্গে ইন্টারভিউ প্রশিক্ষণের সেরা ঠিকানা।
NICE EDUCATION 7547906100 7547906200 7547906300

## রাজ্যে ৩৩,৬৮৭ শূন্যপদের বিজ্ঞপ্তি

১ পাতার পর

আবার বিল পাস করে এই স্টাফ সিলেকশন কমিশনকে তুলে দেয় রাজ্য সরকার। তারপর ২০১৭ সালের সেপ্টেম্বর মাস নাগাদ অর্থ দফতর বিজ্ঞপ্তি জারি করে গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে নিয়োগের দায়িত্ব দেয় পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনকে।

রাজ্য সরকার দ্রুত শূন্যপদ পূরণের জন্য আবার স্টাফ সিলেকশন কমিশনকে ফিরিয়ে আনতে চাইছে। তাই বিধানসভায় 'দ্য ওয়েস্ট বেঙ্গল স্টাফ সিলেকশন কমিশন. (রিপিলিং) (রিপিলিং) বিল-২০১৯' পাস হয়। এবার থেকে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে লোক নিয়োগ করা হবে। গ্রুপ-বি পদে শূন্যপদ আছে ৯,১২৭টি (জেনাঃ ৫০১৯, তঃজাঃ ২০০৮, তঃউঃজাঃ ৫৪৮, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৯১৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৬৩৯, প্রতিবন্ধী ৩৬৫)। গ্রুপ-সি পদে শূন্যপদ আছে ১৩,৭২৩টি (জেনাঃ ৭,৫৪৮টি, তঃজাঃ ৩,০১৯টি, তঃউঃজাঃ ৮২৩টি, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১,৩৭২টি, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৯৬১টি, প্রতিবন্ধী ৫৪৯টি)। গ্রুপ-সি পদে আছে লোয়ার ডিভিশন ক্লার্ক / অ্যাসিস্ট্যান্ট', ফুডের সাব-ইন্সপেক্টর, আবগারি দফতরের অ্যাসিস্ট্যান্স সাব-ইন্সপেক্টর, কৃষি প্রযুক্তি সহায়ক, ভূমি সহায়ক, আমিন, ড্রাফটসম্যান, ভেটেরিনারি ফার্মাসিস্ট, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, কৃষি বিভাগের অধীন ডিরেক্টরেট অফ অ্যাগ্রিকালচার 'মেটেরোলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট', স্টেনোগ্রাফার, মেডিক্যাল টেকনোলজিস্ট ইত্যাদি।

গ্রুপ-বি পদে আছে বিভিন্ন জেলা অফিস ও রিজিওন্যাল অফিসের বিভিন্ন দফতরে কাজের জন্য 'ইন্সপেক্টর', 'মাইনরিটি ডেভেলপমেন্ট অফিসার', 'রিসার্চ ইনভেস্টিগেটর' ও 'ফিসারি এক্সটেনশন অফিসার', সংখ্যালঘু সম্প্রদায় ও মাদ্রাসা শিক্ষা দফতরে কাজের জন্য 'ইন্সপেক্টর অফ ওয়াকফ (গ্রুপ-বি)', গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি কলেজে কাজের জন্য 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট' ইত্যাদি।

গ্রুপ-এ পদে শূন্যপদ আছে ৪,০৫৭টি। এর মধ্যে জেনারেল ২,২৩১, তঃজাঃ ৮৯৩টি, তঃউঃজাঃ ২৪৩টি, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৪০৬টি, ও.বি.সি. -বি ক্যাটেগরি ২৮৪টি, প্রতিবন্ধী ১৬২টি।

গ্রুপ-ডি পদে শূন্যপদ আছে ৬,৭৮০টি (জেনাঃ ৩,৭২৯টি, তঃজাঃ ১,৪৯১টি, তঃউঃজাঃ ৪০৭টি, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৬৭৮, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৪৭৫টি, প্রতিবন্ধী ২৭১টি)।

রাজ্য সরকারের গ্রুপ-ডি নিয়োগের জন্য গ্রুপ-ডি রিক্রুটমেন্ট বোর্ড আছে। কিন্তু দ্রুত নিয়োগের জন্য গ্রুপ-ডি পদে নিয়োগও পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে হতে পারে।

রাজ্য অর্থ দফতর থেকে জানা গেছে, চলতি মাসেই রাজ্য সরকারের শূন্যপদ নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে।

আতিক আহমেদ সিদ্দিকি, অমিত দে, বি.ডি.ও স্যারের তত্ত্বাবধানে —
স্কুলের সাব-ইন্সপেক্টর, জুডিশিয়াল সার্ভিস, পুলিশ, রেল, MVI, কোর্ট, SLST, WBCS ইত্যাদি পরীক্ষার
Mock Interview
-এর জন্য যোগাযোগ করুন
BARASAT ACADEMIC ASSOCIATION
৮৬/বি, পাইওনিয়ার পার্ক, বারাসাত
6291204716, 9073587432

২,০০,০০০ শূন্যপদে
কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির সুযোগ জিএসসিই-তে
GSCE পড়লেই সরকারি চাকরি
Helpline : 9830277100 / 200 / 300
যে সমস্ত কোর্সে ভর্তি চলছে
WBCS (Preliminary, Main, Interview + Other Exams)
Regular Combined (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc. )
Crash Course → TET • Primary TET • SLST • Bank
সদ্যপ্রকাশিত WBP SI পরীক্ষায় জিএসসিই-র ৩৪২ জন সফল ছাত্রছাত্রীর মধ্যে কয়েকজন



সেমিনার
সেমিনারে যোগদান করলে আধিকারিকবৃন্দের সুপরামর্শ ছাড়াও মিলবে কিছু মূল্যবান স্টাডি মেটেরিয়ালস্।
কবে, কোথায়, কখন
GSCE-র আধিকারিকবৃন্দ নিয়মিত সমস্ত কেন্দ্র পরিদর্শনে যান ও ছাত্রছাত্রী ও অভিভাবকদের সঙ্গে সাক্ষাৎ করেন। কী পদ্ধতিতে পড়াশোনা করলে একজন ছাত্র বা ছাত্রী তার বয়স ও যোগ্যতা অনুযায়ী কী কী চাকরি পেতে পারে তার এক সুচিন্তিত ও কার্যকরি রূপরেখা স্যারদের কাছ থেকে পাওয়া যায়। অভিভাবকগণও জানতে পারেন তাঁদের সন্তানদের জন্য কোন্ কোর্সটি আদর্শ এবং প্রতিযোগিতায় সাফল্য লাভের জন্য তাঁদের সন্তানদের অবশ্যকরনীয় কী। প্রায় শতাব্দী প্রাচীন জর্জ টেলিগ্রাফের GSCE সমস্ত ছাত্রছাত্রী ও অভিভাবকগণকে আহ্বান করছে বিনামূল্যে এই সেমিনারে অংশগ্রহন করার জন্য।







ডায়মন্ডহারবার 9230056662 12.00 pm 11/9/19
বারাসাত 9674087467 11.30 am 12/9/19
কাটোয়া 9830277230 12.00 pm 13/9/19
বর্ধমান 9674025700 12.00 pm 14/9/19
কল্যাণী 9674087469 11.00 am 15/9/19
ডানলপ 9230056673 12.00 pm 16/9/19
সেমিনারে যারা আসছেন তারা কোর্স ফি—এর উপর বিশেষ ছাড়ের সুবিধা পাবেন।
সেমিনারে আসন সংখ্যা সীমিত। আগে এলে আগে সুযোগ। এক কপি ফোটো ও আধার / ভোটার কার্ডের ফটোকপি নিয়ে আসতে হবে।
আর্থিকভাবে দুর্বল ছাত্রছাত্রীদের জন্য GSCE-নিয়ে এল
বৈশিষ্ট্য ঃ
৪০০০ টাকা কোর্স ফি + জি.এস.টি এবং ৫০০ টাকা প্রতি মাস + জি.এস.টি।
আসন সংখ্যা সীমিত।
(হেড অফিস) শিয়ালদহ
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306
উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 | ডায়মন্ডহারবার | 9230056662 | আসানসোল | 9674087475 | মালদা | 9674087472 |
| গড়িয়াহাট | 9230056665 | ক্যানিং | 7031615596 | দুর্গাপুর | 9674025500 | বালুরঘাট | 9230056676 |
| নেতাজীনগর | 9674087860 | হাওড়া ময়দান | 9230056677 | বর্ধমান | 9674025700 | রায়গঞ্জ | 8017491728 |
| বারাসাত | 9674087467 | বাগনান | 9674087468 | কোন্নগর | 9230056667 | ইসলামপুর | 9830277597 |
| বনগাঁ | 8697984953 | তমলুক | 8697984951 | তারকেশ্বর | 9830277743 | শিলিগুড়ি | 9674087473 |
| ব্যারাকপুর | 9230056668 | কাঁথি | 9674140376 | ব্যান্ডেল | 9230056669 | কালিম্পং | 9830277171 |
| কল্যানী | 9674087469 | পঃমেদিনীপুর | 9230056671 | কাটোয়া | 9830277230 | জলপাইগুড়ি | 9674025600 |
| রানাঘাট | 9674083508 | ঝাড়গ্রাম | 9674087874 | বোলপুর | 9674012025 | ধূপগুড়ি | 9830277257 |
| কৃষ্ণনগর | 9674087470 | বাঁকুড়া | 8017491727 | রামপুরহাট | 9674061397 | আলিপুরদুয়ার | 9674033336 |
| সোনারপুর | 9674087466 | পুরুলিয়া | 9830277820 | বহরমপুর | 9674087471 | কোচবিহার | 9830277023 |
| | | | | | | দিনহাটা | 9830277698 |

বিজ্ঞপ্তি শীঘ্রই
রাজ্য সরকারে নিয়োগ হতে চলেছে শূন্যপদ ৩৩,৬৮৭
Website : www.gsceindia.org
George Telegraph • Since 1920
ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত কিছু জানতে-
9231036500

Scanned by CamScanner

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৩ আগস্ট :** 'ওয়ার্ল্ড হেরিটেজ সিটি' হিসাবে, পুরীর উন্নতির প্রকল্পে ৫০০ কোটি টাকা বরাদ্দ করল ওড়িশা সরকার।

□ উত্তর প্রদেশের গাজিয়াবাদে, 'জাতীয় খাদ্য পরীক্ষাগার' চালু করল 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অফ ইন্ডিয়া' (FSSAI)। এটি উদ্বোধন করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী হর্ষবর্ধন।

□ বিদেশি পর্বতারোহীদের ট্রেকিংয়ের জন্য কাঞ্চনজঙ্ঘা-সহ ১৩৭টি পর্বতশৃঙ্গ খুলে দিল ভারত সরকার।

□ বিশ্বের প্রথম ভাসমান পরমাণু চুল্লির সমুদ্র যাত্রার সূচনা করল রাশিয়া। এদিন আর্কটিক থেকে পরমাণু জ্বালানি বোঝাই বিশাল জাহাজ 'আকাদেমিক লোমোনসভ' রাশিয়ার উত্তর-পূর্বাঞ্চলের সাইবেরিয়ার উদ্দেশ্যে মুরমানস্ক বন্দর ছেড়ে যায়। গন্তব্যে পৌঁছাতে ৫,০০০ কিলোমিটার জলপথ পাড়ি দিতে হবে।

□ সন্ত্রাসে অর্থ জোগানো ও আর্থিক তছরূপ রুখতে ইসলামাবাদ যথাযথ পদক্ষেপ নিতে ব্যর্থ হওয়ায়, পাক-ই-স্তানকে 'কালো তালিকাভুক্ত দেশ' বলে ঘোষণা করল 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স' (FATF) নামে আন্তর্জাতিক আর্থিক পর্যবেক্ষক সংস্থার অধীন 'এশিয়া প্যাসিফিক গ্রুপ' (APG)।

□ মার্কিনি পত্রিকা 'ফোর্বস'এর বিচারে, 'সর্বোচ্চ পারিশ্রমিকপ্রাপ্ত অভিনেত্রী'দের তালিকায় শীর্ষস্থান পেলেন হলিউড অভিনেত্রী স্কারলেট ইয়োহানসন তাঁর সম্পত্তির পরিমাণ ৫৬ মিলিয়ন মার্কিন ডলার।

□ 'বিশ্ব যুব তিরন্দাজি চ্যাম্পিয়নশিপ'এ ব্রঞ্জ পদক পেল ভারতীয় দল।

**২৪ আগস্ট :** সংযুক্ত আরব আমিরশাহির সর্বোচ্চ অসামরিক সম্মান 'অর্ডার অফ জায়েদ' পেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

দীর্ঘ রোগভোগের পর, প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলি (৬৬ বছর) মারা গেলেন।



□ পুর কাজে স্বচ্ছতা ও গতি আনতে, ই-অফিস পদ্ধতি চালু করার সিদ্ধান্ত নিল কলকাতা পুরনিগম।

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।



# 'ভারতরত্ন' সম্মান





এবছরের ৮ আগস্ট দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান 'ভারতরত্ন' পেলেন দেশের ত্রয়োদশ রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়, ভূপেন হাজারিকা (মরণোত্তর) ও নানাজি দেশমুখ (মরণোত্তর)। ১৯৫৪ সালের ২ জানুয়ারি রাষ্ট্রপতির আদেশে অসামরিক ক্ষেত্রে সর্বোচ্চ অবদানের নিদর্শনস্বরূপ ৪টি পুরস্কার চালু হয়। এগুলি হল 'ভারতরত্ন', 'পদ্মশ্রী', 'পদ্মভূষণ' ও 'পদ্মবিভূষণ'। অত্যন্ত সম্মানজনক এই পুরস্কারের খুঁটিনাটি নিয়ে বিশদ আলোচনায় পল্লবী দেওয়ান। এবারের বিষয় 'ভারতরত্ন'।

## ১৯৫৪ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত 'ভারতরত্ন' সম্মান প্রাপকদের তালিকা

| বছর | পুরস্কার প্রাপক | পুরস্কার প্রাপকদের বিবরণ |
|---|---|---|
| ১৯৫৪ | চক্রবর্তী রাজাগোপালাচারী | ভারতের স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণকারী, রাষ্ট্রনেতা ও আইনজীবী |
| | সর্বপল্লী রাধাকৃষ্ণন | দার্শনিক, ভারতের প্রথম উপরাষ্ট্রপতি |
| | স্যার চন্দ্রশেখর ভেঙ্কটরমন | বিজ্ঞানী |
| ১৯৫৫ | ভগবান দাস | স্বাধীনতা সংগ্রামী, দার্শনিক ও শিক্ষাবিদ |
| | স্যার মোক্ষগুন্ডাম বিশ্বেশ্বরায়া | সিভিল ইঞ্জিনিয়ার |
| | জওহরলাল নেহরু | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৫৭ | গোবিন্দ বল্লভ পন্থ | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৫৮ | ধোন্দ্র কেশব কার্ভে | সমাজ সংস্কারক ও শিক্ষাবিদ |
| ১৯৬১ | বিধানচন্দ্র রায় | চিকিৎসক |
| | পুরুষোত্তম দাস ট্যান্ডন | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৬২ | রাজেন্দ্র প্রসাদ | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৬৩ | জাকির হুসেইন | স্বাধীনতা সংগ্রামী ও শিক্ষাবিদ |
| | পাণ্ডুরং বামন কানে | ভারততত্ত্ববিদ ও সংস্কৃত গবেষক |
| ১৯৬৬ | লাল বাহাদুর শাস্ত্রী (মরণোত্তর) | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৭১ | ইন্দিরা গান্ধী | ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী |
| ১৯৭৫ | বরাহগিরি ভেঙ্কটা গিরি | ট্রেড ইউনিয়ন নেতা |
| ১৯৭৬ | কুমারস্বামী কামরাজ (মরণোত্তর) | স্বাধীনতা সংগ্রামী ও রাষ্ট্রনেতা |
| ১৯৮০ | মাদার টেরেসা বোজাক্সহিউ | ক্যাথলিক সন্ন্যাসিনী |
| ১৯৮৩ | বিনোবা ভাবে (মরণোত্তর) | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৮৭ | খান আব্দুল গফফর খান | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৮৮ | মারুথুর গোপালা রামচন্দ্রন (মরণোত্তর) | তামিলনাড়ুর প্রাক্তন মুখ্যমন্ত্রী |
| ১৯৯০ | ভীমরাও রামজি আম্বেদকর (মরণোত্তর) | সমাজ সংস্কারক ও দলিত নেতা |
| | নেলসন রোলিহলাহলা ম্যান্ডেলা | দক্ষিণ আফ্রিকার প্রাক্তন রাষ্ট্রপতি |
| ১৯৯১ | রাজীব গান্ধী (মরণোত্তর) | ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী |
| | বল্লভভাই জাভেরভাই প্যাটেল (মরণোত্তর) | ভারতের প্রথম উপপ্রধানমন্ত্রী |
| | মোরারজি রনচোডজি দেশাই | স্বাধীনতা সংগ্রামী |
| ১৯৯২ | মৌলানা আবুল কালাম আজাদ (মরণোত্তর) | ভারতের প্রথম শিক্ষামন্ত্রী |
| | জেহাঙ্গির রতনজি দাদাভয় টাটা | শিল্পপতি |
| | সত্যজিৎ রায় | চিত্র পরিচালক |
| ১৯৯৭ | গুলজারিলাল নন্দা | স্বাধীনতা সংগ্রামী |
| | অরুণা আসফ আলি (মরণোত্তর) | স্বাধীনতা সংগ্রামী |
| | আবুল পাকির জয়নুলাব্দিন আব্দুল কালাম | ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি |
| ১৯৯৮ | মাদুরাই সম্মুখাভাদিভু সুবুলক্ষ্মী | কণ্ঠসঙ্গীতশিল্পী |
| | চিদাম্বরম সুব্রহ্মণ্যম | ভারতের প্রাক্তন কৃষিমন্ত্রী |
| ১৯৯৯ | জয়প্রকাশ নারায়ণ (মরণোত্তর) | স্বাধীনতা সংগ্রামী |
| | অমর্ত্য সেন | অর্থনীতিবিদ |
| | গোপীনাথ বরদলৈ (মরণোত্তর) | স্বাধীনতা সংগ্রামী |
| | রবি শঙ্কর | সেতারবাদক |
| ২০০১ | লতা মঙ্গেশকর | সঙ্গীতশিল্পী |
| | বিসমিল্লাহ খান | হিন্দুস্তানি শাস্ত্রীয় সানাই বাদক |
| ২০০৯ | ভীমসেন যোশী | হিন্দুস্তানি শাস্ত্রীয় কণ্ঠসঙ্গীত শিল্পী |
| ২০১৪ | চিন্তামনি নাগেশা রামচন্দ্র রাও | বিজ্ঞানী |
| | শচীন রমেশ তেন্ডুলকর | ক্রিকেটার |
| ২০১৫ | মদনমোহন মালব্য (মরণোত্তর) | গবেষক ও শিক্ষা সংস্কারক |
| | অটলবিহারী বাজপেয়ী | ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী |
| ২০১৯ | প্রণব মুখোপাধ্যায় | ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি |
| | নানাজি দেশমুখ (মরণোত্তর) | সমাজকর্মী |
| | ভূপেন হাজারিকা (মরণোত্তর) | সঙ্গীতশিল্পী |


## একনজরে 'ভারতরত্ন' সম্মানের নানা অজানা দিক

- ১৯৫৪ সালের ২ জানুয়ারি, এই সম্মান দেওয়া চালু হয়।
- বছরে সর্বোচ্চ ৩ জনকে 'ভারতরত্ন' সম্মান দেওয়া হয়। যদিও ১৯৯৯ সালে ৪ জনকে এই সম্মান দেওয়া হয়েছিল।
- যাঁদের 'ভারতরত্ন' দেওয়া হয়, তাঁদের নাম ভারতের প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতির কাছে সুপারিশ করেন।
- পুরস্কার প্রাপক ভারতের রাষ্ট্রপতির স্বাক্ষর সম্বলিত একটি সনদ (শংসাপত্র) ও অশ্বত্থ পাতার আকৃতিবিশিষ্ট একটি পদক পান।
- এই সম্মানের সঙ্গে কোনো অর্থমূল্য দেওয়া হয় না।
- ভারতীয় সংবিধানের ১৮ (১) ধারা অনুসারে, যিনি 'ভারতরত্ন' সম্মান পান, তিনি এই সম্মানটিকে উপাধির আকারে তাঁর নামের আগে বা, পরে ব্যবহার করতে পারেন না। তবে তিনি যে 'ভারতরত্ন' সম্মান পেয়েছেন, সেটি প্রকাশ করার জন্য 'রাষ্ট্রপতি কর্তৃক ভারতরত্ন সম্মান প্রাপ্ত' বা, 'ভারতরত্ন প্রাপক' জাতীয় শব্দবন্ধ ব্যবহার করতে পারেন।
- ভারতীয় পদমর্যাদা ক্রমে 'ভারতরত্ন' সম্মান প্রাপকের স্থান সপ্তম।
- এই সম্মান প্রাপকের সম্মান বাতিল বা, প্রত্যাহারের অধিকার শুধুমাত্র রাষ্ট্রপতিরই আছে। যাঁর সম্মান বাতিল বা, প্রত্যাহার করা হয়, তাঁকে পদকটি ফেরত দিতে হয় ও নথি থেকে তাঁর নাম কাটা যায়।
- ১৯৫৪ সালে প্রথম 'ভারতরত্ন' সম্মান পান রাজনীতিবিদ চক্রবর্তী রাজাগোপালাচারী, দার্শনিক সর্বপল্লী রাধাকৃষ্ণন ও বিজ্ঞানী স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রামন।
- তারপর থেকে এখনও পর্যন্ত মোট ৪৫ জন ব্যক্তি এই সম্মান পেয়েছেন।
- তাঁদের মধ্যে ১৪ জনকে মরণোত্তর 'ভারতরত্ন' সম্মান দেওয়া হয়েছে।
- প্রথমদিকে মরণোত্তর 'ভারতরত্ন' সম্মান দেওয়ার ব্যবস্থা না থাকলেও, ১৯৫৫ সালের জানুয়ারিতে এই নিয়মে বদল আনা হয়।
- ১৯৬৬ সালে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী প্রথম মরণোত্তর 'ভারতরত্ন' সম্মান পান।
- ২০১৪ সালে ক্রিকেটার শচীন রমেশ তেন্ডুলকর ৪০ বছর বয়সে 'ভারতরত্ন' সম্মান পান। তিনিই কনিষ্ঠতম 'ভারতরত্ন' প্রাপক।
- সাধারণত ভারতীয় নাগরিকদের এই সম্মান দেওয়া হয়ে থাকে। তবে ১৯৮০ সালে বিদেশি বংশোদ্ভূত ভারতীয় নাগরিক মাদার টেরেসা বোজাক্সহিউ 'ভারতরত্ন' সম্মান পান।
- এছাড়া ২ জন বিদেশি নাগরিকও 'ভারতরত্ন' সম্মান পেয়েছেন। ১৯৮৭ সালে পাক-ই-স্তানি নাগরিক খান আব্দুল গফফর খান ও ১৯৯০ সালে দক্ষিণ আফ্রিকার প্রাক্তন রাষ্ট্রপতি নেলসন রোলিহলাহলা ম্যান্ডেলা 'ভারতরত্ন' সম্মান পেয়েছেন।
- ১৯৭৭ সালের জুলাই থেকে ১৯৮০ সালের জানুয়ারি পর্যন্ত, ভারতের প্রথম অ-কংগ্রেসি কেন্দ্রীয় সরকার অন্যান্য ব্যক্তিগত বেসামরিক সম্মানের সঙ্গে 'ভারতরত্ন' সম্মানও রদ করেছিল।
- এরপর ১৯৯২ সালের আগস্ট থেকে ১৯৯৫ সালের ডিসেম্বর পর্যন্ত, এই সম্মানের সাংবিধানিক বৈধতা সংক্রান্ত কয়েকটি জনস্বার্থ মামলার পরিপ্রেক্ষিতে দ্বিতীয়বার এই সম্মান দেওয়া বন্ধ ছিল।

## একনজরে 'ভারতরত্ন' সম্মানের পদকের নকশা ও বৈশিষ্ট্য



- পদকটি একটি অশ্বত্থ পাতার আকৃতিবিশিষ্ট। এটির দৈর্ঘ্য ৫৯ মিলিমিটার ও প্রস্থ ৪৮ মিলিমিটার। স্থূলতা ৩.২ মিলিমিটার। পদকটিতে প্ল্যাটিনামের বেড় দেওয়া থাকে। সামনের দিকে প্ল্যাটিনামের তৈরি সূর্যের প্রতীক চিহ্ন রয়েছে। এটির ব্যাস ১৬ মিলিমিটার। সূর্যের রশ্মিগুলির দৈর্ঘ্য ২১ মিলিমিটার থেকে ১৩ মিলিমিটার পর্যন্ত (সূর্যের কেন্দ্র থেকে)। সামনের দিকে 'ভারতরত্ন' কথাটি খচিত। অন্যদিকে ভারতের জাতীয় প্রতীক ও দেবনাগরী অক্ষরে 'সত্যমেব জয়তে' কথাটি খোদিত আছে। ৫১ মিলিমিটারের একটি সাদা রিবনের মাধ্যমে পদকটিকে প্রাপকের গলায় ঝুলিয়ে দেওয়া হয়। ১৯৫৭ সাল থেকে রুপোর গিল্টির বদলে পালিশ করা ব্রঞ্জ ব্যবহৃত হয়। 'ভারতরত্ন' পদক কলকাতার আলিপুর টাঁকশালে তৈরি হয়।



The Education House YouTube

Scanned by CamScanner

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

□ কেন্দ্রীয় সরকারের অন্তর্বর্তী হিসাব অনুযায়ী, শিল্পের পথ সহজ করতে, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে যে প্রশাসনিক পদক্ষেপ নেওয়া হয়েছে, সেই নিরিখে এখনও পর্যন্ত দ্বিতীয় স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। শীর্ষস্থানে রয়েছে গুজরাত। তৃতীয় স্থানে যুগ্মভাবে রয়েছে রাজস্থান ও হরিয়ানা। রাজ্য সরকার যে যে প্রশাসনিক সংস্কারের দাবি করেছে, তার ওপর ভিত্তি করেই এই ফলাফল। বাস্তবে কাজ কতটা হয়েছে, তা যাচাইয়ের পর চূড়ান্ত ফলাফল ঘোষিত হবে।

□ 'ডিজিটাল ইন্ডিয়া' ক্যাম্পেনের আওতায়, মধ্য প্রদেশের কাটনি জেলার বানজারি গ্রামটি, দেশের ডিজিটাল মানচিত্রের অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে। 'বানজারি' মধ্য প্রদেশের প্রথম গ্রাম, যা প্রধানমন্ত্রীর স্বপ্নের প্রকল্প 'ডিজিটাল ইন্ডিয়া'র সঙ্গে যুক্ত।

□ ২০১৭-'১৮ সালের 'কম্পোজিট ওয়াটার ম্যানেজমেন্ট ইনডেক্স ২.০'তে (CWMI 2.0) প্রথম স্থান পেল গুজরাত।

□ 'ন্যাশনাল সেন্টার ফর আভিয়ান ইকোটক্সিকোলজি', তামিলনাড়ুর কোয়েম্বাটোরে 'সেলিম আলি সেন্টার ফর অরনিথোলজি অ্যান্ড ন্যাচারাল সায়েন্সেস' (SACON) চালু করল। উদ্বোধন করেছেন কেন্দ্রীয় পরিবেশ ও বনমন্ত্রী প্রকাশ জাভড়েকর।

□ সংযুক্ত আরব আমিরাতে, 'রুপে ডেবিট কার্ড' চালু করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। সংযুক্ত আরব আমিরাত প্রথম উপসাগরীয় দেশ, যেখানে ভারতীয় রুপে কার্ড চালু করা হয়েছে।

□ ফুটবল থেকে অবসর নিলেন স্প্যানিশ ফুটবলার ফার্নান্দো জোসে তোরেস স্যাঞ্জ।

□ মাদ্রিদে অনুষ্ঠিত 'বিশ্ব তিরন্দাজি যুব চ্যাম্পিয়নশিপ'এ, কম্পাউন্ড জুনিয়র মিক্সড টিম বিভাগে সোনার পদক পেল ভারত।

□ মোহনবাগানকে ২-১ ব্যবধানে হারিয়ে, 'ডুরান্ড কাপ'এ চ্যাম্পিয়ন হল গোকুলাম কেরালা এফসি।

**২৫ আগস্ট :** উপসাগরীয় দেশের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার ক্ষেত্রে উদ্যোগ নেওয়ার জন্য, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীকে বাহরাইনের বাদশাহের সম্মান 'দ্য কিং হামাদ অর্ডার অফ দ্য রেনেসাঁ' দিলেন সেদেশের বাদশাহ হামাদ বিন ইশা আল খলিফা।



জাপানের নোজোমি ওকুহারাকে ২১-৭ ও ২১-৭ ব্যবধানে হারিয়ে, সুইৎজারল্যান্ডের বাসেলে অনুষ্ঠিত 'বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ প্রথম ভারতীয় হিসাবে মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন পুসারলা ভেঙ্কটা সিন্ধু।

□ ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য, ২০১৯ সালে 'ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)'র তরফ থেকে 'বিশিষ্ট ইঞ্জিনিয়ার পুরস্কার' পেলেন 'সেন্ট্রাল পাব্লিক ওয়ার্কস ডিপার্টমেন্ট'এর (CPWD) ডিরেক্টর জেনারেল প্রভাকর সিং।

□ ফ্রান্সের বিয়ারিটজে শুরু হল 'জি-৭ সম্মেলন'। এখানে মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, কানাডা, জার্মানি, ইতালি, জাপান ও স্বাগতিক ফ্রান্সের রাষ্ট্রনেতাদের মধ্যে বাণিজ্য, জলবায়ু-সহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা হচ্ছে। এই সম্মেলনে বিশেষ আমন্ত্রিত হিসাবে ফ্রান্সে গেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

□ ডেনমার্কের অ্যান্ডার্স অ্যান্তোনসেনকে ২১-৯ ও ২১-৩ ব্যবধানে হারিয়ে, সুইৎজারল্যান্ডের বাসেলে অনুষ্ঠিত 'বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জাপানের কেন্তো মোমোতা।

□ মাদ্রিদে অনুষ্ঠিত 'বিশ্ব তিরন্দাজি যুব চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ক্যাডেট রিকার্ভ বিভাগে সোনার পদক পেলেন ঝাড়খণ্ডের মেয়ে ১৭ বছর বয়সি কমলিকা বারি।

**২৬ আগস্ট :** প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের সুবিধার জন্য, এক্সক্লুসিভ এডুকেশন টেলিভিশন চ্যানেল 'কালভি থোলাইক্কাটচি' চালু করল তামিলনাড়ু সরকার।



প্রথম ভারতীয় মহিলা 'ডিরেক্টর জেনারেল অফ পুলিশ' কাঞ্চন চৌধুরি ভট্টাচার্য (৭২ বছর) মারা গেলেন।

□ 'ন্যাশনাল হেলথ মিশন'এর (NHM) র‍্যাঙ্কিংয়ে, 'বিনামূল্যে ওষুধ প্রকল্প' রূপায়ণে প্রথম স্থান অধিকার করল রাজস্থান সরকার।

□ ডিজিটাল শিক্ষার সুবিধার জন্য, 'ন্যাশনাল মিশন অন এডুকেশন থ্রো ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি'র (NMEICT) আওতায় 'ন্যাশনাল ডিজিটাল লাইব্রেরি অফ ইন্ডিয়া' নামে এক প্রকল্প চালু করল কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক।

□ নিজেদের মহাকাশ অভিযান সম্পর্কে দেশের নতুন প্রজন্মকে জানাতে, এক বিশেষ অনলাইন ক্যুইজের বন্দোবস্ত করল 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন' (ISRO)। এই ক্যুইজে 'চন্দ্রযান-২' সংক্রান্ত নানা প্রশ্নের সঠিক উত্তর দিয়ে যিনি প্রতিযোগিতায় প্রথম হবেন, তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর সঙ্গে ইসরোর দফতরে বসে 'চন্দ্রযান-২'এর চাঁদে অবতরণের সাক্ষী হওয়ার সুযোগ পাবেন।

□ 'ব্রিটিশ গ্র্যান্ড প্রিক্স'এ চ্যাম্পিয়ন হলেন স্প্যানিশ মোটরসাইকেল রেসার অ্যালেক্স রিনস নাভারো।

**২৭ আগস্ট :** নয়াদিল্লির ড. বিআর আম্বেদকর ভবনে শুরু হল সপ্তম 'কমিউনিটি রেডিও সম্মেলন'। আয়োজন করেছে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক। এবছর এই সম্মেলনের থিম ছিল 'কমিউনিটি রেডিও ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস'।



বাংলা চলচ্চিত্রের জনপ্রিয় অভিনেতা নিমু ভৌমিক (৮৪ বছর) মারা গেলেন।

□ প্রথম ভারতীয় ব্যাঙ্ক হিসাবে, এটিএম থেকে টাকা তোলার সময় 'ওয়ান টাইম পাসওয়ার্ড' (OTP) সুবিধা চালু করল কানাড়া ব্যাঙ্ক। একদিনে ১০,০০০ টাকা বা, তার বেশি টাকা তোলার ক্ষেত্রে এই সুবিধা পাওয়া যাবে।

□ ফের ভারতের জন্য তাদের আকাশপথ সম্পূর্ণ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিল পাক-ই-স্তান।

□ সম্প্রতি প্রয়াত 'দিল্লি ক্রিকেট সংস্থা'র প্রাক্তন সভাপতি তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অরুণ জেটলিকে শ্রদ্ধা জানাতে, 'ফিরোজ শা কোটলা'র নাম বদল করে তাঁর নামে করার সিদ্ধান্ত নিল 'দিল্লি অ্যান্ড ডিস্ট্রিক্ট ক্রিকেট অ্যাসোসিয়েশন' (DDCA)।

**২৮ আগস্ট :** ইউরোপের শীর্ষ মানবাধিকার পুরস্কার 'ভ্যাকলভ হাভেল'এর জন্য মনোনীত হলেন জেলবন্দি চিনা উইঘুর মুসলিম স্কলার ইলহাম তোহতি।

□ দেশের অর্থনীতি চাঙ্গা করার লক্ষ্যে, এবার কয়লাখনিতে ১০০% বিদেশি বিনিয়োগে ছাড়পত্র দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। সেইসঙ্গে খনিতে বিদেশি বিনিয়োগের পদ্ধতি আরও সরল করার প্রস্তাবেও সম্মতি দেওয়া হয়েছে।

□ সব ধরণের ক্রিকেট থেকে অবসর নিলেন শ্রীলঙ্কার অজন্তা মেন্ডিস।

□ ১৬.৮৩ মিটার লাফিয়ে, 'জাতীয় আন্তঃরাজ্য অ্যাথলেটিক্স মিট'এ সোনার পদক পেলেন ভারতের ট্রিপল জাম্পার অরপিন্দর সিং। যদিও 'বিশ্ব চ্যাম্পিয়নশিপ'এর যোগ্যতামান ছুঁতে পারেননি তিনি।

**২৯ আগস্ট :** 'ইউনিয়ন অফ ইউরোপিয়ান ফুটবল অ্যাসোসিয়েশনস'এর (UEFA) 'বর্ষসেরা ফুটবলার'এর সম্মান পেলেন ডাচ ডিফেন্ডার ভার্জিল ভ্যান ডাইক।

□ 'এশিয়ান স্পোর্টস রাইটার্স অ্যাসোসিয়েশন' আয়োজিত উদ্বোধনী 'এআইপিএস এশিয়া' পুরস্কার মঞ্চে 'এশিয়ার সেরা মহিলা ক্রীড়াবিদ'এর খেতাব পেলেন বক্সিংয়ে ৬ বারের বিশ্বচ্যাম্পিয়ন ভারতের চুঙ্গনেইজাং মেরি কম এইচমাঙ্গতে।

□ গভীর রাতে এক প্রশিক্ষণ শিবির থেকে ভূমি থেকে ভূমি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র 'গজনভি'র পরীক্ষামূলক উৎক্ষেপণ করল পাক-ই-স্তান। ২৯০ কিলোমিটার দূরে আঘাত হানতে সক্ষম, এই স্বল্পপাল্লার ক্ষেপণাস্ত্র বিভিন্ন ধরণের অস্ত্র বহন করতে পারে। এই ক্ষেপণাস্ত্রে রয়েছে ব্যালিস্টিক মিসাইল ডিফেন্স প্রোগ্রাম। এর ফলে তা বহুদূর থেকে আসা মিসাইলকে প্রতিহতও করতে পারবে।

□ সারা ভারতকে 'ফিট' রাখতে, 'জাতীয় ক্রীড়া দিবস'এ, নয়াদিল্লিতে 'ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়াম'এ 'ফিট ইন্ডিয়া মুভমেন্ট' চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

□ দেশের প্রকৃতিকে রক্ষা ও সংরক্ষণের লক্ষ্যে, ২৭টি রাজ্যকে মোট ৪৭,৪৩৬ কোটি টাকা বরাদ্দ করল কেন্দ্রীয় সরকার। মূলত দাবানল রোধ, জীববৈচিত্র সংরক্ষণ ও মাটিকে রক্ষা করার ওপর জোর দেওয়ার কথা বলা হয়েছে কেন্দ্রের তরফ থেকে।



চিকিৎসাজগতে অবদানের জন্য, 'ভারতজ্যোতি পুরস্কার' পেলেন কিডনি ট্রান্সপ্ল্যান্ট সার্জন নেফ্রোলজিস্ট ডা. প্রতিম সেনগুপ্ত। ভারত সরকারের সঙ্গে যৌথ উদ্যোগে এই পুরস্কার দেয় 'ইন্টারন্যাশনাল ফ্রেন্ডশিপ সোসাইটি' (IFS)।

□ সৌদি আরব থেকে চিংড়ি আমদানি বন্ধ করেছে চিন। এর বদলে ইরানের ৪০টি রফতানিকারক সংস্থাকে চিনের চিংড়ি বাজারে প্রবেশাধিকার দিল বেজিং। প্রসঙ্গত উল্লেখ্য, জাহাজ ভরতি চিংড়ির চালানে হোয়াইট স্পট সিন্ড্রোম স্পোর্ট শনাক্ত করার পর সৌদি আরব থেকে চিংড়ি আমদানি বন্ধ করে দিয়েছে চিন।

□ 'সিনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে সোনার পদক পেলেন ভারতের ইলাভেনিল ভালারিভান।

□ আসন্ন মরসুমে বাংলা ক্রিকেট দলের অধিনায়ক হলেন অভিমন্যু ঈশ্বরণ।

□ মণিপুরের ইউনিক মডেল আকাদেমিকে ২-০ ব্যবধানে হারিয়ে, 'সুব্রত কাপ আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতা'য় অনূর্ধ্ব-১৪ বালক বিভাগে চ্যাম্পিয়ন হল মিজোরামের সৈদান সেকেন্ডারি স্কুল।

**৩০ আগস্ট :** মাইকেল মধুসূদন দত্ত ও বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের নামে নতুন পুরস্কার চালু করার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার।

□ রাজ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের 'ওয়েটিং হাট' প্রকল্প, 'গভর্নেন্স গোল্ড' বিভাগে 'স্কচ পুরস্কার' পেল।

□ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন জানালেন, 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক', 'ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স' ও 'ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' মিশে গিয়ে একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হবে। 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র পর এটিই হবে দেশের দ্বিতীয় বৃহত্তম ব্যাঙ্ক। এদের ব্যবসার আয়তন হবে ১৭ লাখ ৯৪ হাজার কোটি টাকা।

□ প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর প্রধানসচিব পদ থেকে ইস্তফা দিলেন নৃপেন্দ্র মিশ্র।

□ ম্যাগনেশিয়াম কার্বনেটের ক্ষতিকর উপস্থিতি থাকায়, ১২টি ব্র্যান্ডের পানমশলা নিষিদ্ধ ঘোষণা করল বিহার সরকার।

□ বিহারের সচিবালয়ে নিষিদ্ধ হল জিনস, টি-শার্ট। পদ নির্বিশেষে সব কর্মীকে শালীন, আড়ম্বরহীন, আরামদায়ক ও হালকা রঙের পোশাক পরে আসতে বলা হয়েছে।

□ পদাতিক, নৌ ও বিমান বাহিনীর মতো মহাকাশ বাহিনী গঠন করার সিদ্ধান্ত নিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই বাহিনীর নাম 'ইউনাইটেড স্টেট স্পেস কম্যান্ড'।

□ বায়ার্ন মিউনিখের চেয়ারম্যান হতে চলেছেন জার্মানির কিংবদন্তি প্রাক্তন গোলরক্ষক অলিভার কান।

□ ৪৬২.০ পয়েন্ট সংগ্রহ করে, 'শ্যুটিং বিশ্বকাপ'এ পুরুষদের ৫০ মিটার রাইফেল ৩ পজিশনে রুপোর পদক পেয়ে 'টোকিও অলিম্পিক'এ শ্যুটিংয়ে যোগ্যতা অর্জন করলেন ভারতের সঞ্জীব রাজপুত।

□ ৪ মিনিট ২২.৫৯ সেকেন্ডে দৌড় শেষ করে, লখনউতে অনুষ্ঠিত, 'জাতীয় সিনিয়র আন্তঃরাজ্য অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ, ১,৫০০ মিটারে সোনার পদক পেলেন বাংলার লিলি দাস।

**৩১ আগস্ট :** তেলেঙ্গানার প্রথম রাজ্যপাল হিসাবে দায়িত্ব নিতে চলেছেন তমিলিসাই সৌন্দরাজন।

□ হিমাচল প্রদেশের রাজ্যপাল হিসাবে দায়িত্ব নিতে চলেছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বন্দারু দত্তাত্রেয়।

□ রাজস্থানের রাজ্যপাল হিসাবে দায়িত্ব নিতে চলেছেন কলরাজ মিশ্র।

□ কেরালার রাজ্যপাল হলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী আরিফ মুহাম্মদ খান।

□ মহারাষ্ট্রের রাজ্যপাল হলেন ভগত সিং কোশারি।

□ 'বর্ডার সিকিউরিটি ফোর্স'এর (BSF) ডিরেক্টর জেনারেল হলেন বিবেক কুমার জোহরি।

□ অসমের জাতীয় নাগরিকপঞ্জির চূড়ান্ত তালিকা প্রকাশিত হল। তাতে অসমের প্রায় ৩ কোটি ১১ লাখ বসবাসকারী ঠাঁই পেলেও, বাদ পড়লেন প্রায় ১৯ লাখ মানুষ। তবে তালিকা থেকে বাতিল এই মানুষদের এখনই 'বিদেশি' কিংবা 'অনুপ্রবেশকারী' তকমা দেওয়া হবে না। বাংলাদেশেও জোর করে পাঠানো হবে না। তাঁরা নিজেদের 'ভারতীয়' হিসাবে প্রমাণ করার জন্য আপাতত ১২০ দিন সময় পাবেন। এই সময়সীমার মধ্যে তাঁদের ফরেনার ট্রাইব্যুনালে প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদন জানাতে হবে। তারপরেও যদি তাঁদের অসমের চূড়ান্ত নাগরিক তালিকায় জায়গা দেওয়া না হয়, তবে তাঁরা পরবর্তী পদক্ষেপ হিসাবে হাই কোর্টে আবেদন জানাতে পারবেন। হাই কোর্টেও সমস্যার সুরাহা না হলে, সুপ্রিম কোর্টে আবেদন জানানো যাবে।

□ 'ডিজিটাল ইন্ডিয়া' প্রকল্পে গতি আনতে, চুক্তিবদ্ধ হল ইলেক্ট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক ও 'গুগল'। এই চুক্তির ফলে ইঞ্জিনিয়ারিংয়ের পড়ুয়ারা বিভিন্ন সামাজিক সমস্যার আধুনিক, প্রযুক্তিভিত্তিক সমাধান হাতে পাবেন। এছাড়া, স্বাস্থ্য পরিষেবা, চাষ, শিক্ষা, কেতাদুরস্ত শহর ও তার পরিকাঠামো, নারী সুরক্ষা ও পরিবেশের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে পড়ুয়ারা তাঁদের ভাবনাচিন্তা ও সমাধানের বিষয়ে মতামত জানাতে পারবেন।

□ আন্তর্জাতিক ও দেশীয় স্তরে সৌদির পর্যটন শিল্পকে চাঙ্গা করতে, সৌদির তাইফ শহরে শুরু হল বিশ্বের সবথেকে বড় উট উৎসব। এই উৎসবের নাম 'সৌদি ক্রাইন প্রিন্স ক্যামেল ফেস্টিভ্যাল'। উটের দৌড় প্রতিযোগিতা-সহ বিভিন্ন খেলার আয়োজন করা হয়েছে এই উৎসবে।

□ নেপালকে ৭-০ গোলে হারিয়ে, 'অনূর্ধ্ব-১৫ সাফ কাপ'এ চ্যাম্পিয়ন হল ভারত।

□ ২৩৬.৭ পয়েন্ট পেয়ে, 'শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতের যশস্বিনী সিংহ দেশওয়াল।

**১ সেপ্টেম্বর :** মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার সাদার্ন ডিস্ট্রিক্টের ফেডারেল আদালতের বিচারক হলেন ভারতীয় বংশোদ্ভূত শিরিন ম্যাথিউজ।

**২ সেপ্টেম্বর :** 'স্বচ্ছ ভারত অভিযান'এর স্বীকৃতিস্বরূপ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীকে পুরস্কার দিচ্ছে 'বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন'।

□ ভারতীয় বায়ুসেনার হাতে এল মার্কিন যুক্তরাষ্ট্রের বোয়িং সংস্থার তৈরি, ৮টি অ্যাপাচে অ্যাটাক হেলিকপ্টার। মূলত ভবিষ্যতে পাক সেনার আগ্রাসনের বিরুদ্ধে মোকাবিলার জন্য আর স্থলসেনা ও বায়ুসেনাকে সাহায্য করতেই এইসব অ্যাপাচেকে পাঠানকোট ঘাঁটিতে রাখা হচ্ছে।

□ চিনের ইয়াং কিয়ান ও ইয়ু হাওনান জুটিকে ১৬-৬ পয়েন্টে হারিয়ে, 'শ্যুটিং বিশ্বকাপ'এ ১০ মিটার এয়ার রাইফেলের মিশ্র বিভাগে সোনার পদক পেলেন ভারতের অপূর্বী চান্দেলা ও দীপক কুমার জুটি।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লব সাহা

The Education House Tube

Scanned by CamScanner

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

**61.** পরমশূন্য উষ্ণতা কোনটি?
(a) –273.15°C (b) –273°C (c) –273°K (d) –273.15K

**62.** বাইসালফাইট হল:
(a) $HSO_4^-$ (b) $HSO_3^-$ (c) $H_2CO_3$ (d) $HCO_3$

**63.** কোন হরমোন পতঙ্গের নির্মোচনে সাহায্য করে?
(a) ফেরোমন (b) একডাইসন (c) সেমাটো ফেরোট্রপিন (d) থাইরক্সিন

**64.** হেবারসিয়ান চক্র মানবশরীরের কোন অংশে দেখা যায়?
(a) বৃক্ক (b) যকৃৎ (c) হাড় (d) মস্তিষ্ক

**65.** হাইড্রার গমনকে কী বলে?
(a) গ্লাইডিং (b) সামার সল্টিং (c) ক্রিপিং (d) লুপিং

**66.** ভারতের কোন রাজ্য সম্প্রতি ইলেক্ট্রিক সিগারেটকে নিষিদ্ধ করেছে?
(a) পঞ্জাব (b) গুজরাত (c) বিহার (d) তেলেঙ্গানা

**67.** 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন'এর চেয়ারম্যান এখন কে?
(a) ড. কৈলাশাভাদিভো শিবান (b) আলুরু সেলিন কিরণকুমার (c) ভি.জে.ম্যাথিউ (d) বি.আর.শর্মা

**68.** রাজ্যের Contigency Fund কার মাধ্যমে পরিচালিত হয়?
(a) রাজ্যপাল (b) মুখ্যমন্ত্রী (c) রাজ্যের অর্থমন্ত্রী (d) হাই কোর্টের প্রধান বিচারপতি

**69.** কোনো মামলা ভারতের যেকোনো স্থানে বদলি করার ক্ষমতা কার আছে?
(a) রাষ্ট্রপতি (b) জেলা আদালত (c) হাই কোর্ট (d) সুপ্রিম কোর্ট

**70.** সার্বজনীন বৃদ্ধির জন্য কী প্রয়োজন?
(a) পরিকাঠামোর উন্নয়ন (b) কৃষিক্ষেত্রের উন্নয়ন (c) শিক্ষা ও স্বাস্থ্যের মতো সব সামাজিক পরিষেবার সহজলভ্যতা (d) সবক'টি ঠিক

**71.** 'সর্দার বল্লভভাই প্যাটেল অ্যাগ্রিকালচার ইউনিভার্সিটি' কোথায় অবস্থিত?
(a) কানপুর (b) মীরাট (c) ফৈজাবাদ (d) আহমেদাবাদ

**72.** আগ্রা ও মুম্বই শহরদু'টি কোন জাতীয় সড়কের মাধ্যমে যুক্ত?
(a) NH-1 (b) NH-3 (c) NH-4 (d) NH-5

**73.** কোন আইনের মাধ্যমে ভারতে সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠিত হয়?
(a) চার্টার অ্যাক্ট 1833 (b) রেগুলেটিং অ্যাক্ট 1773 (c) ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট 1833 (d) চার্টার অ্যাক্ট 1835

**74.** 'ভারতের জাতীয় উৎপাদনশীলতা দিবস' কবে পালিত হয়?
(a) 11 ফেব্রুয়ারি (b) 12 ফেব্রুয়ারি (c) 13 ফেব্রুয়ারি (d) 14 ফেব্রুয়ারি

**75.** 'উলার' হ্রদ ভারতের কোন রাজ্যে আছে?
(a) পশ্চিমবঙ্গ (b) অসম (c) গুজরাত (d) জম্মু ও কাশ্মীর

**76.** $(1^2+2^2+3^2+\ldots\ldots+10^2)=385$ হলে, $(3^2+6^2+9^2+\ldots\ldots+30^2)$ = কত হবে?
(a) 1155 (b) 3465 (c) 2310 (d) 1925

**77.** বৃহত্তম সংখ্যাটি কত? $2^{54}, 3^{36}, 8^{18}, 7^{27}$
(a) $2^{54}$ (b) $3^{36}$ (c) $8^{18}$ (d) $7^{27}$

**78.** একটি গোলকের পৃষ্ঠতলের সম্পূর্ণ অংশের নীল ও সাদা রঙের অনুপাত 2 : 3. যদি অর্ধগোলকের ঊর্ধ্বভাগের ওই অনুপাত 1 : 4 হয়, তবে নিম্নভাগের ওই দুই রঙের অনুপাত কত?
(a) 2 : 3 (b) 3 : 2 (c) 1 : 4 (d) 4 : 5

**79.** তিন প্রকার চা 18 টাকা কেজি, 24 টাকা কেজি ও 25 টাকা কেজি মূল্যের কী অনুপাতে মিশালে মিশ্রিত চায়ের মূল্য 20 টাকা হবে?
(a) 4 : 3 : 5 (b) 3 : 2 : 5 (c) 7 : 1 : 2 (d) 1 : 7 : 2

**80.** একটি পরীক্ষায় 60টি প্রশ্ন আছে। প্রত্যেক সঠিক উত্তরের জন্য 1 নম্বর পাওয়া যায়, আবার প্রত্যেক 3টি ভুল উত্তরের জন্য 1 নম্বর কাটা যায়। একজন পরীক্ষার্থী 60টি প্রশ্ন দাগিয়ে মোট 40 পেল। সে ক'টি ভুল উত্তর করেছিল?
(a) 15 (b) 20 (c) 25 (d) 30

**81.** $1+\cfrac{4}{2+\cfrac{3}{5-\cfrac{1}{2}}}-\frac{1}{2}(10-2)=?$
(a) 2 (b) 0 (c) $\frac{-15}{2}$ (d) $\frac{1}{2}$

**82.** মান নির্ণয় করুন। $\frac{\sqrt[3]{8}}{\sqrt{16}} \div \sqrt{\frac{100}{49}} \times \sqrt[3]{125}$
(a) 7 (b) $1\frac{3}{4}$ (c) $\frac{7}{100}$ (d) $\frac{4}{7}$

**83.** $a+b+c=15$, $a^2+b^2+c^2=77$ হলে, $(ab+bc+ca)$ এর মান কত?
(a) 68 (b) 74 (c) 78 (d) 82

**84.** $n+\frac{1}{n}=1$ হলে, $n^3+\frac{1}{n^3}+2=?$
(a) 0 (b) 1 (c) 2 (d) 3

**85.** 10 বছর আগে A এর বয়স B এর বয়সের অর্ধেক ছিল। এখন তাদের বয়সের অনুপাত 3 : 4 হলে, বয়সের সমষ্টি কত বছর?
(a) 20 (b) 14 (c) 35 (d) 30

**86.** একটি সৈন্য শিবিরে 4,000 জন সৈন্যের 190 দিনের খাবার মজুত ছিল। 30 দিন পরে 800 জন সৈন্য অন্য জায়গায় চলে গেলেন। অবশিষ্ট খাবারে বাকি সৈন্যদের কতদিন চলবে?
(a) 220 (b) 200 (c) 180 (d) 150

**87.** একজন ব্যাটসম্যান নবম ইনিংসে 85 রান করায় তার ইনিংসে রান সংখ্যার গড় আগের থেকে 6 বেড়েছে। নবম ইনিংসের পর তার রান সংখ্যার গড় কত হয়েছে?
(a) 37 (b) 35 (c) 39 (d) 36

**88.** 5 জন লোক দৈনিক 6 ঘন্টা কাজ করে 12 দিনে 50টি জামা বানাতে পারে। তবে 10 জন লোক দৈনিক 9 ঘন্টা কাজ করে কত দিনে 250টি জামা বানাতে পারে?
(a) 22 (b) 20 (c) 18 (d) 15

**89.** চৌবাচ্চার একটি ছিদ্র দিয়ে পূর্ণ চৌবাচ্চা খালি হয় 8 মিনিটে। একটি নল দিয়ে প্রতি মিনিটে 5 লিটার জল চৌবাচ্চায় প্রবেশ করলে পূর্ণ চৌবাচ্চা খালি হতে 24 মিনিট সময় লাগে। চৌবাচ্চাটিতে কত লিটার জল ধরে?
(a) 60 (b) 58 (c) 80 (d) 75

**90.** দু'টি স্থানের মধ্যে দূরত্ব 90 কিলোমিটার। দুই বন্ধু দু'টি স্থান থেকে একই সময়ে যথাক্রমে 8 কিলোমিটার/ঘন্টা ও 10 কিলোমিটার/ঘন্টা বেগে পরস্পরের অভিমুখে যাত্রা শুরু করে। কত ঘন্টা পরে তারা মিলিত হবে?
(a) 4 (b) 5 (c) 6 (d) 7

**91.** একটি ট্রেন নির্দিষ্ট গতিবেগে 90 কিলোমিটার পথ অতিক্রম করে। গতিবেগ 15 কিলোমিটার/ঘন্টা বেড়ে গেলে ওই দূরত্ব অতিক্রম করতে 30 মিনিট সময় কম লাগত। ট্রেনটির প্রাথমিক বেগ কত কিলোমিটার/ঘন্টা?
(a) 45 (b) 55 (c) 30 (d) 60

**92.** একটি নির্দিষ্ট বিধানসভায় মাত্র দু'জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এই নির্বাচনে 90% ভোটার ভোট দেন। প্রদত্ত ভোটের 60% ভোট পেয়ে বিজয়ী প্রার্থী 27,000 ভোটের ব্যবধানে জয়লাভ করলে, ভোটার তালিকার ভোটার সংখ্যা নির্ণয় করুন।
(a) 1,50,000 (b) 1,30,000 (c) 1,48,000 (d) 1,60,000

**93.** এক ব্যক্তি 423 টাকায় একটি স্টোভ বিক্রি করায় তার 6% ক্ষতি হয়। কত টাকায় স্টোভটি বিক্রি করলে তার 8% লাভ হবে?
(a) 476 (b) 482 (c) 486 (d) 488

**94.** 3,000 টাকাকে এমন দু'টি অংশে ভাগ করুন যাতে, প্রথম অংশের 10% হারে 3 বছরের সুদ ও দ্বিতীয় অংশের 15% হারে 4 বছরের সুদ সমান হয়। প্রথম অংশের পরিমাণ কত টাকা?
(a) 2,000 (b) 2,200 (c) 2,500 (d) 3,000

**95.** যদি 6 মাস অন্তর সুদ, আসলের সঙ্গে যুক্ত করা হয়, তবে বার্ষিক 10% হার সুদে 6,400 টাকায় 18 মাসের চক্রবৃদ্ধি সুদ কত টাকা হবে?
(a) 1090.90 (b) 1008.80 (c) 1050.90 (d) 1000.90

**96.** 8 টাকা/কেজি ও 12 টাকা/কেজি নুন মিশিয়ে 100 কেজি মিশ্রিত নুন তৈরি করলে প্রতি কেজির ক্রয়মূল্য 10 টাকা হল। দুই প্রকার নুন কত কেজি করে মিশানো হয়?
(a) 47 (b) 48 (c) 50 (d) 45

**97.** 20 মিটার দৈর্ঘ্য ও 12 মিটার প্রস্থবিশিষ্ট মাঠের পরিসীমা বরাবর ভিতরের দিকে 2 মিটার চওড়া রাস্তার ক্ষেত্রফল কত বর্গমিটার?
(a) 108 (b) 112 (c) 118 (d) 120


**98.** একটি রম্বসের একটি কর্ণ 6 সেন্টিমিটার ও রম্বসটির ক্ষেত্রফল 24 বর্গসেন্টিমিটার হলে, বাহুর দৈর্ঘ্য কত সেন্টিমিটার?
(a) 8 (b) 6 (c) 5 (d) 4

**99.** এক ব্যবসায়ী ক্রয়মূল্যের ওপর 25% বাড়িয়ে লেখেন। বিক্রির সময় শতকরা কত ছাড় দিলে, তার মোটের ওপর 10% লাভ হবে?
(a) 12% (b) 14% (c) 9% (d) 15%


**100.** দু'টি সংখ্যার অনুপাত 2 : 3 ও এদের গ.সা.গু 10 হলে, সংখ্যা দু'টির গুণফল কত?
(a) 600 (b) 300 (c) 200 (d) 400

## চটপট উত্তরের বিশ্লেষণ

**1(b). 2(c). 3(b). 4(c). 5(a). 6(d). 7(b). 8(c). 9(b). 10(d). 11(b). 12(d). 13(c). 14(b). 15(b). 16(d). 17(b). 18(c). 19(b). 20(d). 21(b). 22(b). 23(c). 24(d). 25(b). 26(a). 27(a). 28(c). 29(c). 30(a). 31(b). 32(a). 33(c). 34(b). 35(c). 36(a). 37(b). 38(b). 39(a). 40(b). 41(b). 42(b). 43(c). 44(d). 45(b). 46(a). 47(a). 48(d). 49(c). 50(d). 51(c). 52(a). 53(d). 54(d). 55(b). 56(d). 57(b). 58(c). 59(c). 60(d). 61(a). 62(b). 63(b). 64(c). 65(b). 66(c). 67(a). 68(a). 69(d). 70(d). 71(b). 72(b). 73(b). 74(b). 75(d). 76(b).** $3^2(1^2+2^2+3^2+\ldots\ldots+10^2)=9\times385$. তাহলে $(1^2+2^2+3^2+\ldots\ldots+10^2)=385=3465$. **77(d).** $2^{54}=2^6\times9=64^9$. $3^{36}=3^4\times9=81^9$. $8^{18}=8^2\times9=64^9$. $7^{27}=7^3\times9=343^9$. বৃহত্তম সংখ্যাটি হল $7^{27}$. **78(b).** সম্পূর্ণ নীল ও সাদা রঙের অনুপাত = 2 : 3 = 4 : 6. একটি অংশের অনুপাত 1 : 4. তাহলে অন্য অংশের অনুপাত হবে = (4 – 1) : (6 – 4) = 3 : 2. **79(c).** A : B : C = 18 : 24 : 25




A : B : C (2 + 5) : 1 : 2, 7 : 1 : 2 (তাহলে A = 225 different value). **80(a).** 60টি সঠিক উত্তরের জন্য পাবে 60 × 1 = 60 নম্বর। 60টি ভুল উত্তরের জন্য পাবে $\frac{60\times1-1}{3}=-20$ নম্বর।




তাহলে ভুল উত্তরের সংখ্যা $60\times\frac{1}{4}=15$. **81(b).** $1+\cfrac{4}{2+\cfrac{3}{\frac{9}{2}}}-\frac{1}{2}(5)=1+\cfrac{4}{2+\frac{6}{9}}-\frac{5}{2}=1+\cfrac{4}{2+\frac{2}{3}}-\frac{5}{2}=1+\cfrac{4}{\frac{6+2}{3}}-\frac{5}{2}=1+\frac{4\times3}{8}-\frac{5}{2}=1+\frac{3}{2}-\frac{5}{2}=\frac{5}{2}-\frac{5}{2}=0$. **82(b).** $\frac{3\sqrt{8}}{\sqrt{16}}\div\sqrt{\frac{100}{49}}\times3\sqrt{125}=\frac{3\sqrt{(2)^3}}{4}\div\frac{10}{7}\times3\sqrt{5^3}=\frac{2}{4}\times\frac{7}{10}\times5=\frac{7}{4}=1\frac{3}{4}$ **83(b).** $(a+b+c)^2=(a^2+b^2+C^2)+2(ab+bc+ca)\rightarrow(15)^2=77+2(ab+bc+ca)\Rightarrow2(ab+bc+ca)=225-77=148$ বা, $ab+bc+ca=74$. **84(a).** $n^3+\frac{1}{n^3}+2=\left(n+\frac{1}{n}\right)^3-3.n-\frac{1}{n}\left(n+\frac{1}{n}\right)+2=1-3+2=0$. **85(c).** মনে করি, A ও B এর বর্তমান বয়স = 3n বছর ও 4n বছর। প্রশ্নানুসারে, $3n-10=\frac{1}{2}(4n-10)\Rightarrow n=5$. তাহলে A ও B এর বর্তমান বয়সের সমষ্টি = (3n + 4n) = 7n = 35. **86(b).** বাকি খাবার চলবে $=\frac{4000\times(190-30)}{(4000-800)}=\frac{4000\times160}{3200}=200$ দিন। **87(a).** নবম ইনিংসে রান সংখ্যা = 8টি ইনিংসের গড় + গড় বৃদ্ধি × (8 + 1). 85 = 8টি ইনিংসের গড় + 6 × 9. তাহলে 8টি ইনিংসের গড় = 85 – 54 = 31. তাহলে নবম ইনিংসের পর গড় রান সংখ্যা = (31 + 6) = 37. **88(b).** দিন সংখ্যা $=\frac{5\times6\times12\times250}{50\times10\times9}=20$ দিন। **89(a).** পূর্ণ হওয়ার নল দিয়ে চৌবাচ্চা পূর্ণ হবে $\left(\frac{24\times8}{24-8}\right)=$ 12 মিনিটে। তাহলে চৌবাচ্চাটিতে জল ধরে = (12 × 5) = 60 লিটার। **90(b).** প্রতি ঘন্টায় তাদের মধ্যে দূরত্ব কমে = (8 + 10) কিলোমিটার। তাহলে 90 কিলোমিটার দূরত্ব কমতে সময় লাগে $=\frac{90}{18}$ ঘন্টা = 5 ঘন্টা। **91(a).** মনে করি, প্রাথমিক বেগ = n কিলোমিটার/ঘন্টা, পরবর্তী বেগ = (n + 15) কিলোমিটার/ঘন্টা। প্রাথমিক সময় – পরবর্তী সময় $=\frac{1}{2}$ ঘন্টা। তাহলে $\frac{90}{n}-\frac{90}{n+15}=\frac{1}{2}\Rightarrow90\left(\frac{n+15-n}{n^2+15n}\right)=\frac{1}{2}\Rightarrow n^2+15n=2700\Rightarrow n^2+60n-45n-2700=0\Rightarrow$ n = 45, – 60. তাহলে গতিবেগ 45 কিলোমিটার/ঘন্টা। **92(a).** 60% বিজয়ী প্রার্থী ও 40% পরাজিত প্রার্থী পায়। তাহলে ভোটের ব্যবধান = (60 – 40)% = 20%. 20% = 27,000. তাহলে 100% = 1,35,000. আবার মোট ভোটারের 90% = 1,35,000, 100% = 1,50,000. **93(c).** স্টোভটির ক্রয়মূল্য $=423\times\frac{100}{100-6}=423\times\frac{100}{94}$ টাকা। তাহলে 8% লাভে বিক্রি করলে বিক্রয়মূল্য $=423\times\frac{100}{94}\times\frac{108}{100}=486$ টাকা। **94(a).** অনুপাত $=\frac{1}{10\times3}:\frac{1}{15\times4}=\frac{1}{30}:\frac{1}{60}=2:1$. তাহলে প্রথম অংশ $=\left(3000\times\frac{2}{2+1}\right)$ টাকা = 2,000 টাকা। **95(b).** P = 6,400 টাকা, $n=\frac{3}{2}$ বছর। r = 10, সময় = 2. তাহলে চক্রবৃদ্ধি সুদ আসল $=6400\left(1+\frac{10}{200}\right)^{2\times\frac{3}{2}}=$ 7408.80 টাকা। তাহলে সুদ = (7408.80 – 6400) = 1008.80 টাকা। **96(c).** প্রথম : দ্বিতীয় = (12 – 10) : (10 – 8) = 2 : 2 = 1 : 1 প্রতি প্রকার নুন = 50 কেজি করে মিশানো হয়। **97(b).** রাস্তার ক্ষেত্রফল = [2 × 2 (20 + 12 – 2 × 2)] = 112 বর্গমিটার। **98(c).** $\frac{1}{2}\times6\times$ অপর কর্ণ = 24. তাহলে অপর কর্ণ = 8 সেন্টিমিটার। বাহু $=\frac{1}{2}\sqrt{6^2+8^2}=5$ সেন্টিমিটার। **99(a).** $z=x-y-\frac{xy}{100}\Rightarrow10=25-y-\frac{25y}{100}\Rightarrow x=12$. তাহলে 12% ছাড় দিতে হবে **100(a).** ল.সা.গু = গ.সা.গু × অনুপাতের গুণফল 10 × 2 × 3 = 60. তাহলে গুণফল = 10 × 60 = 600.

The Education House YouTube

Scanned by CamScanner

## কলেজে সহ-অধ্যাপক পদের

১ পাতার পর

(০৭), ইতিহাস (০৮), দর্শন (০৯), রাষ্ট্রবিজ্ঞান (১০), এডুকেশন (১১), কেমিক্যাল সায়েন্সেস (১২), ভূগোল (১৩), লাইফ সায়েন্স (১৪), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (১৫), ফিজিক্যাল সায়েন্সেস (১৬), সোশিওলজি (১৭), সাইকোলজি (১৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (১৯), ফিজিক্যাল এডুকেশন (২০), ইলেক্ট্রনিক সায়েন্স (২১), কম্পিউটার সায়েন্স (২২), হোম সায়েন্স (২৩), সান্তাড় (২৪), জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন (২৫), অ্যানথ্রোপলজি (২৬), আর্থ, অ্যাটমোসফিয়ার, ওশানোগ্রাফি অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্স (২৭), মিউজিক (২৮), আইন (২৯), নেপালি (৩০)।

ওপরের ওইসব বিষয়ে অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এবছর যাঁরা ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন বা, দিয়েছেন, তারা 'সেট' পরীক্ষা হওয়ার দিন থেকে ২ বছরের মধ্যে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশের মার্কশীট দেখাতে পারলে ও ওইশতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

১৯-৯-১৯৯১'র মধ্যে যাঁরা মাস্টার ডিগ্রি করে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা এই পরীক্ষা দেওয়ার জন্য শতকরা হারে ৫% নম্বর ছাড় পাবেন।

'ম্যাথমেটিক্যাল সায়েন্স' বিষয়ের বেলায় 'পিওর ম্যাথমেটিক্স', 'অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স' বা, 'স্ট্যাটিস্টিক্স' বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

'লাইফ সায়েন্স' বিষয়ের বেলায় বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, অ্যানিম্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, বায়ো-কেমিস্ট্রি, বায়োটেকনোলজি বা, ফিজিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

'লাইব্রেরি সায়েন্স' বিষয়ের বেলায় এম.লিব. বা, এম.লিস পাশ হলেও যোগ্য।

'ফিজিক্যাল এডুকেশন' বিষয়ের বেলায় ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি (এম.পি.এড.) কোর্স পাশ হতে হবে।

ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না। 'সেট' পরীক্ষা দেওয়ার জন্য উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। ২০১৯ সালের স্টেট এলিজিবিলিটি টেস্ট বা, 'সেট' পরীক্ষার মাধ্যমে। একদিনের লিখিত পরীক্ষা হবে ২০২০ সালের ১৯ জানুয়ারি, এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড নং দেওয়া হল) : কলকাতা (১১), দক্ষিণ ২৪ পরগনা (১২), উত্তর ২৪ পরগনা (১৩), হাওড়া (১৪), হুগলি (১৫), পূর্ব বর্ধমান (১৬), পশ্চিম বর্ধমান (১৭), বীরভূম (১৮), বাঁকুড়া (১৯), পুরুলিয়া (২০), ঝাড়গ্রাম (২১), পূর্ব মেদিনীপুর (২২), পশ্চিম মেদিনীপুর (২৩), নদিয়া (২৪), মুর্শিদাবাদ (২৫), মালদা (২৬), উত্তর দিনাজপুর (২৭), দক্ষিণ দিনাজপুর (২৮), জলপাইগুড়ি (২৯), আলিপুরদুয়ার (৩০), কোচবিহার (৩১), দার্জিলিং (৩২)। মোট২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারের পরীক্ষা হবে সাড়ে ৯টা থেকে ১০.৩০ পর্যন্ত। দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে ১১ থেকে১টা. পর্যন্ত। প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা।

প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউট, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম ও দ্বিতীয় পেপারে ৪০% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে www.wbcsc.ac.in পরীক্ষার অ্যাডমিট কার্ড পরীক্ষা হওয়ার দু' সপ্তাহ আগে ডাউনলোড করতে পারবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নং: 22/SET.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbcsconline.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। ফটো স্ক্যান করবেন ৪ থেকে ৪০ কে.বি.'র মধ্যে আর ফটোর মাপ হতে হবে ৩.৫×৪.৫ সেমির মধ্যে। সিগনেচার স্ক্যান করবেন ৪ থেকে ৩০ কে.বি.'র মধ্যে আর মাপ হতে হবে ৩.৫×১.৫ সেমির মধ্যে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Advertisement-এ গিয়ে ক্লিক করলে How to Apply পাবেন। তারপর Click here to apply online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড নং ই-মেলে পাঠানো হবে। এবার পরীক্ষার ফী বাবদ ১,০০০ (ও.বি.সি. হলে ৫০০, তপশিলী, প্রতিবন্ধী, ট্রান্সজেন্ডার হলে ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং বা, ই-চালানে জমা দেবেন। অনলাইনে টাকা জমা দেবেন ৩০ সেপ্টেম্বরের মধ্যে। ই-চালানে টাকা জমা দেবেন ১৫ অক্টোবরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কলেজ সার্ভিস কমিশনের ঠিকানা : The West Bengal College Service Commission, Purta Bhavan, Sector -1., DF Block, Salt Lake City, Kolkata-91.


## ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায় কয়েকশো সাব-ইন্সপেক্টর

সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সব পদের জন্য আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspectors in Delhi Police, CAPFs and Assistant Sub-Inspector in CISF Examination, 2019' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে।

দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.ssconline.nic.in আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।


■ **ক্লান্ত প্রাণ এক**

শেষ শয্যায় কবি জীবনানন্দ দাশ। ১৪ অক্টোবর ১৯৫৪-র সেই ভয়ংকর সন্ধ্যায় মারাত্মক ট্রাম দুর্ঘটনা। হাসপাতালের বেডে শুয়ে বললেন, বড় আচার খাওয়ার ইচ্ছে হচ্ছে। দৃশ্য বদলে গেল। ২২ অক্টোবর কবি পাড়ি দিলেন পরপারে। পরদিন তরুণ কবিদের শ্মশানযাত্রা, কণ্ঠে জীবনানন্দের কবিতা। এরপরের দৃশ্যে ফ্ল্যাশব্যাকে বরিশাল শহর। কবির দিনযাপনের বেশ কিছু ছবি। দাম্পত্যের সংলাপ। দৃশ্যের পর দৃশ্য সাজিয়ে অদ্ভুত এক কবির জীবনবৃত্তে তাঁকে খোঁজা। বৃত্ত সম্পূর্ণ হল কবির চিতার সামনে। এক মর্মস্পর্শী খসড়া চিত্রনাট্য 'ক্লান্ত প্রাণ এক' লিখেছেন শঙ্করলাল ভট্টাচার্য।

■ **এক রাজকুমারীর কাহিনি**

এক রাজকুমারীর ডায়েরি হঠাৎ খুঁজে পাওয়া গেল ট্রেজারিতে রাখা রাজবাড়ির অন্যান্য অনেক জিনিসপত্রের মধ্যে। অধুনা বাংলাদেশের দিঘাপাতিয়ায় ৩০০ বছর আগের এক রাজবাড়ির অন্দরমহলের কাহিনি জানা গেল সেই ডায়েরির পাতায়। সেইসঙ্গে পাওয়া যায় রাজকন্যা ইন্দুপ্রভা দেবীর হাতে লেখা এক কাব্যগ্রন্থ। আর ট্রাংকের গোপন কুঠুরিতে মিলল ২৮৫টি প্রেমপত্র। এইসব তথ্যপ্রমাণ নাটোর প্রশাসন গুরুত্ব দিয়ে সংরক্ষণ করেছে। সেই রাজকন্যার জীবন নিয়ে লিখেছেন — সফিউন্নিসা।

■ **ইন্দ্রাবতীর আত্মকথা**

ইন্দ্রাবতী এক নদীর নাম। ওড়িশার ডোঙ্গরলা পাহাড়ে তার উৎস। নানা অঞ্চল ঘুরে ৬০ কিলোমিটার এঁকে বেঁকে পাহাড় জঙ্গল পেরিয়ে পৌঁছে গেছে ছত্তিশগড়ের বস্তারে। দীর্ঘ এই অঞ্চলের জনজাতির জীবন, সংগ্রাম, রাজনীতির খেলা, নিরীহ মানুষের ওপর অত্যাচার, নির্বিচার হত্যালীলার সাক্ষী এই নদী। নদীর মুখেই বর্ণিত হয়েছে ওইসব অঞ্চলের রাজনৈতিক সংঘাতের নানা কাহিনি। লিখেছেন সৌমিত্র মজুমদার।

■ **শতবর্ষ পেরিয়েও অম্লান অমলাশঙ্কর**

শতবর্ষ পেরিয়ে আজও অম্লান খ্যাতনামা নৃত্যশিল্পী অমলাশঙ্কর। তাঁর দীর্ঘ জীবনপথে অসংখ্য ঘটনা। নিরলস সৃষ্টিতে ভরিয়ে দিয়েছেন সংস্কৃতি জগতের একদিক। বাটাযোড় গ্রামের এক শ্যামলা মেয়ের পৃথিবীর নানা দেশ ভ্রমণ ও নৃত্যশিল্পের মাধ্যমে খ্যাতি, যশ সাফল্যের শিখরে পৌঁছে যাওয়ার সূচনা লগ্নে উদয়শঙ্করের সঙ্গে জীবন যোগের বিচিত্র কাহিনি লিখেছেন সফিউন্নিসা। ব্যক্তিগত ও পারিবারিক জীবনে তিনি স্নেহশীলা জননী, নিয়মনিষ্ঠ গৃহিণী। তাঁর সম্পর্কে ব্যক্তিগত অভিজ্ঞতা জানালেন তনুশ্রীশঙ্কর।

■ **সিনেমা**

রেখার সঙ্গে অমিতাভ বচ্চনের সম্পর্ক ঠিক কতটা গভীর। রেখা কার কথা ভেবে সিঁথি রাঙিয়ে রাখেন সিঁদুরে? মিঠুন শ্রীদেবীর তীব্র আশ্লেষ আর প্রেম, পরিণতি মিঠুনের দ্বিতীয় বিবাহ। কিন্তু কেন ভেঙে গেল সেই বিয়ে? কেমন ছিল সুচিত্রা সেন আর সন্ধ্যা মুখার্জির সম্পর্ক? নায়ক নায়িকাদের সম্পর্কের টানাপোড়েন নিয়ে সম্পর্কের টানা পোড়েনে তারকারা লিখেছেন সাংবাদিক সুমন গুপ্ত।

■ **ছেলের চরিত্রে হাতেখড়ি**

ছেলের চরিত্রে অভিনয়। তাও থিয়েটারে। সিনেমায় হাতেখড়ি ১৯৫০ সালে। খ্যাতনামা অভিনেত্রী মাধবী মুখোপাধ্যায়ের পথ চলা শুরু অন্যভাবে। জীবনে বহু সংগ্রাম ও ঘাত-প্রতিঘাত পেরিয়ে তিনি আজ খ্যাতির জগতে। আজও কাজ করে চলেছেন নিরলস। তাঁর জীবনের নানা ওঠাপড়া নিয়ে লিখেছেন অনুরাধা সান্যাল।

■ **ভ্রমণ**

সিবেস্টিয়ান বাখ্। মহান সংগীত সাধকের জন্মস্থানটি খুঁজে বের করার জন্য অন্তত সাতবার জার্মানিতে গিয়েছেন ভ্রমণপিপাসু এক গবেষক। শুধু বাখ্ নন, তাঁর অন্বেষণের তালিকায় রয়েছেন গ্যোয়টের প্রেমিকারাও। দু'বছর আগেও গিয়েছেন হামবুর্গের বন্দর উৎসবে। বিশাল প্রেক্ষাগৃহে ফ্রাঞ্জ স্যুবার্ট আর গুস্তাভ মালারের সুরে আর সম্মেলক বাদ্যের ঐকতানে ভেসে যাওয়ার স্বর্গীয় অনুভূতি জার্মানিতে সুরতরঙ্গে ভেসে লিখেছেন সুনীল দাশ।

■ **পুঁতির মালা**

বজ্র কঠিন চরিত্রের পুলিশ অফিসার। কিন্তু তাঁর মন কোমল আর দেশপ্রেমে ভরপুর। খ্যাতনামা লেখক-সমাজসেবী মহাশ্বেতা দেবীর নানা কাজে তিনি বাড়িয়ে দেন সহযোগিতার হাত। সমাজকে, দেশকে, সাধারণ মানুষকে চেনেন। অধস্তন এক সহকর্মীকে আত্মহত্যার মুখ থেকে ফিরিয়ে তাকে নতুন জীবনের দিশা দেন। বহুদিন যোগাযোগহীন সেই সহকর্মীকে একদিন খুঁজে পান সেই অফিসার। তিনিও তখন জনজাতির এক লড়াকু নেত্রীকে বিয়ে করে তাদের মধ্যে কাজ করে চলেছেন। বাস্তবভিত্তিক কাহিনি পুঁতির মালা লিখেছেন অরিন্দম আচার্য।

■ **বিখ্যাতদের অপ্রকাশিত চিঠি**

পরিব্রাজক উমাপ্রসাদ মুখোপাধ্যায়কে চিঠি লিখতেন অনেকেই। খ্যাতনামা ব্যক্তিত্ব থেকে সাধারণ মানুষও। প্রতিটি চিঠির উত্তরও দিতেন তিনি। তাঁর সংগ্রহে থাকা অপ্রকাশিত অনেক চিঠির মধ্যে রয়েছে পুলিনবিহারী সেন, নলিনীকান্ত সরকার, প্রেমেন্দ্র মিত্র, প্রতাপচন্দ্র চন্দ্র প্রমুখের চিঠি। সেইসব মূল্যবান চিঠি প্রকাশ্যে আনলেন অনাথবন্ধু চট্টোপাধ্যায়।

■ **খেলা**

কলকাতার ফুটবলে এখন বাঙালি খুঁজে পেলে আনন্দ হয়। কলকাতার ফুটবল এখন রীতিমতো আন্তর্জাতিক। তাহলেও ফুটবল ঘিরে ঘটি-বাঙালের লড়াই আজও অব্যাহত। লিখেছেন দীপঙ্কর গুহ।

*এছাড়া ভিন্ন স্বাদের ১২টি গল্প ও প্রবীণ-নবীনের একগুচ্ছ কবিতা।

দাম ৯০ টাকা

ফুরোনোর আগেই সংবাদপত্র বিক্রেতার কাছ থেকে ঘরে বসে এখনই সংগ্রহ করুন। Help Line : 9830624170


Scanned by CamScanner

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর পদের পার্সোন্যালিটি টেস্ট দিয়েছি। ফল বেরিয়েছে কি? — অরুণাভ ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

■ *১৪ আগস্ট ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার ফল বেরিয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় দরখাস্ত করতে পারব কি? — অরুণ পাল, বাঁধেরশোল, হেতমপুর, বীরভূম।*

■■ হ্যাঁ, দরখাস্ত করতে পারবেন।

## সেনাবাহিনীর

■ *মাধ্যমিক পাশ করার পর ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ করেছি। সেনাবাহিনীর সোলজার টেকনিক্যাল পদে যোগ্য কি? — সৌরভ কুণ্ডু, বার্ণিয়া নতুন বাজার, পালসি, নদিয়া।*

■■ না, পারবেন না। সোলজার টেকনিক্যাল পদের বেলায় যোগ্যতা দরকার — ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| স্টাফ সিলেকশনের মাধ্যমে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিগ্রি বা, ডিপ্লোমা | - | ১২-৯-১৯ | www.ssc.nic.in |
| ইসরোতে টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট, ড্রাফটসম্যান | আই.টি.আই. বা, ডিপ্লোমা | ৮৬ | ১৩-৯-১৯ | www.isro.gov.in |
| রাজ্য শ্রম দফতরে ক্লার্ক | মাধ্যমিক পাশদের | ১৪০ | ১৪-৯-১৯ | www.wblc.gov.in |
| পুরনিগমে অ্যাসিস্ট্যান্ট | ডিগ্রি বা, ডিপ্লোমা | ৫ | ১৬-৯-১৯ | www.mscwb.org |
| সি-টেট পরীক্ষার মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা | উচ্চমাধ্যমিক ডিগ্রি | - | ১৮-৯-১৯ | www.ctet.nic.in |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরে ড্রাইভার | ক্লাস এইট পাশদের | ১৫০ | ২৪-৯-১৯ | www.wbhealth.gov.in |
| ভারতীয় নৌবাহিনীতে কুক, সাফাইওয়ালা | মাধ্যমিক | ১৩ | ১২-৯-১৯ | www.indiannavy.nic.in |
| বিহার পুলিশে সার্জেন্ট ও সাব-ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট | ৬২২ | ২৫-৯-১৯ | www.bpssc.bih.nic.in |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস স্কুলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩১৮ | - | www.bhartiseva.com |
| জেনারেল ইনসিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | ৭০ | ১১-৯-১৯ | http://gicofindia.in |
| হিন্দুস্তান কপার লিমিটেডে ক্ষেত্রী কপারে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১২৯ | ১৯-৯-১৯ | www.hindustancopper.com |
| পুলিশে গৃহরক্ষী স্বেচ্ছাসেবক | গ্র্যাজুয়েট | ৪২ | ১৪-৯-১৯ | - |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩০০ | ১৯-৯-১৯ | www.indiannavy.nic.in |
| রাজ্য বিদ্যুৎ বিতরণ সংস্থায় অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা ও ডিগ্রি | ৫৬ | ১৪-৯-১৯ | www.mhrdnats.gov.in |
| আই.আই.টি. ধানবাদে জুনিয়র টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ১৮০ | ৪-১১-১৯ | www.iitism.ac.in |
| কোচিন শিপইয়ার্ডে অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা | ৮৯ | ২০-৯-১৯ | www.cochinshipyard.com |
| এয়ার ইন্ডিয়ায় সুপারভাইজর | গ্র্যাজুয়েট | ১৭০ | ২৮-৯-১৯ | www.airindia.in |
| ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিংয়ে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স | ৪৭ | ১৬-৯-১৯ | www.becil.com |
| রাজা রামান্না সেন্টারে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. পাশ | ৭০ | ২০-৯-১৯ | www.apprenticeship.gov.in |

## সি-টেট'এর

■ *সি-টেট পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পরীক্ষার জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? পরীক্ষার সিলেবাস জানাবেন। — রাকেশ বিশ্বাস, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ সি-টেট পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরিয়েছে। বিস্তারিত তথ্য ২৪ আগস্ট সংখ্যায় দেওয়া হয়েছে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ctet.nic.in যোগ্যতা থাকা দরকার : **প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত (I-V) :** নীচের যেকোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য :(১) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ২ বছরের ডি.এল.এড. কোর্স পাশ/ ৪ বছরের ডিগ্রি বি.এল.এড. কোর্স পাশ / ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)' এর ২ বছরের কোর্স পাশ হলে। (২) গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। **ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত (VI-VIII) :** নীচের যেকোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) ডিগ্রি কোর্স পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে / মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের এলিমেন্টারি এডুকেশনের ডিগ্রি কোর্স পাশ হলে /মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এ./ বি.এসসি.(এড.) বা, বি.এ. (এড.)/বি.এসসি.(এড.) কোর্স পাশ হলে/ মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হলে।

CTET পরীক্ষা হবে ৮ ডিসেম্বর। দুই পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং নেই। যাঁরা ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ ও ক্লাস সিক্স থেকে ক্লাস এইট পর্যন্ত — দুই ক্ষেত্রেই পরীক্ষা দেবেন, তাঁদের বেলায় দু'টি পেপারেই পরীক্ষা দিতে হবে।

প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৫) এনভায়রনমেন্টাল স্টাডিজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক ও বিজ্ঞান (অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হলে)-৬০ নম্বরের ৬০টি প্রশ্ন/(৫) সোশ্যাল স্টাডিজ /সোশ্যাল সায়েন্স (সোশ্যাল স্টাডিজ বা, সোশ্যাল সায়েন্সের শিক্ষক হতে হলে) ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ctet.nic.in তখন পরীক্ষা ফী বাবদ ৭০০ (তপশিলী ও প্রতিবন্ধীদের বেলায় ৩৫০) টাকার আর পেপার -। ও পেপার -।। একই সঙ্গে দিলে ১,২০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৬০০) টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে ২৩ সেপ্টেম্বরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পাব্লিক সার্ভিসের

■ *আই.সি.ডি.এস.-সুপারভাইজর পদের যে প্রিলিমিনারি পরীক্ষা ১ সেপ্টেম্বর হল, তার ফল কবে বেরোবে? এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর কত হতে পারে? মেন পরীক্ষা কবে হবে? —চুমকি সরকার, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। সোমা বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোনোর ৩ মাসের মধ্যে মেন পরীক্ষা হবে। প্রিলি. পরীক্ষার ফল বেরিয়ে মেন পরীক্ষা হতে ২০২০ সালের প্রথম দিকে যাবে। প্রিলিমিনারি পরীক্ষায় প্রার্থীর সংখ্যা ছিল প্রায় ১৫ লাখ। কোয়ালিফাইং নম্বর নির্দিষ্ট থাকে না। মোট শূন্যপদের প্রায় ২০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে অর্থাৎ, প্রায় ৬০ হাজার প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হতে পারে (এক্ষেত্রে কিছু কম-বেশি হয়)। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। ইংরিজি বিষয়ে প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। এইসব বিষয়ে : রিপোর্ট ড্রাফটিং, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, সামারি / প্রেসি লেখা, ইংরিজি গ্রামার। বাংলা বিষয়ে থাকবে রিপোর্ট লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, সামারি / প্রেসি লেখা, গ্রামার। জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে থাকবে জীবনবিজ্ঞান, উইমেন এমপাওয়ারমেন্ট, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, ভার্বাল ও নন-ভার্বাল রিজনিং। অ্যারিথমেটিকে থাকবে মাধ্যমিক মানের অঙ্ক। জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স আর অ্যারিথমেটিকের উত্তর বাংলায় লিখতে পারবেন। চূড়ান্ত তালিকা তৈরির সময় মেন পরীক্ষায় পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ের নম্বর দেখা হবে।

## এয়ারপোর্টে মাল্টিটাস্কার্স

এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া কার্গো লজিস্টিক্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস কোম্পানি লিমিটেড 'মাল্টিটাস্কার্স' পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা ইংরিজি, হিন্দি ও স্থানীয় ভাষায় দক্ষতা থাকলে যোগ্য। কোনো এয়ারপোর্টে টার্মিনাল ফাংশন, র‍্যাম্প, ব্যাগেজ, লোডিং, আনলোডিং, কার্গো ইত্যাদি ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আই.এল.বি.এস. ও বি.সি.এ.এস.-এ অভিজ্ঞতা থাকলে কিংবা ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনে ব্যাগেজ হ্যান্ডলিং ট্রেনিং কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-৯-২০১৯'এর হিসাবে ৪৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৫,০০০ টাকা থেকে ২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ১৫ সেপ্টেম্বর, বেলা ১০টায়। এই ঠিকানায় : AAI Cargo Logistics and Allied Services Company Limited, Cargo Complex, 2nd Floor, Near Airport Gate No. 3, NSCBI Airport, Kolkata - 52.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে : www.aaiclas.org তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো আর ৫০০ টাকার অ্যাকাউন্ট পেয়ী ডিমান্ড ড্রাফট। 'AAI Cargo Logistics & Allied Services Company Ltd'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'New Delhi'. তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

The Education House YouTube

Scanned by CamScanner

## আর্মিতে কয়েকশো চাকরি

৭ পাতার পর

তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।

প্রার্থী বাছাইয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট।

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে)।

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট।

(৫) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমনভাবে মারবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।

(৮) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট। (১১) নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন। (১২) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড।

ওপরের যাবতীয় প্রমাণপত্র কোনো গেজেটেড অফিসার বা, সমতুল কর্তৃপক্ষকে দিয়ে প্রত্যয়িত করাবেন। শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে লিখিত পরীক্ষা হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন শুরু হয়েছে ৫ সেপ্টেম্বর থেকে। চলবে ১৯ অক্টোবর পর্যন্ত। নাম রেজিস্ট্রেশন করার সময় সঙ্গে রাখবেন এইসব প্রমাণপত্র : (১) নাম নথিভুক্ত করার জন্য প্রত্যেক প্রার্থীর বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। যাঁদের ই-মেল আই.ডি. নেই, তাঁদের নতুন করে ই-মেল আই.ডি. তৈরি করে দরখাস্ত করতে হবে। (২) ইন্টারনেট সংযোগ থাকতে হবে। যাঁদের ইন্টারনেট সংযোগ নেই, তাঁরা কোনো সাইবার কাফেতে গিয়ে বা, তথ্যমিত্র কেন্দ্রে গিয়ে নাম নথিভুক্ত করবেন। (৩) যাবতীয় প্রমাণপত্রের মূল, (৪) পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে, ইন্টারনেট সংযোগ আছে, এমন কম্পিউটারে গিয়ে www.joinindianarmy.nic.in-এ গিয়ে ক্লিক করুন। তখন ভারতীয় সেনাবাহিনীর ওয়েবসাইট খুলে যাবে। তাতে প্রয়োজনীয় তথ্য জানার জন্য বিভিন্ন বটম পাবেন। এরপর Click on Registration Button'এ গিয়ে ক্লিক করুন।

এরপর শিক্ষাগত যোগ্যতা, বয়স, পার্সোন্যাল ডাটা (নাম, পিতা-মাতার নাম, ঠিকানা ইত্যাদি), বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর দিতে হবে। তারপর ইউজার আই.ডি. ও ৮-১০ সংখ্যার পাশওয়ার্ড দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড লিখে রাখবেন। একবার ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পেয়ে গেলে বারবার নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। নাম রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : ০৩৪৮২-২৭৪১৩২, ০৯৪৩৪৫৮৪১০২।

## ১১৮ নার্স টাটা সেন্টারে

টাটা মেমোরিয়াল সেন্টার নার্স-এ পদে ১১৮ জন তরুণী নিচ্ছে। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা ও অঙ্কোলজি নার্সিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ৫০ শয্যার কোনো ক্লিনিক্যালে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। রাজ্য ও ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ২০-৯-২০১৯'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে মাইনে মাসে ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : ১১৮টি (জেনাঃ ৫০, ও.বি.সি. ৩০, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ৮, প্রতিবন্ধী ২, ই.ডব্লু.এস. ৮)।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। দরখাস্ত করবেন অনলাইনে, ২০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.actrec.gov.in প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই দরখাস্ত ডাকে পাঠাতে হবে। দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত -ভরা খামের ওপর লিখবেন 'Post Applied for ....Advt. no. ACTREC/Advt-A/4/2019'. দরখাস্ত পৌঁছনো চাই ২৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Sr. Administrative Officer, Advanced Centre for Treatment, Research & Education in Cancer, Sector - 22, Kharghar, Navi Mumbai - 410 210.


পরপর ১৪ বার ১* নম্বরে

সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্র-পত্রিকার মধ্যে

আবার সর্বাধিক বিক্রির রেকর্ড

কর্মসংস্থান

এখন প্রতি সপ্তাহে বুধবার বেরোয়

*As per ABC(Audit Bureau of Circulations) Jan.-June 2019



মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas, Website : www.mvacc.org.in

জীবন যুদ্ধে থাকবো পাশে শংকর দার কোচিং সরকারী চাকুরী পাওয়ার দীর্ঘদিনের পথের দিশারী

সেনাবাহিনীর ব্যারাকপুর, শিলিগুড়ি, কলকাতা, বহরমপুর র‍্যালিতে যারা যাবেন এখনই যোগাযোগ করুন। ক্লাস হবে ইংরেজি ও হিন্দিতে, প্রতিদিন 2-3টি করে Trade অনুযায়ী আলাদা আলাদা ক্লাস। এছাড়া যারা Relation Rally তে যাবেন তারাও যোগাযোগ করুন।

আমাদের প্রতিষ্ঠান থেকে WBP SI পরীক্ষায় যারা চূড়ান্ত সফলতা লাভ করলেন, প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাদের আন্তরিক অভিনন্দন। SSC আটবাহিনীর বিজ্ঞপ্তির সম্ভাবনা ডিসেম্বর-জানুয়ারি, প্রথমেই লিখিত পরীক্ষা এখন থেকেই প্রস্তুতি নিন, ভর্তি চলছে, ক্লাস হবে ইংরেজি ও হিন্দিতে।

CISF Head Constable | WBP SI [Prelim + Main একত্রে ক্লাস] | আবগারী পুলিশ | ভর্তি চলছে | PSC Clerkship | SSC ৮ বাহিনী | Railway NTPC

W.B.C.S (2020) Anthropology | WBP Constable Main 2019 পরীক্ষার জন্য | PSC মিসলেনিয়াস | Indian Navy (MR) & (SSR)

ICDS (Main) ক্লাস শুরু 12 ই সেপ্টেম্বর | কোলকাতা পুলিশ | C.I.S.F | R.P.F. | Railway Gr-D | Army School Teacher Vacancy- 8000 | AIRFORCE X & Y সপ্তাহে 6 দিন ক্লাস

রাজ্য সরকারের আসন্ন 33687 শূন্যপদের জন্য আগাম প্রস্তুতি নিন।

বিঃদ্রঃ- যারা পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদে 2019 Prelims পরীক্ষা দিয়েছেন ন্যূনতম Cut-off নম্বর থাকলে এখনই ভর্তি হন। কারণ Physical Test এর পর বেশী সময় পাওয়া যায় না।

বিঃদ্রঃ হেড অফিসের ফোন নম্বরগুলিতে কোচিং সংক্রান্ত বিষয় জানার জন্য বিভিন্ন নম্বরে বার বার ফোন না করে একবারই ফোন করে যাবতীয় তথ্য শুনে নিন, ও অন্যকে ফোন করার সুযোগ করে দিন।

মনে রাখবেন : সরকারী চাকরী পেতে হলে চাই অধ্যাবসায়, সঠিক অনুশীলন, তাই অসাধু চক্রের প্রলোভনে পড়ে নিজের ভবিষ্যৎ নষ্ট করবেন না।

দূরাবর্তি ছাত্র-ছাত্রীদের থাকার জন্য রয়েছে প্রতিষ্ঠানের তিনটি নিজস্ব হোস্টেল।

বিঃদ্রঃ- RPF, Rail Group-D, SSC আটবাহিনী ইত্যাদি সমস্ত পরীক্ষার On-line Mocktest এর ব্যবস্থা আছে।

হেড অফিস (সপ্তাহে 7 দিনই খোলা)

মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা,

(শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে)

ADMISSION HELPLINE : 7718148464, 9733894444, 9547004388, 7432955888

বাঁকুড়া শাখা

কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া

(বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)

ADMISSION HELPLINE : 8001693133

বিঃদ্রঃ নদীয়া, মুর্শিদাবাদের ছাত্রছাত্রীরা যোগাযোগ করুন এই নম্বরে : 8436682294, 9735671012


Scanned by CamScanner

# নিছক একটি শিক্ষা প্রতিষ্ঠান নয় – RICE এক পরম্পরা, এক বৃহত্তর পরিবার

**RICE EDUCATION**
Since 1985
www.riceindia.org

**আজও সাফল্যের শিখরে**


প্রফেসর সমিত রায়, চেয়ারম্যান, রাইস গ্রুপ

**RICE-এর লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর সাফল্যের পেছনে মুখ্য ভূমিকা নিয়েছে সারা বাংলা জুড়ে প্রতিষ্ঠানের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের নিরলস পরিশ্রম, সফল ছাত্র-ছাত্রীদের অভিজ্ঞতালব্ধ পরামর্শ, পাঠরত ছাত্র-ছাত্রীদের অধ্যবসায় ও নিয়মানুবর্তিতা এবং সর্বোপরি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ পদ্ধতির উপর অভিভাবকদের আস্থা।**

১৯৮৫ সালের ১ জুলাই RICE-এর জন্মলগ্ন থেকেই RICE-এর শিক্ষক-শিক্ষিকারা কঠোর পরিশ্রম, নিরলস প্রচেষ্টা ও নিয়মানুবর্তিতার মধ্য দিয়ে একটি গুরুত্বপূর্ণ সামাজিক দায়িত্ব পালন করে চলেছেন— পশ্চিমবঙ্গের শিক্ষিত যুবক-যুবতীকে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন সম্মানজনক, গুরুত্বপূর্ণ উচ্চপদে প্রতিষ্ঠিত হওয়ার সঠিক প্রশিক্ষণ প্রদান করে। বিভিন্ন বিষয়ের ৩৫০ জন শিক্ষক-শিক্ষিকা প্রতিদিন কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে নিরন্তর প্রচেষ্টা করে চলেছেন ছাত্র-ছাত্রীদের সাফল্যের শিখরে পৌঁছে দিয়ে, তাদের সরকারি চাকরির উচ্চপদে প্রতিষ্ঠিত করতে। এই অভিজ্ঞ শিক্ষক মণ্ডলীর প্রশিক্ষণেই RICE-এর ছাত্র-ছাত্রীরা WBCS, Bank, Rail, Public Service, Staff Selection Commission, LIC-সহ অন্যান্য গুরুত্বপূর্ণ পরীক্ষায় সফল হয়ে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উচ্চপদ অলঙ্কৃত করে চলেছে।

RICE-এর প্রতিটি সফল ছাত্র-ছাত্রী বর্তমানে পাঠরত ছাত্র-ছাত্রীদের কাছে এক এক জন জীবন্ত অনুপ্রেরণা। তাদের সাফল্য যেমন প্রশিক্ষণরত ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ করে, তেমনই সফল ছাত্রছাত্রীদের অভিজ্ঞতালব্ধ পরামর্শ তাদের প্রস্তুতিকে আরও সুচারু করে তোলে। নিজেদের কর্মব্যস্ততার মাঝেও সফল ছাত্র-ছাত্রী যারা বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরে কর্মরত, তারা RICE-এর সাথে নিয়মিত যোগাযোগ রাখেন। কারণ এই প্রতিষ্ঠানেই তো শুরু তাদের জীবনে প্রতিষ্ঠিত হওয়ার লড়াই, এখানেই তো বপন হয়েছিল তাদের সাফল্যের বীজ, এই প্রতিষ্ঠানই তো তৈরি করেছিল তাদের যুদ্ধ জয়ের রণকৌশল। আর তাই তারাও নিরন্তর পালন করে চলেছেন তাদের দায়িত্ব— RICE-এর বর্তমান ছাত্র-ছাত্রী যারা বিভিন্ন পরীক্ষায় সফল হওয়ার প্রস্তুতি নিচ্ছে তাদের মোটিভেট করার, গাইড করার। কারণ, একজন যুদ্ধে জয়ী সৈনিকই পারে সঠিক ও অভ্রান্ত রণকৌশল তৈরি করে দিতে।

**RICE পরম্পরা সপ্তাহ**

ছাত্র, শিক্ষক এবং সফল ছাত্র-ছাত্রীদের এই পরম্পরাই এনে দিয়েছে বিপুল সাফল্য। আর এই পরম্পরাকে এগিয়ে নিয়ে যেতেই RICE-এর প্রতিটি Centre উদ্‌যাপন করছে ৭-১৫ সেপ্টেম্বর পর্যন্ত পরম্পরা সপ্তাহ। তুমিও যদি এই পরম্পরায় সামিল হয়ে সফল কেরিয়ার গড়ে তুলতে চাও, তাহলে আজই যোগাযোগ করো RICE-এর **Toll free Phone No**-এ।

**এই বিশেষ উদ্যোগে থাকছে**

- WBCS, SSC CGL, Bank-PO, Rail-সহ অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি সংক্রান্ত বিশেষ আলোচনা।
- বিশেষজ্ঞ শিক্ষকদের তত্ত্বাবধানে ওয়ার্কশপ।
- সরকারি চাকরির পরীক্ষায় সফল রাইস-এর ছাত্রছাত্রীদের থেকে গাইডেন্স ও মোটিভেশন।

**২৯ আগস্ট প্রকাশিত WEST BENGAL POLICE SUB INSPECTOR / LADY SUB INSPECTOR নিয়োগে RICE-এর বিপুল সাফল্য।**

পরবর্তী সংখ্যায় RICE-এর আরও সফল ছাত্রছাত্রীর ছবি ও তথ্য প্রকাশ করা হবে...




**COURSES OFFERED : WBCS | General Combined** (Bank, Railway, PSC, LIC, Postal, SSC,WB / Kolkata Police etc.)

Call RICE Toll Free for any queries related to Courses & Admissions

**1800 419 7474**
(9.30 am - 6.30 pm)

or Call- 8336951814 | 8335008844

Follow us
- @ riceeducationindia
- For more details on RICE Group visit the page of Prof. Samit Ray @ samitrayricegroup

• হেড অফিস - বেলঘরিয়া, 'দিশারী হাউস' — ১১/১, বি টি রোড, রথতলা, (ডানলপের সন্নিকটে) বেলঘরিয়া, কলকাতা-৭০০০৫৬

• সিটি অফিস - শিয়ালদহ — A. K. Point Premises ৬৮বি, এ পি সি রায় রোড, কলকাতা-৯ টাকি হাউজ স্কুল এবং শিয়ালদহ ESI হসপিটালের বিপরীতে

**RICE Centres**
- বেহালা
- সোনারপুর
- বারাসাত
- হাওড়া ময়দান
- বর্ধমান
- আসানসোল
- দুর্গাপুর
- বহরমপুর
- খড়্গপুর
- মেদিনীপুর
- তমলুক-মানিকতলা
- শিলিগুড়ি
- মালদা
- কোচবিহার

**IAS / IPS** ▶▶ Demo on "IAS Talks by eminent UPSC expert on know how of Civil Service Examination" — 14th Sept 2019 at RICE SEALDAH, Free Registration ✆ 8336951816

বারাসাত - রাইস রেসিডেন্সিয়াল — RICE- এর একমাত্র আবাসিক প্রতিষ্ঠান — Adamas Knowledge City, Barasat-Barrackpore Road, Jagannathpur, Kolkata-700126 ✆ 8479918032

RICE-এর হেড অফিস এবং সিটি অফিসের বিশেষজ্ঞ শিক্ষকরাই জেলার RICE-এর বিভিন্ন Centre-এ ক্লাস নেন। হেড অফিস ও সিটি অফিস-এ কর্মরত পরীক্ষার্থীদের জন্য শনি ও রবিবার বিশেষ ক্লাসের ব্যবস্থা আছে। | রবিবারও রাইস-এর সমস্ত সেন্টার খোলা থাকে।


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com

Scanned by CamScanner